

টীকা চুং রি

অবধূত



ব্রহ্মসংস্কৃত প্রেস


১১৭, আমাচরণ দে স্ট্রীট, কলিকাতা ।

টপ্পা চুংরি

TAPPA THUNCRI
By. Abadhut
Rupees Seven only.

টীকা টুং রি

অবধূত



রসসিক প্রেস

২১এ, শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা ।

: প্রথম প্রকাশ :

সেপ্টেম্বর, ১৯৬১

: প্রকাশক :

শ্রীঅমলচন্দ্র সেন গুপ্ত

ক্লাসিক প্রেস

৩১এ, গ্রামাচরণ দে স্ট্রীট

কলিকাতা ।

: প্রচ্ছদ পট :

মণি মিত্র

• দুর্দাবাব •

শ্রীস্বনীনন্দ্রক পোদ্দার

ত্রিগোপাল প্রেস

১০১, বাজা দৌনেল্ল স্ট্রীট

কলিকাতা ।

সাত টাকা

ଆମାଏ ଏକମାତ୍ର ଭାଉଁ
ଶ୍ରୀମାନ ସୁନାମି କାନ୍ତି ମୁଖୋପାଧ୍ୟାୟ
କନ୍ୟାଳୀୟେଷୁ—

বন্ধুবর্গ শ্রীশান্তিবজ্র সেনগুপ্ত প্রচুর পবিত্র কলসেন
এই গ্রন্থ নিঃপ্রকাশ করিতে লাগিল। তার এই অস্বাভাবিক
সহায়তায় জগৎ আমি চিরস্থায়ী বইলাম।

—অবধূত

এই লেখকের অন্ত্যান্ত এই—

মকতীর্থে হিংলাজ
উদ্ধাবণপুবেৰ ঘাট
কলিতীর্থ কালীঘাট
অনাহত আছতি
নীলকণ্ঠ হিমালয়
হিংলাজেৰ পৰে
বশীকৰণ
ছাঁই বৌদি

ইত্যাদি—

গল্প লিখতে হোলে নাকি ছোটবেলা থেকে সাধনা করা দরকার। ভুম করে হঠাৎ কেউ লেখক হয়ে উঠতে পারে না। গল্প উপস্থাপন লিখে ঝারা নাম করেছেন তাঁরা। নাকি হাতেখড়ির দিন থেকেই জানতেন যে একদা তাঁরা সাহিত্যিক হবেন। জানতেন বলে আদা ছোলা খেয়ে ঐ হাতেখড়ির দিন থেকেই লেখক হবার জন্তে ডন বৈঠক শুরু করে দিয়েছিলেন।

কবে কোথায় কত বয়েসে গল্প লেখার সাধনা শুরু কবেছিলাম, এ প্রশ্নটি হামেশা শুনে থাকি। উঠতি বয়েসের ছেলেমেয়েরা বিশ্বাস কবতে চায় না যে কোনও কালে আমি স্বপ্নও দেখিনি গল্প লেখার। ঝাড়া ত্রিশটা বছর দেড়য়ারিস জীবন-যাপন করেছি, ঝুলি কাঁধে নিয়ে পথে পথে ঘুরে বেড়িয়েছি। বাগজ কলম পুঁথি-পত্রের সঙ্গে ভাঙুস ভাঙবউ সম্পর্কটা আমার সেই হাতে-খড়ির দিন থেকেই বজায় আছে। পথে পথে ঘুরে যাব দিন গুজবান হয়, সে কোথায় বসে গল্প লেখাব তালিম নেবে ?

তবে এ কথাটা যদি না মানি যে এস্তার জলজ্যান্ত গল্প দিনের পর দিন চোখে সামনে ঘটেতে দেখেছি, তাহলে নিশ্চয়ই আমার সেই ত্রিশ বছরের মুসান্নির সঙ্গে নিমকহারামি করা হবে। তেমনি নিমকহারামি করা হবে আমার পরমবন্ধু সহজিয়া রাইচাঁদ দাসের সঙ্গে, যে আমাকে চোখ মেলে জলজ্যান্ত গল্প দেখতে শিখিয়েছিল। রাইচাঁদ বলত—দেখ দেখ, ভাব হাটখানা চোখ মেলে দেখে নে। হাজাব হাজাব লাখ লাখ কোটি কোটি নায়ক, নায়িকা ; দিনের পর দিন অগুনতি গল্প ঘটে যাচ্ছে নাকের ডগায়। কি রগড় ! এখানে আজ যে গল্পটি ঘটল সেটিকে মনে গঁথে নিয়ে এগিয়ে চল। কাল

যেখানে পৌঁছব সেখানে আরও মজাদার আর একটি গল্প ঘটবার জন্তে মুখিয়ে বসে আছে। কালকের পর পরশু যেমন আসবেই তেমনি পরশু দিনের গল্প পরশু দিন ঘটবেই। যেখানে ঘটবে, ঠিক সময় সেখানে গিয়ে হাজির হওয়া চাই। আজ কাল পরশু এক একজন রাহী, আসছে আর চলে যাচ্ছে। আজ কাল পরশুদের সঙ্গে পা ফেলে চলতে থাক, জলজ্যান্ত গল্প দেখতে দেখতে মনটা উদাস উদাস হয়ে যাবে।

উদাস উদাস মন নিয়ে বন্ধুবর রাইচাঁদের কাঁধে হাত দিয়ে টহল দিতে দিতে গল্প দেখতে শিখি আমি, অকপটে এ কথাটা মানতেই হবে। দীনছনিয়ার মালিক ছিল রাইচাঁদ। অঙ্গে চার হাত লম্বা আর দেড় হাত চওড়া ছুটুকরো টেন ছাড়া আর কিছুই বহে বেড়াত না। আকাশ পানে আঙ্গুল উচিয়ে হাক ছাড়ত—রাধে রাধে ব্রজসুন্দরী। হাঁক ছেড়েই গান ধরত—শুধু মুখের কথায় হয় না, ব্রজগোপীর প্রেম না হোলে সে ধন মেলে না। সে মন কি তা বুঝিয়ে দিত নিজের বুক চাপড় মেরে—ঐ যে আকাশ-খানা, ওর মালিক কে জান? আমি আমি, এই আমি। ঐ আকাশের নিচে যা কিছু দেখছ সব আমার সম্পত্তি, আলো হাওয়া জল মাটি বিলকুল আমার। বসুন্ধরার বুকের ওপর দড়ি ফেলে বসুন্ধরাকে যারা মেপে নিজের জন্তে এক টুকরো আলাদা করে নিয়ে বাকীটার ওপর থেকে দাবী তুলে নেয়, তারা গাড়ল। আমি বাবা গাড়ল নই, নিজের হক ছাড়ছি না। ষোল আনা সবটাই আমার, এর আবার ভাগাভাগি মাপামাপি কি?

দীনছনিয়ার মালিক রাইচাঁদ হরদম টহল দিয়ে ফিরত তার ছনিয়া জোড়া জমিদারিতে। এক জায়গায় বসে থাকলে চলবে কেমন করে, জমিদারি যে পঞ্চভূতে লুটে খাবে।

নিকেতন যার নেই সে অনিকেত। অনিকেত হওয়ার মহিমা গীতায় আছে। ইংরেজীতে একটি বচন আছে যার বাঙলা হোল

গড়ানে পাথরের গায়ে শ্রাওলা ধরে না। ঢলতা পানি রমতা ফকির। জল যেমন বহে যায় ফকিরও তেমনি ঘুরে বেড়ায়। এক জায়গায় গেড়ে বসে থাকলে মনের গায়ে শ্রাওলা ধরে যাবে। ঘুরে বেড়াও গায়ে ফুঁ লাগিয়ে, ঝুট-ঝামেলায় মাথা গলিও না। যার প্রতিবেশী নেই সে সন্ন্যাসী। পরশুরামের বাবার আশ্রমের পাশে এক প্রতিবেশী গজিয়ে উঠল। প্রতিবেশীর রাজৈশ্বর্য দেখে পরশুরামের জননী ছঁশ হাবিয়ে ফেললেন। তাই পিতার আদেশে পরশুরামকে মাতৃহত্যা কবতে হোল। প্রতিবেশী থাকা যে কতখানি বিড়ম্বনা তাব প্রমাণ বেদ-পুরাণ কোবান ইত্যাদি ধর্মগ্রন্থে ভাল কবে দেওয়া আছে। ঐ বিড়ম্বনার হাত থেকে রেহাই পেতে চাও তো বাহী হও। বাহী যদি হোতে পার, যদি থেমে না যাও, বসে না পড়, গাঁহলে নিত্যা নতুন জলজ্যান্ত গল্প চোখের ওপর ঘটতে দেখবে। নয়ত সাদা কাগজের গায়ে কালো কালো মরা অক্ষর সাজানো সাত বাসটে মবা গল্প পড়ে ছুধেব সাধ ঘোলে মেটাতে হবে।

আজ আমি বসে পড়েছি। বসে পড়ার দারুণ সত্যিকারের জ্যান্ত গল্প পড়ার পাঠ একদম চুকে গেছে। আজ কাল পরশুরা আসছে আর চল যচ্ছে। আজ কাল পবনুদেব সাক্ষী বেখে কত জায়গায় কত গল্প ঘটে যাচ্ছে, আমি তাদের নাগাল পাচ্ছি না। এক জায়গায় আটকে গিয়ে মনে মনে টহল দিতে দিতে মনের মানুষ খুঁজে মরছি। সেই মনগড়া মনের মানুষদের মনরক্ষা করার গরজে খুব সাবধানে ঢেকেচুকে সাজিয়ে গুছিয়ে তাদের সঙ্গে আলাপ পরিচয় কবছি। তাবপর সেই মাল উগরে দিচ্ছি সাদা কাগজের ওপর। সে চিহ্ন এমনই সরেস যে নিজেই পাঠতে পারি না, ঠেলে বসি উঠে আসে। মড়া যে, সাত বাসটে মড়া, পচা হুর্গন্ধ ছড়াচ্ছে। মড়া ঘাঁটতে ঘাঁটতে মনটাই মরে গেছে। মরা মনকে তোয়াজ করার জন্যে সংস্কৃত শোক শোনাই।

তদামুক্তি র্দা চিত্তং ন বাঙ্কতি ন শোচতি ।

ন মুঞ্চতি ন গৃহ্ণতি ন হৃদ্যতি ন কুপ্যতি ॥

চিত্ত অর্থাৎ মন আৰু বুদ্ধি যখন বাসনা বৰে না, শোক কৰে না, ত্যাগ কৰে না, গ্ৰহণ কৰে না, পুলকিত হয় না, কুপিতও হয় না তখন সেই মন বুদ্ধিৰ মালিক মুক্ত পুৰুষ ।

একদম মিলে যাচ্ছে ।

আমাব-মন বুদ্ধি থেকে যাবা এখন জ্ঞাপাচ্ছে তাদেব কাছ থেকে আমি কিছুই চাই না, তাদেব জ্ঞে আমাব মন বুদ্ধিতে এতটুকু শোক দুঃখ নেই, তাদেব জ্ঞে কয়েকখানি সাদা কাগজ আৰু একটি কালি ছাড়া কিছুই আমি ত্যাগ কৰি না, নেনি কিছুই আমি গাই না তাদেব কাছ থেকে । তাদেব জ্ঞে আহাদে আটখানা হবাব বা বেগে কাঁই হবাব প্রস্তুই ৩৭৮ না । আমাব চেয়ে ভাল ভাবে আৰু বে জানবে যে একমাত্র আমাব মন-বুদ্ধিৰে পাড়া ছানযাব নোণাৎ তাদেব অস্তিত্ব নেই । যাদেব অস্তিত্বই নেই তাদেব জ্ঞে অস্তিত্ব কুপ্যতি হয় কোন নামছাগল । যাকে দিয়ে আমি খুন কৰাও বা বলাৎকাৰ কৰাব বলে ঠিকু কৰেছি মনে মনে, সে সঠিক সময় খুন বা বলাৎকাৰ কৰবেই । যাকে দিয়ে পৰেব জ্ঞে সবদ ত্যাগ কৰাব বলে মতলব ভেজে বেখেছি, সে হাড়হাবাতে ঠগ বা ছোচ্চদ হলেও শেষ পর্যন্ত বিশ্বমানবেৰ হিতার্থে জানটা পর্যন্ত ত্যাগ কৰে ফেলবে । ঠাণ্ডা মেজাজে ঠিকঠাক মতলবটি ভেজে গল্লেক চবম মুহূর্তে সাংঘাতিক একটি অপকৰ্ম বা পিলে চমকানো একটি সুকৰ্ম কৰে ফেলবেই আমাব মানস সন্তুন্নবা । বোগ শোক প্রেম ভক্তি ভালানাসা এ সব হচ্ছে বড়, নানা জাতৰ বড় ভাঁড় খুৰিতে সাজিয়ে নিয়ে বসে আছি আমি । যখন যে বঙটি যান মুখে খাপ খাবে তখন সেই বঙটি কাজে লাগাই । বেশ ফলাও কৰে মাখাতে পাবলেই হল, যা দেখে মানুষেৰ চোখ ঝলসে যাবে ।

এব পরেও কি কেউ বলতে সাহস করবে যে আমি মুক্তির
আস্বাদ পাইনি ?

তবে আপদ হচ্ছে ঐ প্রতিবেশীগুলো। বাসে পড়েছি বলে
কতকগুলো হাড়বজ্রাত পড়শী জুটতে এখন। কিছু না কিছু ঘটছেই
তাদের সংসারে, ফলে আমাদের মন-বুদ্ধির গায়ে খামকা জ্বালা ধরে
যাচ্ছে।

যেমন সেদিন ঘটল।

আমাব একটি অতি নিষীহ পড়শী বঘুদয়াল লাহিড়ীর বড়
মেয়েটি পরনেব নাইলন শাড়িখানা পাকিয়ে গলায় বেঁধে ঝুলে
পড়ল। পাড়াগুদ মাল্লুষ ভেঙে পড়ল লাহিড়ীদের দবজায়।
আমাকেও যেতে হল। না গিয়ে উপায় কি ! এখন তো আর রাহী
নই, বাত পোহালে যাদের সঙ্গে চোখাচোখি হবেই, তাদের একজনের
মেয়ে যদি গলায় দড়ি দিয়ে ঝুলে থাকে তাহলে সেখানে গিয়ে
কাঁমাঁচু মুখ কবে লাভাবেই হবে।

গিয়ে দেখি মহাসমাবোহে শোক আর সহানুভূতির তুফান
উঠেছে। হাউ-মাউ কবে কাঁদছেন বঘুদয়াল, বাড়ির ভেতর থেকে
এমন চিংকাব উঠছে যে পাড়ার কোনও ছাতে কাক চিল বসতে
পারছে না। পড়শীবা কেউ ওঁদব বুঝিয়ে শুজিয়ে ঠাণ্ডা করবার
চেষ্টা করছেন, কেউ বা হায হায করছেন কপালে হাত দিয়ে। জল
অনেকের চোখেই, সবাইয়ের মুখেই এক বুলি—কি সবনাশ হোল।
হ্যাঁ, তা সবনাশা কিছু হোল বৈকি ! একমাত্র রোজগেরে মেয়ে
বাপের সংসার ভাসিয়ে দিয়ে চলে গেল। মোটেব ওপব সে সময় সহৃদয়
প্রতিবেশীদের যা বলা উচিত যা করা উচিত যে ভাবে দীর্ঘশ্বাস ফেলা
উচিত যে জ্বাভের শোকাবহ দৃষ্টিতে তাকানো উচিত, সবাই তাই
নিষ্ঠাব সঙ্গে সম্পন্ন করছেন। বেশ একটি মর্মভেদী করুণ পরিবেশ
তৈরী হোয়ে, হুঁটিয়ে হুঁটিয়ে দেখে একটা যাকে বলে অনির্বচনীয়

ভৃষ্টি লাভ করলাম। মনে মনে গুছিয়ে রাখলাম টুকরো টুকরো দৃশ্যগুলো।' ভবিষ্যতে যদি কখনও এমন গল্প কাঁদি, যে গল্পে দেখাতে হবে সংসারের একমাত্র রোজগারে মেয়ে গলায় কাঁসি লাগিয়ে আত্মহত্যা করলে, তখন, এই সব মাল মশলা নিখুঁত ভাবে সাজিয়ে দোব। পড়ে পাঠক পাঠিকাদের বুক নিঙড়ে নিঃশ্বাস বেরিয়ে আসবে। রঘুদয়াল লাহিড়ীর কথ্যটি সত্যিকারের একটা উপকার করে গেল আমার। গলায় দড়ি দেওয়া ব্যাপারটা ঘটে গেলে পরিস্থিতিটা কি রকম দাঁড়ায় জানা হয়ে গেল। কিন্তু আসল দৃশ্যটা দেখা হলো না। বুলে পড়বার পর মেয়েটার মুখখানার অবস্থা কেমন হয়েছে দেখতে পারলে হত।

শান্ত্রে আছে হৃদিস্থীত হৃষীকেশ হচ্ছেন ভাবগ্রাহী জানাদন। প্রভুর কি মহিমা! ভক্তবাঞ্ছা কল্পতরু আমার হৃদয়ে বসেই আমাব বাসনাটুকু টেব পেয়ে গেলেন। সঙ্গে সঙ্গে পূবণ, দেরি হবার কি জো আছে। বাড়িব ভেতর থেকে হস্তদন্ত হয়ে বেবিলে এলেন রঘুদয়ালের বড় শালা বদনবাবু। ভক্তলোক সাহিত্যানসিক, আমার লেখার একজন উচুদরেব সম্বাদার।

“ভেতরে আসুন তো দাদা, একটা পরামর্শ আছে।”

পরামর্শ!

খুবই ঘাবড়ে গেলাম। যে কোনও ব্যাপারেই হোক ঐ পরামর্শ কাঁধটিকে প্রাণপণে এড়িয়ে চলি। পরামর্শ করতে গেলেই মতামত দিতে হয়। কিংবা মতামত নিতে হয়। দুনিয়ার সব থেকে বড় বড় সর্বনাশগুলো ঘটে গেছে ঐ মতামত দ্রবাটি দিতে গিয়ে বা নিতে গিয়ে। যদি মানুষ পরামর্শ করার সুযোগ না পেত তাহলে বড় বড় কুরুক্ষেত্র কাণ্ডগুলো পৃথিবীতে ঘটতে পেত না। ঘোড়দৌড়ের মাঠে গিয়ে আমাদের নবনীবাবু যদি অপনের পরামর্শ কানে না তুলতেন তাহলে সেদিন ও ভাবে হেরে ঢোল হয়ে ফিরতেন না। টিপ তাঁর জানা ছিল, সোজা একশ'খানা টিকিট সেই ঘোড়াটির ওপর

ধৰবেন বলেই সেদিন মাঠে গিয়েছিলেন, মাঝখান থেকে সব গুল্লেট কবে দিলে কালীঘাটেব নকুল চক্ৰোত্তি। পবামর্শ দিলে পাঁচ নম্বর বাজিতে সাত নম্বৰ ধববাব জন্তে। স্বয়ং সাক্ষাৎ ঘোড়াটিই নাকি নকুলেব কানে মুখ ঠেকিয়ে বলেছিল যে সেদিন সে জিতবেই। নবনীবাবু ঘোড়াব মুখেব টিপ শুনে এক’শ খানা টিকিটই সেই ঘোড়াব খুবে অঞ্জলি দিয়ে চুল ছিঁডতে ছিঁডতে ঘবে ফিবলেন। যে টিপটি তাব জানা ছিল সেই ঘোড়াই সটান জিতে গেল।

যাক গে, বদনবাবব আত্মান এডিয়ে যেতে পাবলাম না। আপদে বিপদে পড়লে পবামর্শ কববেই মানুষ। নিজের ভাগনী গলফ দাঁড় দিয়ে বুলে পড়েছে এ হেন বিপদে মামা হয়ে বদনবাব পবামর্শ কববেন না কেন। কখন পবামর্শ, মতামত না দিলেই হোল।

“হাস্তন আমায় সঙ্গে। বাবু’ঘবব পাশে ঘুটে কয়লা বাখবাব ছোট্ট একট ঘন হাচ্ছ। সেই ঘন এ কম কবেছে বুলু। বাড়িখানা জঘন্য, কোন বাবল খানানা হযেছে কে জানে। বড়ি ববগা দেওয়া ছাত আছে কোথাও আজ কাল ? যত সব—”

বদনবাবব সৰ কথা শুনে পেলাম না। প্রচণ্ড বিক্ৰমে কান্নাকাটি কবছেন মেয়ে। প্রচণ্ড বিক্ৰমে তাবদেব স’হুনা দেওয়ার চেষ্টা ব’ল হ’চ্ছে। এক একম চোখ কান বন্ধ কবেই বদনবাবুব পিছু পিছু এগিয়ে গেলাম। ঘুটে কয়লা বাখবাব ঘবখানা অন্ধকাব, দরজাৰ সামনে পৌঁচে ওখমে কিছু দেখাট গেল না। বদনবাবু বললেন—
“এ দেখন বুলে। এখান থেকেই দেখন, ভেতবে পা দেবেন না।”

একটা অম্পষ্ট আওয়াজ বেবিযে পড়ল থামাব মুখ থেকে। নৈৰ্বজিকতাৰ খোসগাটা উপ ব’বে প’স পড়ল। প্রায় চিংকান কবে উঠলাম—“সে কি। এখনও নামান হযনি।”

“পাগল হযেছেন।” বদনবাবু আমাকে ধমকে উঠলেন—
“মুইসাইড্ কেস, সাংঘাতিক ব্যাপাব। এ ঘবে ঢুকলেই সৰ্বনাশ।

যেমন আছে থাকুক, যাঁরা নামাবার তাঁরা আসুন, তাঁরাই নামাবেন। এমনিতেই দেখবেন কি ব্যাসাদে পড়তে হবে বাড়ির লোকদেব। কতারা এসে জেবা কবে কবে পেটের নাড়ীভূঁড়ি টেনে বার করে ছাড়বেন। বাঘে ছুঁলে আঠার ঘা দাদা, জানেন না তো কিছু। ঐ ঘবে কারও পায়ের দাগ পড়লে কি আব বন্ধে আছে। বলে বসলেই হলো, মেবে টাঙিয়ে রাখা হয়েছে।”

বোকা বনে গেলাম। গলায় দড়ি দিলে কি কবা উচিৎ সে সম্বন্ধে সত্যিই আমাব কোনও জ্ঞান নেই। আত্মীয়স্বজন বন্ধুবান্ধব চেনা জানা কত লোকই আছে, কস্মিনকালে তাদের ভেতর কেউ গলায় দড়ি দেয়নি। তাই গলায় দড়ি দেওয়া ব্যাপারটা সম্বন্ধে কোনও অভিজ্ঞতাই নেই আমাব। বুঝতে পারলাম, গলায় দড়ি দিলে দড়ি বেটে নামানো কমাটের মত অপকম আব এফটিও নেই। ধৈর্য ধবে অপেক্ষা করতে হবে। যাঁরা নামাবার তাঁরা আসবেন, তবে সেই ঝুলন্ত জীবটি নামতে পারবে।

মেজাজটা খিচড়ে গেল। কি আপদ দেখ! ঝুলন্ত নামনে করছে কি! ঝুলন্ত মেয়েটি খুবই ঠাণ্ডা মেয়ে। দিন পনবো আগে এসেছিল আমাব কাছে। ওদের অফিসর্রাবে খিয়েটাব দেখতে যেতেই হবে। ছুঁখানা কার্ড গছিয়ে গেল।

বদনবাব বললেন—“তাঁহাতাড়ি ঠিক কবে ফেলতে হবে আমাদের ষ্টেটমেন্টটা। এক রকম হওয়া চাই। এ এক বকম বলছে ও আব এক রকম বলছে আর একজন বলছে আর এক বকম, এই ভাবে যদি ষ্টেটমেন্ট দেওয়া হয় তাহলেই চিঙির। কি ভাবে বললে সাপও মববে লাঠিও ভাঙবে না, ঠিক কবে ফেলুন দেখি। আপনি যা ঠিক কবে দেবেন সেইটেই আমি শিখিয়ে দিচ্ছি সবাইকে। সবাইকে মানে এবা চাবজন। দিদি জামাইবাবু কনু আব কুন্তল। আমি বাইরের লোক, আমাকে কোনও ষ্টেটমেন্ট দিতে হবে না। ওদের নিয়েই ভয়, ওঁলট পালট করলে সব মাটি—”

বাধা দিয়ে বললাম—“এর আবার ঠিক করাকরি কি। যা সত্যি তাই বলতে হবে। বুলু যে গলায় দড়ি দিয়েছে এটা তো আর মিথ্যে নয়।”

“না না, গলায় দড়ি দেওয়া নিয়ে তো কোনও প্রশ্নই উঠবে না। তাঁরা এসে চাক্ষুষ দেখবেন এখনও বুলুছে। বিষ খাইয়ে মেরে টাঙিয়ে রেখেছে বা গলা টিপে মেরে টাঙিয়ে বেখেছে এই সব প্রশ্ন উঠতে পারে। এ জন্তে পোস্টমর্টেম এগজামিন কববেই। প্রশ্নটা হোল গলায় দড়ি দিতে গেল কেন? আঙবুড়ো মেয়ে, দিবি চাকরি করছিল, মাস গেলে সাড়ে চাঃশো পাঁচ শো টাকা ঘরে আনত, সে মেয়ে হঠাৎ এ কাজটা কবতে গেল কেন? এই ব্যাপারটা নিয়েই টানা হেচড়া করবে কিনা। এব কি ভাব দেওয়া যায়?”

জবাবটা আমার মুখ থেকে শোনবার জন্যে বদনবাবু চোখ পাকিয়ে তাকিয়ে বইলেন।

মাথা চুনপতে লাগলাম। বাগ হয়ে গেল বুলুব ওপব। গুপ্তি সন্দেহকে ভ্যানা বিপদে ফেলে গেল তো মেয়েটা!

বদনবাবু পবম বিজ্ঞের মত মাথা দোলাতে দোলাতে বললেন—“পারলেন না তো। আরে দাদা, বানিয়ে গল্প লিখতে পারেন আর একটা সোজা স্টেইমেন্ট গাভা কবতে পারলেন না? শুনুন তাহলে কি আমি শিগিয়ে দিয়েছি এদেব। জানেন তো আত্মহত্যা করাটা এক পবনের পাগলামি? ঠিক ঐ পয়েন্টেই বাজিমাত করতে হবে। দিদি জামাঙবাবু রুগ্ন কুস্থল সবাই বলবে, রাত্রে একদম ঘুমতে পারত না বুলু, ঘুমলেই স্বপ্ন দেখে চেঁচিয়ে উঠত! অনেকবার দাঁতে দাঁত লেগে যায়। চোখে মুখে জলের ঝাপটা দিতে দিতে হাঁশ হয়। কাল অফিস থেকে বোরিয়ে সিনেমায গিয়েছিল। বাড়ি এসে বলে ভয়ানক মাথা ধবেছে। বুলু রুগ্ন ছ’বোন এক ঘরে শোয়। অনেক রাত পর্যন্ত পড়াশুনা কবে রুগ্ন যখন শুতে যায় তখন বুলু ঘুমিয়ে পড়েছে। রুগ্নও ঘুমিয়ে পড়ে। সকালে উঠে দেখে—”

বাধা দিয়ে জিজ্ঞাসা কবলাম—“বুঝু সিনেমা দেখতে গিয়েছিল জানা গেল কি ক’ব ?”

“প্রমাণ আছে, ওব ব্যাগে ছোটো সিনেমাব টিকিট পাওয়া গেছে।”

“টিকিট ছ’খানা কেন ? আৰ একজন কে ?”

“তা আমবা জানব কেমন ক’ব। নিশ্চয়ই একজন বন্ধু সঙ্গে ছিল।”

আব কিছু জিজ্ঞাসা ক’বাব সময় পেলাম না। যাঁবা আসবাব তাঁবা এসে গেলেন। হাঁপ ছেঁড় বাঁচলাম। বুঝু বুলন্ত অবস্থা থেকে পৰিত্ৰাণ পেল।

মনে মনে ঠিক ক’ব ফেললাম, কোনও কাৰণেই আমাব গল উপস্থাসেব কোনও চৰিত্ৰকে গলায় ফাঁস দিয়ে মৰতে দেব না। মৰতে হয় বিছানায় শুয়ে মৰবে, গাডি চাপা পড়ে মৰ’ব, ছাদ থেকে ঝাঁপ দিয়া মৰবে। মৰবাৰ জন্তো শত শত পন্থা খোলা থাকতে ওভাবে বুলতে বুলতে তুলতে তুলতে মৰবে কেন ? কি বিস্তী কাণ্ড। মৰবাৰ পৰেও বুলে থাকন্তে হবে, কাছাকাছি কেউ পৌছতে পাববে না, দডি কেটে নামাতে পাববে না। গেবো আব কাকে বাল।

আমাব পডশী বঘুদয়াল বাব্ব কন্যাটি গলায় ফাঁসি লাগিয়ে আত্মহত্যা কবলে। বঘুদয়াল যদি আমাব পডশী না হতেন, তাঁব কন্যা বুঝুকে যদি আমি না চিনতাম, তাহলে ব্যাপাবটা ওখানেই চুকে যেত। কিন্তু না যে হবাব নয়, আমি গেছি থেমে, আজ ক ল পবন্তব সঙ্গে পা মিলিয়ে হাঁটছি না। তাই বুলন্ত গলাব ফাসে আমিও জড়িয়ে গেলাম। ওভাবে সহজিয়া বাইচাঁদ দাসেব বিশ্বজোড়া জমিদাৰিতে কত গুই না ঘটে লাগল। কে বা দেখে কে বা শোনে, একটা পূবনো পচা গল্পেব ফেবে পড়ে আমি নাকানি-চোশনি খেতে লাগলাম।

সিধু মল্লিক ছোকবাটিকে খুবই পছন্দ করি আমি। পছন্দ করি
ওব গুণের জন্তে। বছর সাতাশ আটাশ বয়েস হবে সিধুর, কিন্তু
এই বয়েসেই ও ছুনিয়াটাকে চিনে ফেলেছে! কোথাও কিছু ঘটলে
সিধু একদম বিচলিত হয় না। কচিং মস্তব্য প্রকাশ কবে। বক্তব্যটি
এমনই মোক্ষম যে তাবপব আর কেউ বা কাড়তে পাবে না। সে
বছর ভয়ানক চোবের উপদ্রব হোল পাড়ায। আজ এ বাড়িতে চুবি
হচ্ছে, কাল সে বাড়িতে হচ্ছে, ফি বাতে একটা না একটা বাড়িতে
চুবি হচ্ছেই। জ্বালাতন কবে ছাড়লে চোবেণ। ঘটি বাটি বাদ
দিয়ে সবাই কলাপাতায় ভাত খেতে লাগল। জলখাবার জন্তে কলাই
কবা গেলাস কিনে আনলে। পেঁপে কাসাঁব বাসন বলতে অনেক
বাড়িতেই কিছু বহল না। পেঁপে কাসা ব্যবহার কবলে আর বন্ধে
নেই, চোব পড়বেই।

নায়েজহাল হোয়ে আমবা দিল কবলাম পাহারা দিতে হবে। আর
জি পার্টি ৩৩বী হোয়ে গেল পাহারা দেখা শুক হোল! যখা
পূৰ্ব তথা পবং, চোবেণা তাদেব কাববাং আরও ফাঁপিয়ে তুললে।
নিচ্ছিল বাসন-কোসন, এবাব বাক্স পাটনা নিয়ে ভাঙতে শুরু কবলে।
তাবপব একদিন সিধু মল্লিকের বাড়িতে চুবি হোল। সিধু থানায়
গেল না, হৈচৈ কবলে না, বাড়ি বাড়ি ঘুরে খোজ কবে বেড়াতে লাগল
কারও কলেবা হোয়েছে কিনা। সন্ধ্যা নাগাদ খবর পাওয়া গেল
যশীতলাব পঙ্কজবাবুব বাড়িতে তার চাকরের ভেদবমি শুক হোয়েছে।
পঙ্কজবাবু তাকে হাসপাতালে পাঠাবার ব্যবস্থা কবছেন।

বন্ধুবান্ধব নিয়ে ছুটে গেল সিধু পঙ্কজবাবুব কাছে। বললে, তার
কাছে অত্যশ্চর্য এক বডি আছে, একটা খাওয়ালেই কগী সেবে
যাবে। মাত্র আধ ঘণ্টার মধ্যে যদি ভেদবমি বন্ধ না হয় তাহলে
পাঠান ওকে হাসপাতালে। মাত্র আধ ঘণ্টা সময় দিন।

পঙ্কজবাবু বাজী হোলেন। বডি একটি খাওয়ানো হল। মিনিট
পাঁচেকের মধ্যে খিঁচুনি বন্ধ হল, সমানে ওয়াক ওয়াক করছিল

লোকটি, তাও গেল ঘুচে। আগুনে জল পড়ল যেন, লোকটি ঘুমিয়ে পড়ল। সাক্ষাৎ-ধ্বস্তরি। সিধু গোটা চারেক কচি ডাব খাওয়াতে বলে চলে এল। ছ'জন বন্ধুকে কিন্তু বসিয়ে রেখে এল রুগীর পাশে, সারারাত পাহারা দেবে। বলা তো যায় না, আবার যদি কোনও উপসর্গ দেখা দেয়।

রাত দশটায় সুখাংশুবাবুর বাড়ি থেকে ডাক এল। তাঁরও চাকর হরদম বমি করছে আর পায়খানায় যাচ্ছে। ছুটল সিধু তার সেই বাড়ি নিয়ে। সে রুগীটিকেও সামলালে। তারপর রাত দুটোয় জেলেপাড়া থেকে বুড়ো হরিহর জেলে কয়েকজন মুরুব্বীকে নিয়ে উপস্থিত হলো। 'ওদের পাড়ায় তিন বাড়িতে মা ওলাবিবি কুপা করেছেন। সিধুবাবু যদি—

সিধুবাবু যাবার জন্তে তৈরী, কিন্তু যাবার আগে যে একটু পরামর্শ করা দরকার। সেই বাড়ি তিনটেয় থাকে কারা। তারাও কি জেলে? হরিহর কি চেনে তাদের? কেমন মানুষ তারা? করে কি?

হরিহর জেলে পাড়ার মুরুব্বী, সঙ্গে এনেছে আরও কয়েকজন মুরুব্বীকে। সবাই একটু লজ্জা পেল যেন। তারপর অবশ্য লজ্জা পাবার কারণটি হরিহরই ব্যক্ত করলে। যে সব বাড়িতে মা ওলাবিবি কুপা করেছেন সেই বাড়ি গুলোর জন্তেই জেলেপাড়ার বদনাম। কয়েকজন যি থাকে সেই বাড়ি গুলোতে। দিনের বেলা তারা চাকরি করতে যায়, সন্ধ্যার পর রঙ মেখে দরজায় দাঁড়ায়। এপাড়ার ওপাড়ার বাবুদের বাড়ির চাকররা জোটে সেখানে, অনেক রাত পর্যন্ত আমোদ আহ্লাদ চলে। অনেকবার চেষ্টা করেছে জেলেরা ঐ সব ইল্লুতে কাণ্ড বন্ধ করতে, পারেনি। বাড়ি তিনখানা জগবন্ধু কাঁসারীর সম্পত্তি। কাঁসারীর পয়সার জোর আছে, থানাওয়ালারা কাঁসারীকে খাতির করে। তা সে মরুক গে যাক, কিন্তু এখন তো ওদের বাঁচান চাই। বুড়ো হরিহরের পায়ে পড়েছে তারা। কথা দিয়েছে, এ যাত্রা সন্দেশে পোলে পাড়া ছেড়ে পালাবে।

বাড়িওয়ালা জগবন্ধু কাঁসারীর কাছে যাক না কেন। জগবন্ধুর যখন পয়সার অভাব নেই তখন সে ভাড়াটেদেব বাঁচাবার জন্তে বড় বড় ডাক্তার ডাকতে পারে। সিধু সাক্ষ্য জবাব দিয়ে দিলে।

গিয়েছিল। কাঁসাঝীকে পায়নি। মাল কেনবার জন্তে খাগড়ায় গেছে জগবন্ধু, কবে ফিরবে কেউ বলতে পারলে না। আসল কথা গা ঢাকা দিয়েছে ঘুঘু। চোরাই মাল কিনে বেচে বড় মানুষ হোয়েছে তো বাটা।

সব শুনে সিধু চুপি চুপি অনেক কথা মুকুব্বীদের বললে। ওরা ফিরে গেল। পরদিন জেলেপাড়া ছেলেরা রাশি বাশি পেতল কাঁসার বাসন এনে সিধুর কাছে জমা দিলে। পাড়ামুদ্র মানুষ আমবা নিজেদেব জিনিষ চিনে বেছে নিয়ে এলাম। যে বাসনগুলো পাওয়া গেল না সেগুলোব বদলে জগবন্ধু কাঁসারী নতুন বাসন দিলে। চোবের হাঙ্গামা শেষ হোণ।

সেই থেকে সবাই সিধুকে সমীহ করে চলে। কারও বাড়িতে কিছু হোলে সিধুকে ডেকে পবামর্শ করে। সহজে মুখ ফাঁক করে না সিধু, যখন করে তখন এমন কিছু বেরয় তাব মুখ থেকে যার ওপর বা কাড়বাব জে নেই। তবে তাকে পাকড়ানোই মুশকিল। ওর বাবার মস্ত বড় হডাল সাপ্লাইয়ের ব্যবসা। সিধুবা তিন ভাই হরদম রুরকেলা ভিলাই জামসেদপুর ছুর্গাপুং চমে বেড়াচ্ছে। ঝুহু যেদিন গলায় দড়ি দিলে সিধু সেদিন জামসেদপুরে ছিল। দিন পাঁচেক পরে ফিরে এল। ওঁদেব বাড়িতে বলে বেথেছিলাম, ফিরে এসেই সিধু যেন আমার সঙ্গে দেখা করে। দেখা করতে এল। ঘবে পা দিয়েই বললে—“কুন্তলকে চেনেন তো। পরশু থেকে কুন্তলকে খুঁজে পাওয়া যাচ্ছে না। ওব বাব'মা পাগলের মত হয়ে গেছেন। মেয়ে মল ছেলে নিখোঁজ হয়ে গেল। বিপদ দেখুন।”

বাক্রোধ হয়ে গেল, ফ্যালফ্যাল করে ডাকিয়ে রইলাম ওর মুখ পানে। কি জন্যে আসতে বলেছিলাম তাও ভুলে গেলাম।

“বলুন কি কবতে হবে, ডেকেছিলেন কেন ? কুস্তলটাকে খুঁজে বাব করতে হবে। আমার বাবাব কাছে কুস্তলের বাবা এসেছিলেন। আমি আসতেই বাবাব হুকুম হল, ছেলেটাকে খুঁজে নিয়ে আয়। কোথায় খুঁজব ? গরু তো নয় যে কেউ ধরে খোঁয়াড়ে দিয়েছে, খোঁয়াড়ে খোঁয়াড়ে খুঁজে ছাড়িয়ে নিয়ে আসব। আচ্ছা ফাঁসাদে পড়লাম দেখছি।” বলে সিধু আমার চৌকির কোনে বসে পড়ল।

“তাহলে কি হবে সিধু ?” চেষ্টা করে ঐটুকুই আমি বলতে পারলাম কোনও বকমে।

সিধু একটা তাকিয়া টেনে নিয়ে আড হয়ে পড়ে বলল—“কি আবাব হবে, খুঁজব। খুঁজতে শুরু কবলে একটা না একটা উপায় বেকবেই। ওর দাঁড় মত ফস কবে যদি গলায় দড়ি না দেয় তা হলে একদিন ঠিক খুঁজে পাবই। কি হ হলটা কি ওদেব তাই ভাবছি। কোথাও বিচ্ছ নেই বন্ধ হঠাৎ গলায় দড়ি দিতে গেল কেন ?”

ওব মুখেব কথাটা কেড়ে নিয়ে বললাম —“ঠিক ঐ জন্যই আমি তোমাকে দেখা কবতে বলেছি। সেদিন থেকে ভেবে ভেবে আমার ঘুম হচ্ছে না। হঠাৎ বঘুদয়াল বাবুব মেয়েটি ওভাবে আত্মহত্যা কবলে কেন ? উঃ, সে যা অবস্থা ! কুলছে মেয়েটা কড়িকাঠে, ঘবে ঢুকে কেউ দড়ি কেটে নামাতে পর্যন্ত পাবছে না। যাঁরা আসবার তাঁরা এলেন তবে লাশ নামল। কেউ গলায় দড়ি দিলে তাকে নামাতে নেই এটা জানতাম না আমি। ভাগ্যে বদনবাবু এসে পড়েছিলেন। তিনিই সব সামলালেন। এমন গুহিয়ে স্টেটমেন্ট দেওয়ালেন সবাইকে দিয়ে যে সব দিক রক্ষে হোল। উণ্টোপাল্টা কথা বললে জেরা কবতে কবতে কতারা ওদেব পেটের নাড়ীভুঁড়ি পর্যন্ত টেনে বাব করে ছাড়তেন। যাক, মড়াব ওপব গাঁড়ার ঘা আর পড়তে পেল না।”

সিধুও তারিফ কবল বদনবাবুকে। “ভদ্রলোকের বুদ্ধি আছে

বলতেই হবে। তবে একটু কাঁচা কাজ হয়ে গেছে।* ছুঁখানা সিনেমার টিকিট পাওয়া গেছে বুল্লুর ব্যাগ থেকে। এটা না বলে একখানা টিকিটের কথা বললেই হত। ছুঁখানা টিকিট বলার দরুণ আব একজন পড়ে গেল হাঙ্গামায়। সে বেচারাকে নিয়ে এখন কর্তাবা টানাহেঁচড়া কববেন।”

“সে আবার কে!” আকাশ থেকে পড়লাম আমি।

সিধু বলল—“একজন কেউ হবেই। টিকিট যখন ছুঁখানা ছিল তখন আর একজন নিশ্চয় বুল্লুর সঙ্গে সিনেমা দেখতে গিয়েছিল। নিশ্চয় তাকে এতদিনে খুঁজে পাব করে কেলেছেন কর্তারা।”

হঠাৎ আমার খেয়াল হল, বদনবাব যে স্টেটমেন্টটা দিয়েছিলেন সেটাতে কি ছিল তা সিধু জানল কেমন করে। আমি তো সিনেমা টিকিটের কথা ওকে বলিনি। জিজ্ঞাসা কবলাম—“বদনবাবু যে স্টেটমেন্ট দিয়েছিলেন সেটা কি তুমি ইতিমধ্যেই দেখেছ নাকি?”

“না, দেখব কেমন করে, শুনেছি।” বলতে বলতে সিধু সোজা হয়ে উঠে বসল। ঘড়ির দিকে তাকিয়ে ভাড়া দিল আমাকে—“চলুন, বেড়িয়ে আসি গে। সন্ধ্যা হয়ে এল। ফি করে যে সারাদিন চুপচাপ বসে থাকেন ঘরের মধ্যে, বাস্তায় বাস্তায় ঘুবলে কত কি মজার ব্যাপার দেখা যায়।”

তা যায়। এতদিন আমি রাস্তায় ঘুরে শ্রেফ মজা দেখেই বেড়াতাম। আজও আমার বন্ধু রাইচাদ দাস ঐ কর্মই হয়ত করে বেড়াচ্ছে। আটকে গেছি আমি, গায়ে শ্যাওলা ধরছে। পড়শীর মেয়ে বুল্লু গলায় দড়ি দিয়ে এমনই প্যাঁচে ফেলে গেছে যে নাভিখাস ওঠাব উপক্রম। ডেকে পাঠলাম সিধুকে। ও এসে আর এক শুভ সমাচার শোনালে। বম্বুদয়ালবাবুর একমাত্র ছেলে কুন্তলও নিরুদ্দেশ হয়ে গেল। কি ব্যাপার রে বাবা! ওদের গুপ্তিসূত্র সবায়ের মাথা খারাপ হয়ে গেল নাকি।

কুন্তলেব কথাটাই আবাব তুললাম—“তা হলে কুন্তলকে’ খোঁজ-
বাব কি ব্যবস্থা কবছ সিধু ?”

সিধু বলল—“চলুন না, ঘুবতে ঘুবতে সেই মতলবই কবব। ঘাব
বসে থাকলে কি কুন্তলকে খোঁজা হবে ?”

আব কিছু বললাম না। জামাটা গলিয়ে নিয়ে বেবিযে পড়লাম।
সিধুকে আমি ভয়ানক বিশ্বাস কবি। উপায় এবটা ও ঠাওবেহে
নিশ্চয়ই। চোব আসবে বলে বোতল পাঁচ সাত খেনো মদ কিনে
এনে তাতে উৎকট জোলাপেব ওষধ মিশিয়ে যে ঘবে বাখে, তাব
অসাধ্য বর্ম নেই।

পথে গা দিয়েই সিব বলল—“এবটা ট্যাক্সি নেওয়া যাক।
তাড়াতাড়ি অফিস পাডায় পৌছাত হাব। দেবি হলে সব অফিসেব
ছটি হসে যাব।”

আব একটু হলেই বলে ফোনাচিৎসম, অফিস পাডায় যেতে হ
কেন। খুব সামলে গেলাম। চলব বেখানে খুশি, আমাব বস্ত
সঙ্গে থাবা, মূখ বুজে সঙ্গে থাবল।

ষাত্রাটা শুভক্ষণে হয়ছিল, মিনিট দশেবব ভেওব টার্মি পোবে
গেলাম। আব মিনিট দশক পবে ট্যাক্সি ছেড়ে দিয়ে সিধু বলল—
“চুপ কবে দাঁড়িয়ে থাবুন এই থামটাব পাশে। ঐ বাড়িতে আমি
একজনেব সঙ্গে দেখা কবাত যাব। খুব সম্ভব সে এখনও বেবখান।
যদি তাকে পাই সঙ্গে নিয়ে আসব। যদি দেখেন আমি কাবও
সঙ্গে কথা বলতে বলতে বেবিযে আসছি আপনি খানিক তফাতে থেকে
আমাদেব পিছু পিছু আসবেন। খানিকটা গিয়েই আমি তাকে
ছেড়ে দিয়ে চলে যাব। আপনি তখন তাব পিছু পিছু যাবেন। খুব
সম্ভব সে একটা দোকানে বসে কিছু খেয নেবে। খেযে নিয়ে
কোথায় যায় কাব সঙ্গে দেখা কবে আপনি দেখে আসবেন। খুবই
সোজা ব্যাপাব। আপনাকে সে চেনে না, সন্দেহও কবতে পাববে
না। কেমন, ব্যাপাবটা ঠিক বুঝতে পেবেছেন তো ?”

ষাড় নাড়লাম। অর্থাৎ জলের মত সব বুখে ফেলেছি। এই
বয়সে গোয়েন্দাগিরি করতে হবে। কপালের লেখন খণ্ডাবে কে।
অনিকেত না হওয়া যে কত বড় ঝকমারি বোঝ এবার।

দাঁড়িয়ে দাঁড়িয়ে ভাবছি কাকে সঙ্গে নিয়ে সিধু আসবে। লোকটি
গুণ্ডা হোতে পাবে, খুনে হওয়াও বিচিত্র নয়। একটা খুনে বা গুণ্ডার
পিছু নেওয়া চাটুখানি কথা নয়। শেষ পর্যন্ত হয়তো ধরা পড়ে
যাব। তার ফলে কপালে কি ঘটবে তাই বা কে জানে। বাড়িতে
বিছানায় শুয়ে গোয়েন্দা কাহিনী পড়া এক কথা। বাস্তবায়নে
আসল খুনে বা গুণ্ডার পিছু নেওয়াটা ঠিক আরাম কবে গোয়েন্দা
কাহিনী পড়ার মত বাপাব নয়। তবে এটাও ঠিক যে সিধুকে
বিশ্বাস করা যায়। সত্যিকারের কোনও নিপদেব ঝুঁকি থাকলে
সিধু নিশ্চয়ই আমাকে একাজে লাগাত না। তা'ছাড়া এ অবস্থায়
পারব না বলে শিড়িয়ে পড়াটা একেবারে অসম্ভব। ভাববে কি
সিধু! লেখক বলে আমাকে সেটুকু ভক্তি প্রদ্বা কবে সেটুকু বজায়
রাখতে হোলে গোয়েন্দাগিরি করতেই হবে। লোকেব কাছে মুখ
দেখাতে হবে তো।

লোকেব কাছে মুখ দেখাবার দায়ে পড়ে লাইট পোষ্টেব আড়ালে
মুখ লুকিয়ে সেই আকাশ-ঢোয়া অফিস বাড়িটার প্রকাণ্ড দরজার
পানে নজর রেখে দাঁড়িয়ে বইলাম। গলগল কবে মানুষ বেরুচ্ছে।
বিরিট এক বাক্সের ইঁা'য়েব ভেতর থেকে ঝলকে ঝলকে জ্যাস্ত
মানুষ বমি হোয়ে পড়ছে যেন। ভয়াবহ দৃশ্য, স্ত্রী পুরুষ মোটা বেঁটে
লম্বা বোকা অশ্লীল জীব গিলে ফেলেছিল বাক্সটা, হজম করতে
পারেনি, উগরে দিচ্ছে। ঠিক বলতে পারব না কতক্ষণ ঐ ভয়াবহ
দৃশ্য দেখছিলাম। ক্রমেই বমির বেগ কমতে লাগল। শেষে দেখা
গেল হুঁজন চাবজন আধবুড়ো মানুষ খীবেশুস্বে বেবিয়ে আসছে।
তারপর দেখতে পেলাম সিধুকে। সঙ্গে সঙ্গে একেবারে আকাশ

থেকে আছড়ে পড়লাম শান বাঁধানো ফুটপাতের ওপর। হরি হরি, ও কার সঙ্গে বেরিয়ে আসছে সিধু!

খুনে গুঁগু দূরে থাক, একটি ছাপোষা বাঙালী ভদ্রলোক হোলেও বা কথা ছিল। শেষপর্যন্ত এই বয়েসে পিছু নিতে হবে একটি পঁচিশ ছাব্বিশ বছর বয়েসের মহিলার! কেউ যদি টের পায় তা'হলে ভাববে কী! ভীমরতি ধরেছে মনে করে—

কে কি মনে করবে ভাববার ফুরসত পেলাম না। হাঁটা শুরু করে দিলাম। মহিলাটির গা ঘেঁষে তাঁর কানের কাছে মুখ নামিয়ে কি যেন বলছে সিধু, বলতে বলতেই পথ চলছে। মহিলাটির মুখ দেখে মনে হোল উনি যেন খুবই মনমরা হয়ে পড়েছেন। হঠাৎ সিধু ছিটকে পড়ল রাস্তার ওপর, সঙ্গে সঙ্গে একটা চলন্ত বাসের হ্যাণ্ডেল ধরে ঝুলতে ঝুলতে আশ মিনিটের মধ্যে উধাও হয়ে গেল। তখন আর আমি কোনও দিকে নজর দিতে পারি না, যার ওপর নজর রাখবার ভার নিয়েছি তিনি যদি ভিড়ের মধ্যে হারিয়ে যান তা'হলেই চিত্তির। তাড়াতাড়ি পা চালিয়ে সামনের কয়েক সার লোক ভেদ করে মহিলাটির ঠিক পিছনের সারিতে ঠাঁই নিলাম। নিশ্চিন্ত, এক হাত সামনে থেকে নিশ্চয়ই উনি অদৃশ্য হতে পারবেন না।

এতক্ষণে মহিলাটির বয়েস ইত্যাদি নিয়ে মাথা ঘামাবার সময় পেলাম। বয়েস আন্দাজ করার বিপদ আছে। মহিলাদের বয়েস তিন পর্দায় বাঁধা থাকে। যেদিন কোনও মহিলা ফ্রক ছেড়ে শাড়ি পরা শুরু করেন, সেদিন তিনি ষোল টপকে সতেরোয় পা দেন। তারপর দশ পনেরো বিশ যত বছর পরেই হোক, যেদিন তিনি সিঁথিতে সিঁছর পরা শুরু করেন, সেদিন থেকে চব্বিশ পার হয়ে পঁচিশে পা দেন। পঁচিশে পা দিয়ে চলতে চলতে চল্লিশে পৌঁছতে কারও পনেরো বছর লাগে কারো লাগে আরও পঁচিশ বছর। স্মরণে তিনশ' পয়ষটি দিনের বছর হিসেবে কোনও মহিলার বয়েসের হিসেব

করা যায় না। তবে কত বছর বয়েসে কলকাতা সহরের মহিলারা মহিলা হয়ে ওঠেন তা' আমি জানি। বাসে বা ট্রামে চার বছরের খুকী মহিলাসনে বসে থাকলেও তার পাশে বসবার উপায় নেই। লেডিজ হায়।

আমি থাকে অনুসরণ করছি তিনি যে পঁচিশ পার হন নি, সে সম্বন্ধে আমার সন্দেহ রইল না। আমার ছোট ভায়ের বড় মেয়েটা ওঁব চেয়ে বয়েসে বড়। মুখের বাঁ পাশটা দেখা যাচ্ছে, গলা দেখতে পাচ্ছি। হাত পা সবই দেখছি এক হাত পেছন থেকে। বেলা দশটা থেকে সন্ধ্যা পর্যন্ত পবিশ্রম কবাব দকণ খুবই ক্লান্ত দেখাচ্ছে মেয়েটিকে। কাপড় জামা জুতো মোটামুটি একেবারে খেলো জিনিষ নয়। এক হাতে কালো ফিতে বাধা পুরুষ মানুষের ঘড়ি আর একটি হাতে কিছুই নেই। কাঁধে কালো রঙের মহিলা ব্যাগ ঝুলছে। ফিকে বাদামী বড়ো জামাব হাত কনুই পর্যন্ত নামানো। জামার কাপড় এমন গাঢ়লা নয় যে অন্তর্ভাস দেখা যায়। পৃষ্ঠপ্রদর্শন কন্যাবাব গণাজে শাড়ি বাচল গুটিয়ে কাঁবে তোলা হয়নি। মুহূর্ত্ত কাঁধ থেকে পিছলে পড়ছে না ঝাঁচল। চলনেও ছন্দ তোলার প্রয়াস নেই। নেহাৎ আটপৌরে ধবনেব মেয়ে, যে মেয়ে পথ চলতে নেমে পথের মানুষদের বিপথে চালান না।

সিধু কথা ছবত বলে গেল। একটা খাবারের দোকানের সামনে দাঁড়িয়ে পড়ল মেয়েটি। একটুখানি কি ভেবে নিয়ে উঠে গেল দোকানের মধ্যে। আমি পড়ে গেলাম বাঁসাদে, দোকানের ভেতর ঢুকব না বাইবে অপেক্ষা কব বঝতে পাবলাম না। গোয়েন্দা কাহিনীর গোয়েন্দাবা গুহাভেব মধ্যে ঠিক করে ফেলে কি করা উচিত। সেই আত্মবিক প্রত্যুৎপন্নমতি আমি পাব কোথায়। হৃদ হ্যাংলার মত কাঁচের ওপঠিত সন্দেশ বসগোল্লাগুলোর গানে তাকিয়ে মাথা চুলকতে লাগলাম। দোকানে ঢুকে কিছু খাবার নিয়ে বসলে কেমন হয়! মুশকিলে পড়ে যাব যদি মেয়েটি টপ কবে খাওয়া চুকিয়ে

বেরিয়ে আসে। আমার খাবার তখনও হয়তো পড়ে আছে, তাড়াতাড়ি দাম দিয়ে বেরিয়ে এসে দেখব চিড়িয়া হাওয়া হো গিয়া। হার নাম চিড়ির, গোয়েন্দাগিরি খতম হয়েছে।

দোকানে ঢোকার মতলবটি ত্যাগ করে খানিক তফাতে লাইট পোস্টের পাশে আশ্রয় নিলাম। মিনিট দশেক পরে মেয়েটি বেরিয়ে এল। সঙ্গে নিয়ে এল এক মার্কামারা ক্ষুধার্ত যৌবনকে। ছাল ছাড়ানো প্যান্ট, খুদে খুদে দাড়ি, মাথায় ঝাবুই পাখিব বাসা, চোখে কালো চশমা আব ছুঁচোমুখো জুতো সর্গোববে ঘোষণা করছে যে যৌবন কাঁটা গাছের উচ্চ ডালে পুচ্ছ নাচাচ্ছে। মেয়েটির অঙ্গে অঙ্গ ঠেকিয়ে এক রকম ঠেলতে ঠেলতে নিয়ে চলল তাকে সেই জিত লকলকে যৌবন। সন্ধ্যা তখন পাব হয়েছে। কাঁকা হোয়ে উঠেছে আফিস পাড়ার পথ। ওভাবে একটি মহিলায় সঙ্গে ধাক্কাধাক্কি করতে করতে পথ চলাটা অনেকেবই নজব এড়াল না। কিন্তু করা যাবে কি! বেপরোয়া বেলেগ্লাপনা কবাব অধিকাবেব নাম ব্যক্তি স্বাধীনতা, সেই বেহেড স্বাধীনতাটি এদেশে সর্গোববে চালু আছে।

এতক্ষণে প্রকৃত গোয়েন্দাগিরি কবাব মওকা পেয়ে বেশ ভেতে উঠলাম আমি। একটি বেশ বসঘন রহস্য ঘনিয়ে উঠল। বহন্যভেদ করাই হোল গোয়েন্দাব কাজ। চলতে লাগলাম ওদের পিছু পিছু, তফাতটা খানিক বাড়তে হোল। বলা যায় না, ক্ষুধার্ত যৌবন যদি হাঁ করে তেড়ে আসে।

ওরা ট্রামে বাসে উঠল না। ট্রামে বাসে উঠলে অমন ঘনিষ্ঠ হোয়ে মনের কথা শোনানো যাবে না বলেই বোধ হয় হাঁটতে লাগল। হাঁটতে হাঁটতে চলে এল একদম কলেজ পাড়ায়। কলেজ পাড়ায় এক গলির মধ্যে ঢুকল যখন তখন হাঁফ ছেড়ে বাঁচলাম আমি। এইবার বোধহয় আমার গোয়েন্দাগিরির ইতি হবে। নিশ্চয়ই ওরা ঢুকবে মনোমুগ্ধকর। সেই বাড়ির নম্বরটা দেখে যেতে পারলেই



হোল। সিধু বলে দিয়েছে, কোথায় যায়, কাব সঙ্গে দেখা করে জেনে যেতে হবে। দেখা করল ঐ ছাল ছাড়ানো প্যান্ট সাট দাঁড়িওয়ালা ইচড়েপকটির সঙ্গে, কোথায় পৌঁছে যাত্রা খতম হবে এবার সেইটুকু জানা চাই। আমার জীবনের প্রথম গোয়েন্দাগিরি যে এভাবে নির্বিলে সাফল্যমণ্ডিত হবে তা কি ভাবতে পেরেছিলাম।

ভাবা যে অনেক কিছুই যায় না, মিনিট তিনেক পরে তার প্রত্যক্ষ প্রমাণ পাওয়া গেল। পাশের একটা অন্ধকার গলি থেকে ঝাঁপিয়ে পড়ল কয়েকজন ওদের ওপর। পাঁচ সাত হাত পেছন থেকে দেখতে পেলাম কি ঘটে গেল চক্ষের নিমেষে। ভটাভট্ খপাখপ্ কয়েকবার আওয়াজ হোল, একটিবার মাত্র কি একটা বলে চৈচিয়ে উঠল মেয়েটি। পবগুহুর্তে আমাব পাশ দিয়ে তীব্র বেগে ছুটে চলে গেল একজন। সামনে তাকিয়ে দেখি আর একজন গড়াগড়ি যাচ্ছে আব গোড়াচ্ছে।

চাবিদিকের বাড়ি থেকে লোকজন বেরিয়ে এল। যে গড়াগড়ি খাচ্ছিল পথেব ওপর তাকে তুলে পাশের রোয়াকে শোয়ানো হোল। জল নিয়ে এস, বরফ আন, ডাক্তার ডাক। পাঠাও হাসপাতালে ইত্যাদি বহু জাতের হাঁকাহাঁকি চলতে লাগল। এগিয়ে গিয়ে দেখে নিলাম কার জন্তে এত কাণ্ড হচ্ছে। চিনতে কষ্ট হোল না লকাটিকে। ওরই পিছু পিছু ঘণ্টা দেড়েক হেঁ মরেছি। মুখখানা একেবারে খেঁতলে গেছে। তলপেটে কিছু হোয়েছে নিশ্চয়ই, হুঁহাতে তলপেট চেপে ধরে গোড়াচ্ছে। ভিড় ঠেলে কাছে গিয়ে বেশ করে দেখে নিলাম। কেউ কিছু সন্দেহ করল না। এক ভদ্রলোক খেকিয়ে উঠলেন—“আপনি বুড়ো মানুষ, আপনি আবার এর মধ্যে মাথা গলাচ্ছেন কেন। দেখছেননা, গুণ্ডায় খুন করে গেল?”

নেহাত গোবেচারার মত জিজ্ঞাসা করলাম—“ছোকরাটি কে বাবা? প্রাণে বাঁচবে তো?”

আর একজন জবাব দিলেন—“প্রাণে বাঁচবে না তো মরবে

নাকি। সহজে এরা মরে না দাছ। যান যান; সরে পড়ুন শিগ্গির।
এর পাটি এসে পড়বে এখুনি বোমা-ফোমা নিয়ে।”

তার উপদেশ শুনে সরে পড়বার জন্তে পা বাড়িয়ে দেখি ইতিমধ্যে
ভিড় পাতলা হয়ে গেছে। জল বরফ ডাক্তার হাসপাতালের জন্তে
যারা হাঁকাহাঁকি করছিলেন তারা উধাও। চারিদিকের বাড়ির দবজা
জানালা বন্ধ হবার আওয়াজ উঠল। রাত্ত তখন বড় জোর নটা হবে।
নটার সময় কলকাতার বুকে হঠাৎ নিশুতি রাতের নিশুক্রতা নেমে
এল। সরে পড়াটা মূলতুবী বেখে ছোকরাটির গায়ে হাত দিয়ে
জিজ্ঞাসা করলাম—“উঠতে পারবে কি? উঠে পড় আমাকে ধরে।
কোনও রকমে যদি বেরিয়ে যেতে পারি আমরা গলি থেকে, তা’হলে
একটা ট্যান্ডি ধরে—”

গোঁ গোঁ কবে কি যে বলল সে বুঝতে পারলাম না। মরিয়া
হোয়ে টেনেটুনে তুলে বসলাম তাকে। বহু কষ্টে সে আমাকে ধরে
রোয়াকেব ওপর থেকে নেমে দাঁড়াল। এক হাতে জড়িয়ে ধন্দলাম
তার কোমর, আর এক হাতে তাব হাত একখানা আমাব কাঁধেব
ওপর তুলে টেনে নিয়ে চললাম। অনেকেই দেখল আমাদের অবস্থা,
কেউ কাছে এগিয়ে এল না। ছ’একটা টিপ্সনী কানে এল - “বুড়োটার
পাখা গজিয়েছে। একটা বোমা যদি ঝাড়ে তা’হলে পাবোপকাব
করা বেদিয়ে যাবে। চলল বড় বাস্তায়। যাক না, পুলিশ মুখিয়ে
আছে।”

বড় রাস্তায় পা দিয়েও পুলিশের টিকি দেখা গেল না। খালি
ট্যান্ডি একখানা মিলল। নগদ দশ টাকা কবুল করায় রাঙী হোল
আমাদের তুলতে। আবার টেনেটুনে তুললাম তাকে গাড়িতে।
কোথায় যেতে হবে জিজ্ঞাসা করল ট্যান্ডিওয়ালা। নিজের
আস্তানার টিকানা বলে দিয়ে তার পাশে বসে হাঁপাতে লাগলাম।

আস্তানায় পৌঁছে দেখি সিধু মল্লিক আমাদের নামিয়ে নেবার
জন্তে তৈরী হোয়ে রয়েছে। বরফ আর ত্র্যাণ্ডি আনবার জন্তে সিধুর

এক বন্ধু সাইকেল চেপে ছুটল। টেনে হিঁচড়ে চোঙা প্যান্ট ছাড়িয়ে শোয়ানো হোল তাকে চোঁকিব ওপব। একটু পবে বরফ ত্র্যাণ্ডি এসে গেল। ডাক্তাব ডাকবাব কথাটা একবার উত্থাপন কবতে গেলাম আমি। সিধু বলল, ডাক্তাব ডাকার দবকাব হবে না। এই বকম ছোটখাট ব্যাপাবে ডাক্তাব ডাকতে হোলে কলকাতা সহবে বাস কবা উচিত নয়।

তথাস্ত, স্নান কববাব জন্তে চলে গেলাম। গায়ে মাথায জামা কাপড়ে বক্ত লেগে গেছে। খুন-খাবাপি বক্তাবক্তি কাণ্ডগুলোও নেহাত ছোটখাট ব্যাপাব। সাধে কি আব কবি গেয়েছেন—যৌবন বে, তুই বি ববি স্নেহেব খাঁচাতে, তুই যে পাবিস কাঁট। গাছেব উচ্চ ডালে পুচ্ছ নাচাতে।

হায় যৌবন। আমাব জীবনে কবে যে তুমি এলে কবেই বা তুমি গেলে জানেই পাবলাম না।

স্নান টান কবে যিবে এসে দেখি খাড়া হোয়ে বসেছ ছোকরাটি। সিধুব এক বন্ধু এক চাঁই ববফ চেপে ধবে আছে তান তলপেটে। আব এক বন্ধু কমানো মুড়ে এক টুকরো ববফ তাব নাকে মুখে ঘষছে। ছোকরাটিব হাতে ২২৫ গেলাস ত্র্যাণ্ডি, সিধু বলছে—“গিল ফেল গুটুকু, এখনহ চাঙা হয়ে উঠবি। ত্র্যাণ্ডি পেটে পড়লে মগজটাও সাফ হবে। কি হেঁযেছিল বলি তো। এ বকম বেয়ক্কা খোলাই দিল কাবা? গিষছিলি কোথায় মবতে? এ ভদ্রলোকই বা তোকে তুলে আনলেন কেন?”

ব্যাপাবটা কি ঘটেছিল আমি বলতে গেলাম। সিধু আমাকে ইশাবা কবে বারণ কবল। গেলাসটা তুলে ঠোঁটে ঠেকাল ছোকরা, এক নিঃশ্বাসে সবটুকু টেনে নিয়ে বলল—“জল খাব।”

সিধু বলল—“জল নয়, এক টুকরো ববফ নে মুখে, জল গিললে পেটের ব্যাণ্ড বেড়ে যেতে পাবে। মনে হচ্ছে, খুব জোবে লাখি

ঝেড়েছিল তলপেটে। মোক্ষম জায়গায় তাক করেছিল, ডাগিয়াস লাগে নি। আর একটু নিচে লাগলে এতক্ষণে নিমতলায় পৌঁছে যেতিস। তা' যাক গে, এখন বল এ দশা তোর করলে কারা! গিয়েছিলি কোথায়?”

হাঁ করে শুনতে লাগলাম ছোকরাটি যা বলল। অফিস থেকে বেবিয় কলেজ স্ট্রীট মার্কেটে গিয়েছিল সে। মামাতো ভায়ের বিয়ে, কয়েকখানা কাপড় কিনতে হবে। কাপড় চোপড় কিনে মামার বাড়ি যাচ্ছিল। তাড়াতাড়ি যাবার জন্যে ঢুকে পড়েছিল একটা গলিতে। গুণ্ডারা মেরে ধরে কাপড়গুলো কেড়ে নিয়ে গেছে। শুধু কাপড়গুলোই নেয়নি সেই সঙ্গে মনিব্যাগটাও চলে গেছে।

“কত ছিল,” জানতে চাইলে সিধু।

“ষাট পয়ট্রি মত হবে,” জবাব দিল ছোকরা।

সিধু বলল—“যাক গে। ওবকম কত আসবে কত যাবে। প্রাণটা যে যায়নি এই ঢেব। এখন বল যাবি কোথায়? এই অবস্থায় যদি বাড়িতে যেতে চাস—”

কথাটায় যেন আঁতকে উঠল ছোকরা। এই অবস্থায় বাড়িতে যেতে পাবে না সে, এক বন্ধুর কাছে গিয়ে বাতটা কাটাবে। একটা ট্যাক্সি পেল—

“ট্যাক্সি ডাকতে পাঠাচ্ছি, কিন্তু একলা যেতে পারবি তো?” সিধু জিজ্ঞাসা করল। জিজ্ঞাসা করেই জবাব পাবার আগে এক বন্ধুকে ট্যাক্সি আনতে বলল। তারপর তার গেলাসে আরও খানিকটা ত্র্যাণ্ডি ঢেলে দিয়ে বলল—“আর একটু খেয়ে নে, তাহলেই চাঙা হয়ে উঠবি। কিন্তু আমি ভাবছি হিমাদী বেচারী সারারাত ভেবে মরবে। বলিস তো হিমাদীকে একটা খবর পাঠাই। কাজে আটকে গিয়েছিস তুই, রাতে ফিরতে পারবি না জানিয়ে দি।”

গেলাসটা হাতে নিয়ে কি যেন ভাবতে লাগল ছোকরা। সিধু নিজের মনেই বলে চলল—“বিয়ে থা করে ফেলেছিস যখন তখন

সামলে চলা উচিত। শত্রু তোর বিস্তর, বাগে পোলে ছেড়ে দেবে না। সব জেনেশুনে কেন যে গোঁয়াতুঁমি করতে যাস বুঝতে পারি না। এ ভদ্রলোক যদি তুলে না আনতেন তাহলে শ্রাদ্ধটা কতদূর গড়াত ভেবে দেখ। পুলিশ নিয়ে যেত হাসপাতালে। পুলিশের সঙ্গে তোর যা সম্পর্ক তাতে ঐ কলেজ ষ্ট্রীটে গিয়ে কাপড় কেনার গল্প বললে রেহাই পেতিস না। তোর মনিব এমন একখানি চিক্স, সে হাত ধুয়ে বসে থাকবে। যার জন্তু জান দিতে যাস সে তোকে একদম চিনতেই পারবে না।”

দাঁতে দাঁতে চিবিয়ে যাচ্ছেতাই একটা খিস্তি করলে ছোকরা। সিধু বললে—“থাক থাক, এঁর বাড়িতে বসে ঐ সব শাস্ত্র কথাগুলো আব আওড়াস নে। কাকে ইনি তুলে এনেছেন জানেন না।” তারপর আমার দিকে ফিরে সিধু তার পরিচয় দিল—“আপনি তো অষ্টপ্রহর ঘবের ভেতর বসে থাকেন, এই সব স্বনামধন্য মহাপুরুষদের নামও বোধহয় শোনেননি। এঁর নাম ব্যাঙ। ব্যাঙ বললে উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম সারা কলকাতা সহবের সব ক’জন নামকরা মস্তান এঁকে চিনবে। তবে ইনি যা কবেন পনের উপকারের জন্তে করেন। পরের উপকার করতে গিয়ে কোন্ দিন বেচারী জানটাই হয়তো দিয়ে ফেলবে। যাক গে, এ সব কথা ব্যাঙ কানেও তুলবে না। ঐ বোধহয় এসে গেছে ট্যাক্সি। নে ওঠ, প্যান্ট পরে নে। কিছু টাকা নিয়ে যাবি নাকি, মনিব্যাগ তো গন্।”

ব্যাঙ উঠে দাঁড়াল। আগুাবওয়ার পরা ছিল, বরফ চেপে ধরার দক্ষণ সেটা গিয়েছিল ভিজে। সেই ভিজে আগুাবওয়ারের ওপরেই হেঁচড়াহেঁচড়ি করে প্যান্টটাকে আটকে নিলে। আমার দিকে ফিরে বললে—“ভুলব না স্ত্রীর আপনার ঋণ, আপনার দয়ায় আজ বেঁচে গেছি।” সিধুর দিকে ফিরে হাত পেতে বলল—“গোটা দশেক দাও, কাল না পারি পরশু দেখা করে ফেরত দেব।”

বিনা বাক্যব্যয়ে দশ খানা এক টাকার নোট ওর হাতে দিল
সিধু। টলতে টলতে ব্যাঙ ঘর থেকে বেরিয়ে গেল।

ওব বন্ধু দু'জনকে ছেড়ে দিয়ে চৌকির ওপর আড় হয়ে পড়ল
সিধু। বলল—“শুনলেন তো কি রকম মিথ্যে কথা বলে গেল ব্যাঙ।
স্বপ্নেও কখনও ওরা সত্যি কথা বলে না। ভাগ্যে আপনি রাজী
হলেন, সেই মেয়েটা কোথায় যায় কার সঙ্গে মেশে জানা গেল।
ওরে বাব্বা! শ্রীমান ব্যাঙেব পাল্লায় পড়েছেন শ্রীমতী, অনেক
খোয়াব আছে কপালে। যাক, এখন খেয়েদেয়ে শুয়ে পড়ুন।
শরীবের ওপর যেকোন ধকল গেল—”

“সেই মেয়েটির যে কি দশা হল”—তাত্তাত্তি আমি বলতে গেলাম
সেই মেয়েটির কথা। সিধু আমাকে থামিয়ে দিয়ে বলল—“কি
আবার হবে, বাড়িতে গিয়ে রুটি খেয়ে শুয়ে পড়েছে। ব্যাঙচন্দ্রকে
আচ্ছা কবে ধোলাই না দিলে শেয়ালদার ওধারে একটা উজ্জ
হোটেলের ঘবে অর্ধেক বাত কাটাত। খুব সম্ভব এইবার সাবধান
হবে। না হয় উচ্ছন্ন যাবে। আজকাল সবাই স্বাধীন, উচ্ছন্ন
যাওয়ার স্বাধীনতা সকলেরই আছে। বাঁচাবার চেষ্টা করা গেল।
এখন ওর কপালে যা আছে তা হবেই।”

ফস করে জিজ্ঞাসা কবে ফেললাম—“তাহলে তোমরাই কোঁড়ে
ঐ ব্যাঙকে, তার মানে তোমরা আগাগোড়া আমাদের সঙ্গে ছিলে?”

“আপনার মত মানুষকে ঐ আঙ্গামার ভেতর পাঠিয়ে আন-
নাক ডাকিয়ে ঘুমোই কি কবে বলুন।” বলতে বলতে সিধু উঠে
দাঁড়াল। “কেন বন্ধু গলায় দড়ি দিলে জানতে চান আপনি, তাই
আমাকে ডেকে পাঠিয়েছিলেন। নিজেব চোখেই দেখুন, ছুনিয়াটা
কি জাতের আজব চিড়িয়াখানা হয়ে দাঁড়িয়েছে। গল্প লেখেন
ঘরে বসে, ঘরের বাইরে পা দেন না। আমাদের সঙ্গে ছু চারদিন
ঘোরাঘুরি করলে নিজেই জানতে পারবেন কেন বন্ধুর মত মেয়েরা

আত্মহত্যা করে। এই যে আর একটি মেয়ে যার পেছনে ঐ ব্যাঙ
লেগেছে, এও হয়তো শেষ পর্যন্ত আত্মহত্যা করতে বাধ্য হবে।”

চৌচিয়ে উঠলাম—“আবাব আত্মহত্যা!”

“কিংবা খুন” বিন্দুমাত্র উত্তেজিত না হয়ে সিধু বলে গেল—“খুনও
হতে পারে। আজ এই পর্যন্ত থাকুক। সকালের দিকে সময় পেলে
আসব একবার। চলি—”

বসে বইলাম মাথায় হাত দিয়ে। কি ঝামেলায় জড়িয়ে পড়লাম
রে বাবা! অস্তুত মাস খানেক যদি গা ঢাকা দিয়ে অত্যা কোথাও
থাকতে পাবতাম, তাহলে পড়শীদের হাত থেকে নিস্তার পাওয়া যেত।
কিন্তু কোথায় যাওয়া যায়।

সকাল বেলা খববেল কাগজ খুলে দেখি হাবানো প্রাপ্তি নিকদ্দেশ
নাম দিয়ে যে বিজ্ঞাপনগুলো ছাপানো হয় তাতে রঘুদয়াল লাহিড়ীর
ছেলে কুন্তলেব নাম উঠে গেছে। যথেষ্ট পয়সা খবচা কবে বিজ্ঞাপন
দিয়েছেন রঘুদয়াল। প্রথম কুন্তলেব নাম বয়েস ও পরিচয় দেওয়া
হয়েছে। কি কি পবে সে নিকদ্দেশ হয়েছে তাও বলা হয়েছে।
তারপর কুন্তলেব কাছেই আবেদন করা হয়েছে—বাবা কুন্তল
কিঁব আয়। তোব মা মৃত্যু গ্যায়। কোথায় আছিস জানা।
ঢাকা পাঠাব।

পড়ে মনটা খুবই খাবাপ হয়ে গেল। কি হোল ছেলেটার!
আত্মক সিধু, সর্বাগ্রে কুন্তলকে খুঁজে বাব কবাব একটা ব্যবস্থা
করতেই হবে।

সিধু এল না, নট। দশটা নাগ ৮ এলেন বদনবাবু। ঠাণ্ডা, বদনবাবুই
বটে, কিন্তু চেনবার উপায় নেই। ভাগনীটি মালা যাবার পর বোধ-
হয় জল পর্যন্ত মুখে দেন নি বা ছুঁতে বোঝেন নি। দাড়ি কামান
নি, মাথায় তেল মাখেন নি, এমন কি দাঁত পর্যন্ত মাড়েন নি। শোক
বটে। শোকের দাপট দেখে মনে মনে তারিফ না করে পারলাম

না। বদনবাবু শূণ্ণদৃষ্টিতে আমার মুখপানে তাকিয়ে থা হয়ে দাঁড়িয়ে রইলেন। শোকের গুঁতোয় অনেকের মাথা খারাপ হোয়ে যায়। ভাগনীর শোকে আমার মাথায় কিছু হোল কিনা ভাবতে লাগলাম। মিনিট ছয়েক পরে বদনবাবু ফুঁপিয়ে ফুঁপিয়ে কান্না জুড়লেন। অগত্যা একটা কিছু বলতে হোল। বসতে বললাম, বসে বসে কাঁদলে কান্নাটা জমবে ভাল।

বসলেন না বদন বাবু। কোঁপাতে কোঁপাতেই জিজ্ঞাসা করলেন—“আমার কি হবে?”

পড়ে গেলাম কাঁপরে। ভাগনীটি মারা যাবার দরুন বদনবাবু এমনই অনাথ হয়ে পড়েছেন যে—

পকেট থেকে একখানি খাম বার করে আমার সামনে ফেলে দিয়ে বদনবাবু বললেন—“পড়ে দেখুন। ওরা আমায় বাঁচতে দেবে না।”

সে দিকে তাকিয়ে রইলাম। হাত বাড়িয়ে তুলে নিতে সাহস হোল না।

“আমি কি দোষ করলাম?” কোঁপানো বন্ধ করে গর্জে উঠলেন বদন বাবু—“ছ’খানা টিকিট পাওয়া গিয়েছিল বুঝুর ব্যাগে, সত্যি কথাই বলেছি আমি। সত্যি কথা বলেছি বলে ওরা খুন করবে আমাকে? দেখুন কি লিখেছে ঐ চিঠিতে। দেখে বলুন, কি করা উচিত আমার। আমিও দেখে নোব ওদের, সব ব্যাটাকে ঢোকাব হাজতে। বদন বাগচীকে ঘাঁটালে রক্ষে নেই, হাড়ে হাড়ে বুঝতে পারবে এবার।”

খামখানি তুলে নিয়ে চিঠিখানি বার করে পড়তে শুরু করলাম। অতি অল্প কথাই লেখা হয়েছে চিঠিতে। যা লেখা হোয়েছে তা পড়লে সত্যিই মাথা গরম হয়। অতি অকথ্য ভাষায় গালাগালি দিয়ে বলা হয়েছে যে ফল ভোগ করতে হবে। বুঝুর ব্যাগে ছ’খানা টিকিট পাওয়া গেছে এই কথা বলার দরুন চরম শাস্তি পেতে হবে।

চিঠির শেষে লেখকের নাম ঠিকানা নেই। নাম ঠিকানার বদলে লেখা রয়েছে, তোমার যম। পত্র প্রেরক শ্রীমান যমের হাতের লেখাটি কিন্তু চমৎকার। দেখে মনে হোল যম সাহেব বোধহয় কোনও আড়তে বা দোকানে বসে জাবেনা খাতা লেখেন।

চিঠি পড়ে জিজ্ঞাসা করলাম—“এই চিঠি লিখল কারা? আপনার কি সন্দেহ হয় কাউকে?”

“সন্দেহ মানে?” বদনবাবু হাত পা ছুঁড়ে চৈঁচাতে লাগলেন—“সন্দেহ আবার কি? ওদের প্রত্যেকটিকে আমি চিনি, আপনিও চেনেন। ওদের মজি মারফিক চলতে হবে সবাইকে, নয়ত ওরা পথে ঘাটে অ্যাসিড বালব্ ছুঁড়ে মারবে। সেদিন একটা কলেজের মেয়ের মুখের ওপর অ্যাসিড বালব্ মেরেছে। এবার ওদের গুপ্তিধ্বংস সবাইকে—”

বাধা দিয়ে জিজ্ঞাসা করলাম—“আপনিও চেনেন আমিও চিনি তাদের? কারা বসুন তো?”

বদনবাবু খানিক লুয়ে পড়ে আমার মুখের কাছে মুখ নামিয়ে প্রায় চুপিচুপি বললেন—“ঐ আপনার সিধু মল্লিকের দল। ছোড়াটা তো প্রায়ই আসে আপনার কাছে গুনেছি। বলে দেবেন, আমার সঙ্গে যেন লাগতে না আসে। আমার নাম বদন বাগচী, খামকা কারও অনিষ্ট করি না আমি। কিন্তু লেজে পা দিলে ছোবলাবই।”

সিধু মল্লিক! সিধুর দল অ্যাসিড বালব্ ছোড়ে! চোখ কপালে উঠে গেল আমার।

বদনবাবু চোঁকির ওপর একটা থাপ্পড় মেরে বললেন—“আলবত ছোড়ে। ওর বাপের টাকা আছে বলে কি ওকে খাতির করতে হবে নাকি?”

“কিন্তু বুঝুব ব্যাগে কথানা সিনেমার টিকিট পাওয়া গিয়েছিল তা’ নিয়ে সিধুর দল মাথা ঘামাতে যাবে কেন? বুঝু গলায় দড়ি দিলে কেন যতক্ষণ না জানা যাচ্ছে—”

“জানবেন দাদা জানবেন, সবই জানতে পারবেন। ধর্মের কল হাওয়ায় নড়ে। কাল হোক পবন হোক দশদিন পরেই হোক আসল বেওয়া জানা যাবেই। ভাগনেটা বোধহয় অনেক কিছু জানত। তাই তাকেও বেপাত্তা কবা হোল। এখন আমাকে শাসানো হচ্ছে, কেন আমি দু’খানা টিকিটেব কথা বলতে গেলাম। বেশ কবেছি বলেছি, সত্যি কথা বলেছি তাতে হবেটা কি শুনি? দবকাব হোলে সেইআব একজনের নামও বলে দিতে পারি যে সেদিন বুহুর সঙ্গে সিনেমায গিয়েছিল। কিন্তু সহজে বলছি না, নিজেব ভাগনীব নামে পাচজনে পাঁচ কথা বটাবে মুখ বুঁজে আমাকে সহ্য করতে হবে। তাই —”

চটে উঠলাম আমি। বললাম —“দেখুন বদনবাবু, আপনার ভাগনীটি খানা গেছে, শুনাম বদনামে এখন কিছুই আনবে যাবে না তাব। যদি কিছু জানেন খেলোখান বণুন। ভজ ঘবেব এবটা আইনডো মেয়ে, ভাল চাকরি ববছিল, বাপেব সংসাব চলছিল তাগে, হঠাৎ সে আত্মহত্যা ববে ফেললে। মানে, একটা সংসাব ভেসে গেল। এই সবনাশটা ঘটল কেন জানা দবকাব সকলেন। জানলে অনেক বাপ মা অভিভাবক সাবধান হোতে পারবেন। সমাজে বাস কবছেন, সমাজেব কাছে আপনার কতব্যও আছে।”

“সমাজেব কাছে কতব্য আছে বলেই মুখ টিপে আছি। নয়ত সমাজেব মাথা ৮ডে বসে আছেন যাঁরা, তাঁদের টুচু মাথা ধুলোয় লুটোরে। ঘর বস বই লেখেন, সমাজ যে কি চিজ তা জানেন না। হাক আপনার এই সিবি বাবাটীকে একটু সমঝে চলতে বলবেন, এই কথাই আপনাবো বলতে এসেছি। সমঝে না চললে বাছাধনকে শ্রীঘরে বাস করতে হবে।”

বক্তব্য শেষ কবে গাব দাঁড়ালেন না। দনবাবু, যাত্রাওয়ালাদের মত বেগে নিক্রান্ত হোয়ে গেলেন। যাবাব সময় চিঠিখানা তুলে নিয়ে যেতে তুললেন না।

সিধু মল্লিককে নিয়ে নতুন ভাৰনায় পড়ে গেলাম। সিধু আৰ
সিধুব দল কোন কলেজেৰ মেযেৰ মুখে অ্যাসিড্ বালব্ ছুঁড়েছে।
কাল বাত্ৰে ব্যাঙকে ওবাই ঠেঙিয়েছিল, ঠেঙানিটা আৰ্মি নিজেৰ
চোখেই দেখেছি। সং উদ্দেশ্যে ঐ কৰ্মটি কৰেছিল ওবা, সেই
মেযেটিকে ব্যাঙেৰ খপ্পৰ থেকে বাঁচাবাৰ জন্তে ব্যাঙকে ঐ দাওয়াই
দিযেছিল। বুঝলাম, কিন্তু মাৰামাৰি ঠেঙাঠেঙি কৰাটা কি ওব মত
মানুষেৰ মানায। গুণ্ডা মস্তানদেব সঙ্গে তা'হলে তফাতটা বইল
কোনখানে।

ঠিক কৰে বাখলাম সিধু আসনে স্পষ্টাস্পষ্টি ওকে জিজ্ঞাসা
কৰব, ঐ কলেজেৰ মেযেৰ মুখে অ্যাসিড বালব ছোড়াৰ ব্যাপাবটা।
সোজা কথায় বলব, ব্যাপাবটা যদি সত্যি হয় তা'হলে সে যেন
আমান সঙ্গে আন সম্পৰ্ক বাখাব চেষ্টা না কৰে। সামান্য মানুষ আৰ্মি,
ঐ সমস্ত বড বড কাজ যাৰা কৰে বেডায়, তাদেব সঙ্গে নিজেৰ
জড়িয়ে ফেলত চাই না। এই বয়েসে বাবত দেখিয়ে মহাবীৰ আখ্যা
পাবাৰ বিন্দুমাত্র সখ নেই অ'মাৰ। কোনও বকমে ঘবেব কোনে
মুখ লুকিয়ে বাৰ্কাঁ দিন কটা কাটাতে পাবলেই হোল।

খববেৰ কাগজটা হাতে তুলে নিলাম আবাব, কুস্তলেব সেই
বিজ্ঞাপনটাব ওপৰ আবাব নতুন পডল। বদনবাব বলে গেলেন
তাৰ ভাগনে অৰ্থাৎ কুস্তল তাৰ দিদিৰ আগ্ৰহত্যা সম্বন্ধে অনেক
কিছু জ্ঞানত বলেই তাকে সবিয়ে যে। হোবেড়ে। সবিয়ে ফেলা
হোযেছে নাকি? আশুক সিধু, কুস্তলেৰ ব্যাপাবটাবও একটা
হেস্তনেস্ত কৰা চাই। মেযে গেল, ছেলেও গেল, বঘুদ্যালবাব আব
তাঁৰ স্ত্ৰী পাগল হয়ে উঠেছেন। যদি বেচে থাকে কুস্তল তা'হলে
সৰ্বাগ্ৰে তাকে খুঁজে বাব কৰা চাই। তা সিধু কুস্তলেৰ খবব দেবে,
নয়ত—

দয়াজাৰ সামনে থেকে কে বলে উঠে, “কি অত ভাবছেন মাথায়
হাত দিয়ে?”

ভয়ানক রকম চমকে উঠে ডাক দিলাম—“এস এস, ভোমার কথাই ভাবছিলাম।”

ঘরের ভেতরে পা দিয়ে সিধু বলল—“ভাববেন বৈকি। যত ভাববেন ততই সব পরিষ্কার হোয়ে যাবে। ইতিমধ্যে বদনবাবু যদি এসে গিয়ে থাকেন আপনার কাছে, তা’হলে আমার কথা ভাবতেই হবে আপনাকে। কি বলে গেলেন আপনাকে মাতুল? এক চিঠি ঝাড়বার ফলে মাতুলের পিলে চমকে গেছে। এবার ঘুঘু ফাঁদে পা দেবে। অগাধ জলের মাছ, সহজে ঘাই মারে না! দেখা যাক এবার কি চাল চালেন।”

“ঐ চিঠিখানা কাবা লিখেছে বদনবাবুকে?” খুবই গম্ভীর সুরে জিজ্ঞাসা করলাম আমি।

“কারা আবাব লিখবে, আমিই লিখিয়েছি।” সিধু খুবই ফুর্তিসে বলতে লাগল—“আমিই যে পাঠাচ্ছি চিঠিখানা, সে সংবাদও ওঁকে কায়দা কবে জানিয়ে দেওয়া হোয়েছে। ভাব্‌লাকে চেনেন তো? নৃসিংহ পণ্ডিতের ভাইপো ভাব্‌লা? ভাব্‌লা শেষ পর্যন্ত ছিঁচকে চোর হোয়ে উঠেছে। বাজারে ঘুরে বেড়ায়, স্ত্রীবিধে পেলেই একটা আলু ছোটো পটল বা ছোটো বেগুন ছো মেবে নিয়ে সরে পড়ে। সেই ভাব্‌লাকে গণ্ডা আঠেক পয়সা দিয়ে বলসাম, চিঠিখানা কুন্তলের মামাব হাতে দিয়ে আসতে হবে। বেশ কবে সাবধান করে দিলাম কিছুতেই যেন সে আমাব নামটা না বলে। ঐ মানা করে দেওয়ার মানে হোল ভাব্‌লা ঠিকই আমাব নামটা মাতুলকে জানিয়ে দিয়ে আরও গণ্ডা আঠেক পয়সা রোজগার করবে। ঠিক তাই হোয়েছে, মাতুল ছুটে এসেছেন আপনার কাছে। জানেন যে আপনি আমাকে স্নেহ করেন।”

“কিন্তু ঐ চিঠি লেখার উদ্দেশ্য কি? ঐ রকম চিঠি লেখা কিছুতেই উচিত নয়। ঐ চিঠি যদি উনি থানায় দাখিল করেন তা’হলে—।”

“করুন না। থানায় যাবার মত বুকের পাটা ওঁর আছে বলে আপনি মনে করেন নাকি? বেসামাল হয়ে পড়েছেন ভদ্রলোক। কি কি বলে গেলেন আপনাকে?”

“বলে গেলেন যে তোমরাই কুস্তলকে লুকিয়ে রেখেছ বা সরিয়ে দিয়েছ। কারণ, কুস্তল অনেক কিছু জানে। এমন অনেক কিছু জানে যার দরুণ তার দিদির আত্মহত্যার কারণটা স্পষ্ট জানা যাবে।”

“তা না হয় জানল কুস্তল, কিন্তু আমরা তাকে সরিয়ে দেব কেন? আমাদের স্বার্থ?”

“তোমরা চাওনা কুস্তলের দিদির আত্মহত্যার কারণটা প্রকাশ হয়ে যাক। কোন একটা কলেজের মেয়ের মুখে তোমরা অ্যাসিড ঝালবুছুঁড়ে মেরেছিলে। কুস্তলের দিদির আত্মহত্যার ব্যাপারটার সঙ্গে তোমরাও জড়িত আছো। অনেক কথাই বলে গেলেন ভদ্রলোক। এখন আমি জবাব দিচ্ছি কি জান সিধু, আমি আর এ ব্যাপারটার সঙ্গে কোনও সংশ্লিষ্ট বাখান না। ভারী বিস্তী লাগছে। তোমাকে আমি ভালবাসি স্নেহ করি বিশ্বাসও করি। কাল সেই ব্যাঙকে ঠেঙানো, আজ আবার বদনবাবুকে ঐ চিঠি দেওয়া—বলতে বলতে আমি খেমে গলাম। আর বেশী কিছু বলতে শ্রুতি হোল না।

মিনিট তিন চার সিধু মুখ টিপে অস্থির হয়ে তাকিয়ে রইল। তারপর মুখ ফিরিয়ে খুবই অল্পনয় করে বললে—“ঐ বিশ্বাসটুকু আর ছোটো দিন বজায় রাখতে পারেন না? ব্যাঙকে ঠেঙানো, বদনবাবুকে চিঠি দেওয়া, সবই অস্থায়ী কাজ হয়েছে। কিন্তু করা যাবে কি? যে বিয়ের যে মন্তব্য, বহু জাতের অকাজ কুফাজ না করতে পারলে ষোড়শীদের সঙ্গে পাল্লা দেওয়া যায় না। কলেজের মেয়েটা কোথায় থাকে, কে তার মুখ পুড়িয়েছে, কেন পুড়িয়েছে, সবই জানতে পারবেন। আর ছোটো দিন আমার ওপর বিশ্বাসটা বজায় রাখুন। আসল ব্যাপারটা যদি জানতে চান, আর ছোটো দিন আমাদের সঙ্গে থাকতে

হবে আপনাকে। আমি যে আপনাকে বিশ্বাস করি তার প্রমাণ আজই পাবেন। বেলা তিনটের সময় এসে আপনাকে নিয়ে যাব এক জায়গায়। কুস্তলকে দেখে আসবেন, তার সঙ্গে কথা বলে আসবেন। যদি মনে করেন তাকে ধরিয়ে দেওয়া উচিত, তাও কবতে পারবেন। আমি তো আপনাকে বিশ্বাস করেই কুস্তলের কাছে নিয়ে যাচ্ছি। যদি তাকে বাচাতে হয় তা'হলে লুকিয়ে রাখতে হবেই।”

বোবা হোয়ে গেলাম আমি। কুস্তলকে সিধু লুকিয়ে বেখেছে !
 . সিধু বলল—“এখন চলি। অনেক কাজ, চাবিদিকে নভব রাখতে হচ্ছে। ভিমকলেব চাকে খোঁচা দেওয়া হয়েছে। খাওয়া দাওয়ার পবে ঘুমিয়ে নিন একটু, হয়তো সাবানাত জেগে থাকতে হবে। তিনটেব আগেই আমি আসব।”

জের মিটল না কিছুতেই। চক্ষু বক্রবর্ণ কবে আমাব মন-বুদ্ধিকে শাসন কবতে গেলাম, মন বুদ্ধি বিকট মুখ কবে আমাকে ভেঁচাতে লাগল। বাব বাব নিজেকে নিজে বোঝালাম—তুমি বাপু খাটি খার্ড পাস্‌ন্‌ সিংগুয়ার্‌ নাস্‌ব্‌ নমিষ্ঠাটিভ্‌ নেস্‌। আগে ছিলে ভবঘুরে এখন ঘবে বসে গল্পের বই লিখে শেট চালাও, কোন্‌ গরজ পড়েছে তোমাব মারপিট আত্মহত্যা হত্যাদি সংসাবী জীবদেব ধুকুমাব কাণ্ড কারখানাব ভেতব নাক গলাবাব ? এখনও সময় আছে, এই বেলা কেটে পড়। কেটে না পড়লে জাল ছাড়িয়ে পালিয়ে আসতে পাববে না। বোঝানো ভয় দেখানো অমুনয় বিনয় সবই ভস্মে ঘি ঢালা হল। রঘুদয়ালবাবু ছেলেব জন্তে যে বিজ্ঞাপনটি ছাপিয়েছেন কাগজে সেই বিজ্ঞাপনের ভাষা আমাব বুকের মধ্যে অবিরাম ককিয়ে ককিয়ে কাঁদতে লাগল। স্পষ্ট শুনতে লাগলাম—বাবা কুস্তল, ফিরে আয়। তোর মা মৃত্যুশয্যায়। কোথায় আছিস জানা।—কুস্তল যেখানে আছে সেখানে আমাকে নিয়ে যাবে সিধু, কুস্তলকে দেখে আসব, তার সঙ্গে কথা বলে আসব। তারপব

কুস্তলের হতভাগা বাপকে আর পোড়াকপালী মাকে গিয়ে বলতে পাবব যে ভেলে তাদের বেঁচে আছে, আমি স্বচক্ষে তাকে দেখে এসেছি, সে ফিরে আসবে। তবে দেরি হবে। দেরি হবার কারণটাও বলব। কেন তাদের মেয়ে আত্মহত্যা করেছে জানা দরকার। যারা তার এই আত্মহত্যা করার জন্তে দায়ী তাদের শাস্তি হওয়া চাই। কুস্তলকে লুকিয়ে রাখা হয়েছে কাবণ কুস্তল জানে তার দিদি কেন আত্মহত্যা করেছে। এই রহস্যটি পবিষ্কার হলেই কুস্তল ফিরে আসবে। নয়ত কুস্তলেবও বিপদ ঘটতে পাবে।

অনববত খেই হাবিয়ে ফেলা অংক দাঁড়ি টানা, এত কবলে বসতে কোনও বকমে যে উপস্থাস্থ শেখ ববে এনেছি তার নাম জীবন। কালের পাতায় অদেখ। আখবে এই অসামর্থক বচনা বেখে যাচ্ছি। কাহকে ও যিনি কলন করেন, যাব গলে বাল শ্রুৎ-শোণিত মিশ্রণ-লাল ভ্রূণের প্রথমাবস্থায় থাকে, সেই মাসিকালীকে বলি নিবেদন কবছি এবার আমান ফুলিয়ে আসা শ্বাস প্রশ্বাসগুলো। বলন কবছি মান গুণছি, গুণে চলেছি এ-টি একটি কবে পাশা, দেখছি কোথায় কোথায় খেই হাবিয়ে গেছে।

প্রবজ্যোতি সানকে মনে পড়ে। বাব বাব সাবসা ধান ববে দিগুন—“খববদার গৌজামিল দিসনে, গেজামিল মেবার ঢেটা বনে-ছিস কি মবেজিস, হিসেব মিললেও প্রবলেম্ সলুভ হবে না।”

বেশ কয়েক বছর পবে ঠিক এ কথাটাই মুখের ওপর ছুঁড়ে মেবেছিল আব একজন। বেশ কিছুক্ষণ কাঠ হয়ে বইল আমাব হু' হাতেব বাঁধনে। তারপর চাপা শ্বাসটাকে ফেলে বলল, “বেশ হয়েছে, এইবার ছাড়। এ ভাবে গৌজামিল দিয়ে লাভ কি? যা গেতে চাইছ তা কি এভাবে পাওয়া যায়?”

ছেড়ে দিয়ে সব বসেছিলাম। আগুনো স্রোত বইছে তখন শিবা

উপশিরাব মধ্যে, হঠাৎ সেই আগুন হিম হয়ে গেল। মাথার ভেতর কপালের পেছন দিকে অনববতহাতুড়ির ঘাপড়তে লাগল, কি পেতে চাইছিলাম আমি! কি পাবাব আশায় হন্তে হয়ে উঠেছিলাম!

সান্নুদি আজ নেই, থাকলে আমার চেয়ে অনেক বুড়ো হয়েত। তখনই সান্নুদি অন্তত বছর তিনেকের বড় ছিল। সান্নুদির স্বামী গোপেশ্বরবাবু কেন বিয়ে কবেছিলেন বলা মুশকিল। চাকবি করতেন, মেসে থাকতেন, বছরে দু'বার বাড়ি আসতেন। বিয়ে কবা পবিবাব সান্নুদি এব ঘর বাড়ি পাহারা দিত আর বাতের কগী জেঠ-শ্বশুরের বাড়ি গেল গবম করে দিত। গোপেশ্বরবাবুর জেঠামশাই বামেশ্বরবাবু তেল মালিশ কবাতেন ন'কড়ি একটুকু দিয়ে। ন'কড়ি পাউনী বছরে এগার মাস জেলে কাটাতো। গোটা তিনেক ছেলেমেয়ে নিয়ে পু ই বিপে পাড়ছিল বউটা, বামেশ্বরবাবুর জন্তে বন্ধে পেলে। শেষ বাড়ির দিকে তেলের বাটি নিয়ে ঢাকত সে বামেশ্বরবাবুর ঘরে, ভ্রাম পয়সা মেন মালিশ কবা চোত। তাবপর বামেশ্বর স্নানটান সেয়ে সখ। অর্থাৎ ন'কড়ি সান্নুদি ও এখন যখন পাট কবতে গেণে গেতে।

আমার কাজ ছিল লাইনেটা থেকে বই এনে দেওয়া। বোজ একবার বগবগে উপগ্রাস এনে দিত হত সান্নুদির। বই না পেলে সান্নুদির না কি ঘুম হত না। বই ই পড়া থেকে হঠাৎ গুরু, বইয়ের পাদ পাদীদের স্ববচন নিয়ে ভেদ আলোচনা চলত আমাদের মধ্যে। তাবপর নিজেব কথা শে নাতে লাগল সান্নুদি। শুনলাম ওব বিষেব ইতিহাস। কুড়ি বছর পাব হতে চলল বিয়ে হল না মেয়ের, আত্মীয়স্বজন ছ্যা-ছ্যা কবতে লাগল। হেনক'লে পাওয়া গেল পাত্র, দ্বিতীয়পক্ষ, বয়েস ত্রিশের ওপর, ছেলেমেয়ে নেই। বিয়ের এক বছর পবেই বউ মবে গেছে। তাব আট বছর পবে বিয়ে কবার প্রয়োজন হয়েছে আবাব। কারণ ঘবে কেউ নেই। বুড়ো জেঠাশ্বশুরকে ও তজল দিতে হবে।

হয়ে গেল নিঃশব্দ। সিঁথিতে সিঁদূর উঠল সান্নিধ্যের, গোপেশ্বরের চাদরের খুঁটে ঝাঁচলে খুঁটে বোধ স্বামীর বাড়িতে এসে উঠল। আর প্রথম বাতাই বেশ ভাল কবে বন্ধে পাবল যে, বিয়েটা একটা মস্তবড় গৌজামিল, হিসেব মিছাল বটে, প্রবলেম কিন্তু সলু হ'ল না।

আষাঢ় মাস, আকাশ ভেঙে পড়েছে, যে ব'জন নেমকান্নের লোক এসেছিল, সন্ধ্যার আগেই থাওয়া দাওয়া শেষ তবো সিঁদুর হয়েছ। গোপেশ্বরের দূর সম্পর্কের এক দিদি পাচ সাতটি ছেলেমেয়ে নিয়ে এসেছিলেন, ফুলশয্যা যোগাড় ভি.টি.সি. ব'লন। শহর থেকে আগের দিন দুপুরে বজ্রনিগ্ধার মালা আনিবে রাখা হয়েছিল। সেই মালা এক ছাড়া ব'লন য'র দূর সম্পর্ক গোপেশ্বরের সামনে গিয়ে গৌজাল সান্নিধ্য। মিনিট খানেকের মধ্যে হাজিমা চুকে গেছে। পরজায় 'খল দিয়ে গোপেশ্বর ব'লন, "ওসব কাপড়-চাপড় পরে প'লে ঘুমুতে পাববে না। ওসব হেঁটে প'লনা কিছু প'বে নিয়ে ওয়ে পড়। দিনের হাজিমায় নিশ্চয় পাঁচ-সাতদিন ঘুমুতে পাবোন। এবার নিশ্চয়, বিয়ে তো হয়ে গেল। বিয়ে নিয়ে তো আর মাথা ঘামাতে হবে না। নাও, শুয়ে পড় কাপড় জামা পালটে। আমার একটু কাজ আছে। এ ক'দিন বন্ধ দিতে হয়েছে। বন্ধ দিলে ক্ষতি হয়।"

বলতে বলতে গবদের পাঞ্জাবিটা খুলে ফেলে মালাকোচা মেবে নিলেন গোপেশ্বর। একখানা বস্ত্র চাব ভাঁজ করে পা'লেন ঘরের মেঝেয়। সঙ্গে সঙ্গে সেই কবলের মাঝখানে মাথার চাঁদ দিয়ে ডিগবাজি খেবে ঠাং ছ'খানা সোজা ওপব দিকে তুলে দিলেন। অদ্ভুত কাণ্ড, নতুন বউ সান্নিধ্য বোকাব মতো তাকিয়ে বইল। কি ব্যাপার, পাগলের সঙ্গে বিয়ে হল না তো!

পাগল নয়, স্বামীটি যোগাভ্যাস ববেন। এ আসনটির নাম শীর্ষাসন। ওটিতে সিঁদুলাভ হলে না কি জরা-মৃত্যু জয় করা যায়।

তারপর অবশ্য আবও ছুঁচার জাতের আসনের সঙ্গে পবিচয়
 হয়েছে সানুদিব, বজ্রাসন, স্বস্তিকাসন, বীবাসন, ভদ্রাসন। চৌষটি
 জাতের না কি আসন আছে, সব পব সব ক'টি আসনসিদ্ধি লাভ
 নবতে হবে গোপেশ্বরবাবুরকে। সবকালী চাকবি কবেন, মোটামুটি
 তান মাইনে পান। দিনে চাকবি আব ব তে যোগাভ্যাস এই নিয়েই
 আছেন। ছুঁ ছুঁবাব সংসার পাতলেন কিন্তু সংসারধর্ম পালন করতে
 গিয়ে নিজেও ক'টো বয়সের না।

আশা হানা পেয়ে গেলাম। সাতসত্ত্ব নেও গেল। মাতামাজ
 ১৬, বেশ ছিমছাম গায়ন চি। ন'তাদব, আর একটা এমন কিছু
 গায়নাও ছিল যা চিৎ বলে যে বাঁনো বাঁনো না। ত প দেখলে ভয়
 ৭ ন, ভয় কবাত উচিত। কিন্তু এমন সাধন আছে যার দিকে
 • কিয়ে থাকতে হবে। কালো বচনও গলনাগনা, মাথায় চোখ
 ৭ ধানো বচনাগী ছান, ছুঁহাত ডুঁ হয়ে বচন ধরে যখন ছলে
 থাকে, তখন কি বাঁনো হয়। গল্পে বচন না ছুঁহাতের মতো
 সাপটে ধবতে। বিদ্যব বচন কি এমন মনে পড়ে। সানুদিব শবীবে
 দাব হবে এই বাঁনো গায়ন বচন না। ছুঁপন বেলা নিজে ঢুল
 শুকোবাব ভক্ত পিঠে এসব মোটা গল্পে বহু হাতে নিয়ে মাদুব
 পেতে উপুড় হয়ে শুয়ে থাকে সাতদিন, সেই সময় আমি যেতাম।
 উপজাসেব নাহক-নাহকাদেব হ দি-ব হা চ'ত্যা-পাওয়া নিবে জোব
 আলোচনা চলত। উদ্ভজনায় উঠে বসত সানুদি, ছুঁ চোখে গাঙন
 জলে উঠত, এনোমেনো হয়ে যেত গায়ন বাঁপত। আমি দেখতাম,
 একটা কালনাগিনী সামনে বসে মাথা দোলাচ্ছে। দেখতাম সানুদির
 গলা, গলায় দুটি স্পষ্ট বেখা, চিবুক, ঠোট ছুঁখান। নাকটি, নাকের
 ওপর কয়েক বিন্দু ঘাম। চোখের পানে ঢাকাত পাবতাম না,
 নিজে থেকে নজর নেমে আসত গায়ন-লাগ। শ্বাস আটকে গাসত
 আমার, ছোট ছোট মোচাব মতো হৃদয় ওঁক দুটি জিনিসের দিকে
 দম আটকে তাকি। থুকেতাম সে যগে বুক-বাধা জামাব চলত

ছিল কি না জানি না, সাহুদি কিন্তু কিছুই পরত না। ছপুর বেলা কে আর গায়ে জামা দেয়। আঁচল গায়ে দিয়েই শুয়ে বসে কাটায় ছপুরটা সবাই, সে যুগে ঐ রকমই বেওয়াজ ছিল। তাছাড়া আমি তো সাহুদিব অনেক ছোট, আমার সামনে সেজেগুজে আড়ষ্ট হয়ে থাকতে হবে কেন! স্মরণ্য সেই মহাবাগীটিই ফলে বসল, লাই দিলে কুকুর মাথায় ওঠে।

ছোটই ছিলাম। সত্যিই আমি অনেক ছোট ছিলাম তখন। লগুড়াহত কুকুরের মতো লেজ গুটিয়ে পালিয়ে এসে প্রমাণ কবে দিয়েছিলাম আমি কত ছোট। অর্থাৎ কি না, হিসেব ঠিক মিডল বটে, কিন্তু গৌজামিল দিলে। সেই গৌজামিলটা ধবা পড়ল যখন, তখন আব আমি ছোট নই, অনেক বড় হয়ে গেছি। কিন্তু গৌজামিল শোষণবাবার কখন আব কোনও উপায় নেই।

সভাপতি হয়ে গিয়েছি পশ্চিমবং এক শহর। প্রবাসী বাঙালীর সংস্কার সম্মেলন করেছেন। যাব বাড়িতে থাকতে হবে তিনি সেই শহরবং গণ্যমান্য মানুষ। নামটিও বেশ, ক্রীকিষণ কুন্দন ভট্ট। ভদ্রলোকের এক ছেলে ডাক্তার এক ছেলে উকিল হ'ল এক ছেলে ইন্জিনিয়ার। তিন ছেলেবং বিয়ে দিয়েছেন বাঙালী মেয়েদের সঙ্গে। এঁরা শান্তিনিকেতন থেকে নাচ গান ইত্যাদি ভাল ভাল বিজ্ঞে শিখে গেছে। এক কথায় যাকে বলা যায়, একটি অতি আধুনিক প্যাটার্নের আলোকপ্রাপ্ত সংসার। সংসারের কর্তা ক্রিষণ কুন্দন ভট্টজীর সাদা গৌফ দাড়ি, সাদা চুল। বাঙলা এই, গল্প-উপন্যাস-নাটক কিনে কিনে ছত্রিশটা আলমারি বোঝাই করেছেন। কলকাতা শহরে আজ যে বইখানি প্রকাশ হল তিন দিন পরেই সেখানিকে খুঁজে পাওয়া যাবে ক্রিষণ কুন্দনজীব আলমারিতে। এ হেন বাঙলা সাহিত্যের ভক্তের বাড়িতে বাড়িবাস করতে হল। প্রচুর পরিমাণে ভালমন্দ জিনিস ভোজনের পরে গুনলাম, বাড়ির গৃহিণী আমার সঙ্গে

দেখা কবতে আসবেন। আমাব বিশ্রামের যদি ব্যাঘাত না হয়—

বামশ্চন্দ্রঃ—কে বিশ্রাম কবতে চায়। কত বড় সৌভাগ্য আমাব, যে সাক্ষাৎ স্বয়ং লক্ষ্মীঠাকরুণ অনুগ্রহ কবে আমাকে দর্শন দিতে আসছেন। সামান্য মানুষ, বই লিখে কোন বকমে পেট চালাই, আমাব মতো মানুষকে এতখানি ইয়ে, কি বলে যেন।

কিছুই বলতে হল না আব। মহামূল্যবান দরজাব পবদা সবিয়ে ঘবেল ভেতব পা দিলেন গিন্নী। দ্বিঃই এক বমক, “থাম, যথেষ্ট আমড়াগাছি কবা হয়েছ। মা গো মা, ৫৬ বক্তেও পাবে। ঝাড়া দেড ঘণ্টা বকে এল সভায়। বাড়িও এসও মথ বন্ধ হল না। বলি, এত কথা পেটের মবে্যে কণ্ডাব কেমন কটা শুনি? মুখচোবা এক ছোড়া, চড মানবও বা কাডত না, তাব মুখে যেন খই ফুটছে।”

অতঃমঃ খেয়ে গিয়ায় তা কবে বইলাম। শাওষাজ আব বেকদ না বটে, মুখ নিঙ আমাব বন্ধ হল না।

তারপব অনব বাঃ পথঃ স চিঃ ১৮৮১ চলল। বোমা তিনটিকে ডাকিয়ে আনালেন গিন্নী। কতটিও বসে বইলেন সামনে। একটাঃ গল্প পড়ে শোনানো হঃ অঃ বাক। শব্দটি লিখেছেন কুন্দনজীব পবিত্রাব। মাঝে মাঝে নিঃ লেখন। ছুঁচ বটে গল্প হিন্দী পাত্রকাষ ছাপানোঃ হয়ে গেছে।

গল্পটি শুনলাম। কতা ও বোমায়েদেব সামনে অমন গল্প পেশ কবলেন পঞ্চান্ন বছব বয়েসেব গিন্নী। সত্যিই কুণ্ডিসম্পন্ন সমাব বটে!

সেই গল্পের বাঁধুনি কেমন ছিল, গল্পটা ঠিক উত্তবেছিল কি না, সে সব আলোচনা কবতে চাই না। গল্পেব নাযকটির উপব আমাব খুবই কৃপা হল। হতভাগাটা একটি আস্ত বামছাগল, কি করতে এসেছিল সে, কি সে চাইছিল, তা নিজেই জানত না। নারিকার দেহে মনে আশ্চর্য্যজনক দিযে চোবেব মতো পালিয়ে গেল।

লেখিকা সেই পুৰনো কথা বলেই গল্পৰ উপসংহাৰ টেনেছেন।
কথাটি হল এই গৌজামিল। ঋষজ্যোতি সাব বলতেন—গৌজামিল
দিসনে, হিসেব মিললেও এবলেম সলু হ'বে না।

আব সান্নদি বলেছিল—এ ভাবে গৌজামিল দিযে কি লাভ।
যা পেত চাইত তা কি এভাবে মেলে ?

ঐকিষণ কুন্দন ভট্টজীৰ পৰিবার শ্রীমতী সান্ত্বনাভট্ট খুবই বিদুষী
মহিলা। তাৰ গল্প এই যাক বনে মুনশীযানা সেই জিনিসটা যথার্থই
ছিল। গল্প শুনে জানে পানলাম, নাথিকাব এক বাত্ৰিকগ্ৰস্ত স্বামী
হিচ। সে লোকটি যোগাভাস ১৭০। ফুলশয্যাব বাতাই ১ ম-
কোঁচ। মেবে নতুন বউয়েব সাতনে নীযানন কবেছিল। তাবপৰ এক
শুকগ্ৰীব ঘৰে অর্ধেক বাত্ৰে ধনা গাফ, বেদম মাৰ খেঁষ হাসপাতালে
যায। হাসপাতাল খেঁফে যান ছাড়া পাৰ তখন বন্ধ পাগল। য
গেছে। নথিকা মেচ। ১৭৭ এম্বয়ে গম পাগ য়ে।

পনদিন কিষণ কুন্দনজী পাড়িও চাশিয়ে নিম্ন গেনেন পেক
শহৰে অতি বিখ্যাত ডলপ্ৰপাত দেখাও। জলপাতটি ৩-ই
বিখ্যাত বটে কিন্তু এক ধোঁটাও জল পাত্ৰে না ত ন। সেই জুন
জুলাই মাসে ঢল নামবে।

চন কিন্তু নেমেছে মন আমাব বুবেব মণ্ডে। সমস্ত আবৰ্জনা
এক বাক্সে লোখান ভাসিয়ে নিয়ে গেছে। কিষণ কুন্দনজী খুবই
দামী পাত্ৰে ব্যাপার কামান, পাশে বসে বুনা ফুলেব গন্ধ পাচ্ছি।
উনি শোনাচ্ছেন ওঁব বিন্ধেৰ বাহিনী। ওঁব পুত্ৰ তিনটিব যিনি
জননী িনি এমদা দানাব দলে অভিনয় কবতেন। যাহা ওখালাবা
এসেছিল ওঁব কেলিবাওত। প্রথম বজনৌব পবেই তানা তাদেব
সুখ্যাত নাথিবাটিকে পোবাল। অবশ্য বেশ কিছু অর্থদণ্ড দিতে
হায়েছিল ভট্টজীকে। এ হোক, জিতে গেছেন তো তিনি। অমন
পৰিবাব ক'টা লোকেব ভাগো জোটে।

মনে মনে তখন অ মি হিসাব মেলাচ্ছি। নীট ওজন কমসে কম

এক শ' পঞ্চাশ কিলোগ্রাম, দশ দশ বিশ কিলোগ্রাম ওজনের বুক
 ছটো বাদ দিলে দাঁড়াবে এক শ' ত্রিশ কিলোগ্রাম সোনারানা যা
 রয়েছে অঙ্গে তাব ওজনও এক কিলোগ্রামের কম নয়। তাহলে
 দাঁড়াচ্ছে বাদসাদ দিয়ে এক শ' উনত্রিশ কিলো। গোপেশ্বর বাবু
 পবিবাব সান্নিধ্য ওজনটা ছিল বড় চোব চষিশ কিলোগ্রাম। হিসাব
 মেলাতে পাবলাম না। এক শ' উনত্রিশ থেকে চষিশ বাদ দিলে যা
 থাকে সেটা গৌজামিল। উননব্বই বিলো বেড়ে গোছ। তাহলে
 কি গৌজামিল দেওয়া যায়।

কোন প্রলেমই সলভ হল না। খেই বাবিয়ে গেল। মাথায়
 কপোলী লাগ কালনাগিনী যখন ছ'হাত উঁচু হয়ে ফণা ধবে নাচে
 তখন খুঁট লোভ হয় জ' হাতে তাবে সাপটে ধবতে। লাঃ লি!
 সাপটে ধবলে নাগটা সিস হিস কবে গুণিয়ে দেবে হয়তো—যা
 পেতে চাইছে না কি এতটা পাওনা বাবা।

অতি অসার্থক আমার এই খেই হারানো উপভাসের চরিত্ররা যা পেতে চায় আর যা পায়, তা নিয়ে মাথা ঘামায় না। যা পেল তাই নিয়েই মশগুল হয়ে রইল। মোদ্দা কথাটা হচ্ছে ওজন খানিকটা বাড়লেই হল। বাড়তি ওজনটার সঙ্গে খাপ খাইয়ে নিতে পারলে আর কোন কথা নেই। টেনে দাও দাঁড়ি। দাঁড়ি টানবাব পরে আর কি কিছু বলার থাকে, নতুন চরিত্রদের নিয়ে আবার তখন শুরু করতে হয়।

আর যে হতভাগা বা হতভাগী খাপ খাওয়াতে পারে না নিজেকে নিজের গুরুভারের সঙ্গে, তাকে নিয়েই হয় মরণ। যেমন নিশিকান্তদা।

নিশিকান্তদা শেষ পর্যন্ত খুন করতে বাধ্য হলেন। খুন করাব আগে হলেন তাত্ত্বিক, রক্তবস্ত্র পরে কপালে মস্ত বড় সিঁহুরের ফোঁটা লাগিয়ে গলায় রুদ্রাক্ষের মালা ঝুলিয়ে ভোরসে সাধনা শুরু করে দিলেন। যে মানুষ সাত চড়েও রা কাড়ত না, তার মুখ দিয়ে মৃতমুণ্ড বোম তারা আর বোম কালী ছিটকে বেরোতে লাগল। ক্ষুদিরাম রটিয়ে দিলে, বাবু রাত দশটা থেকে ভোর পর্যন্ত ঘটি ঘটি কার্জন পান করেন। আনু বাগ্‌দীর উঠোনে টিন টিন মাল নামতে লাগল। গন্ধের চোটে বাগ্‌দীপাড়ার দিকে পা বাড়ায় কার সাধ্য। দলবল নিয়ে ভূষণ মোড়ল নিশিকান্তদা'র আটচালায় অষ্টপ্রহর গড়াগড়ি খাচ্ছে। ফি অমাবস্তায় বুড়ি মায়ের গাছ তলায় ধুমধাম করে পূজো, গণ্ডা গণ্ডা পাঁঠা বলি, সেই সঙ্গে মুক্তাঙ্গনে চক্রাঙ্গষ্ঠান, হৈ হৈ কাণ্ড লেগে গেল। তারপর সেই খুন, নিশিকান্তদা'র বাড়িতে নিশিকান্তদা'র ঠাকুরঘরের মধ্যে পাওয়া গেল ধড়টা, মুণ্ডটা লোপাট। সেই সঙ্গে

নিশিকান্তদাও উধাও, চতুর্দিকের বিশখানা গাঁ তোলপাড় করেও
নিশিকান্তদা-কে পাওয়া গেল না।

লোকে বললে, নিশিকান্তদা-কেও খুন করা হয়েছে, খুন কবে
লাশটাকে সরিয়ে ফেলা হয়েছে। যাদেব বুদ্ধি একটু মোটা তারা
বলাবলি করতে লাগল, খুন করে মুণ্ডটাকে নিয়ে নিশিকান্ত সরে
পড়েছেন। কিন্তু সরে পড়লেন কেমন কবে? রাত বারোটা পর্যন্ত
বুড়ি মায়ের তলায় ছিলেন, অনেকে দেখেছে। তার মানে রাত
বারোটার পূর্ব তিনি বাড়ি ফিরেছিলেন। ভোব চারটেয় বাবুকে
তামাক দিতে গিয়ে ক্ষুদিবাম মুণ্ডহীন ধড়টা দেখে চোঁচামেচি করে
লোক জমা কবে ফেলে। সঙ্গে সঙ্গে গুরু হয়ে যায় খোঁজা,
চতুর্দিকের বিশখানা গাঁয়ে তোলপাড় লেগে যায়। দশ ক্রোশ দূরে
শহর, গরুর গাড়ি বা মোষের গাড়ি ছাড়া যানবাহন নেই। তিন
চাব ঘণ্টার মধ্যে পায়ে হেঁটে শহরে পৌঁছে রেলগাড়ি চেপে পালিয়ে
গেছেন নিশিকান্তদা, এ কি কখনও হতে পারে! নিশ্চয়ই কোথাও
থুকিয়ে আছেন।

খুঁজতে খুঁজতে হয়বান হয়ে অনেকে বলতে শুরু করলে কোন
পুকুরে বা দীঘিতে পড়ে নিশিকান্তদা আত্মহত্যা করেছেন।

যা হবার তাই হল, মাস খানেকের মধ্যে লোকে ভুলতে বসল
নিশিকান্তদা-কে। ওঁর বাড়ির নামটা পালটে গেল। শিবু ঠাকুর
গলাকাটা বাড়ির পুরুত, নিত্যসেবাটা তিনি তাগ করলেন না।
রোজ সকালে গিয়ে সিদ্ধেশ্বরীর পূজা করে ভিড়ে চালগুলো গামছায়
বেঁধে ঘরে নিয়ে আসতেন। ঠাকুরের পত্নী সংসার চালাবার জন্তে
ঠোঙা বানিয়ে গৌর মুদীর দোকানে চালান করতেন, তেলটা ছুঁটটা
তা থেকে হয়ে যেত। গৌরের দোকান থেকে কি যেন এল এক
ঠোঙায়। ঠোঙাটার ওপর নজর পড়তেই ছুঁটলাম আমি শিবু
ঠাকুরের বাড়ি। গামছা পবে শিবু ঠাকুর তখন দাওয়া লেপছিলেন।
খুঁট তুলে গা-গতঙ্গ ঢাকবার চেষ্টা করতে করতে শুনিয়ে দিলেন যে

ঠাকুর হাটে গেছেন। তা যান, ঠাকুরের সঙ্গে আমার দরকার কি। ঝড়াক্সে একটা টাকা তাঁর পায়ের কাছে ফেলে দিয়ে দাওয়ার কিনারায় কপাল ঠেকিয়ে পেল্লাম করলাম। তারপর গলা খাটো করে নিবেদন করলাম আমার আরজিটুকু। গলাকাটা বাড়ি থেকে যে সব কাগজ-পত্র নিয়ে আসেন ঠাকুরমশাই সেগুলো আমি চাই। ঠোঙা বানিয়ে যা পান ঠাকুরণ তার চেয়ে অনেক বেশী দেব। নগদ ছ' টাকা সেরে কিনব। ইচ্ছে হলে সেই ঝুহুর্তেই তিনি ছ' সেরের দাম আগাম নিতে পারেন।

কর করে চারটে টাকা বার করতে দেখে ঠাকুরণ কাবু হয়ে পড়লেন। ঘরের মধ্যে ঢুকে গামছা ছেড়ে কাপড় পরে খান দশেক বাঁধানো খাতা বার করে আনলেন। ওজন-পত্র আর করতে হল না। আর একটি টাকা খসাতেই থাউকো দরে খাতাগুলো আমার হস্তগত হল। তাড়াতাড়ি আমাকে বিদেয় করতে পারলে বাঁচেন তখন ঠাকুরণ, টাকা ক'টি সামলাতে হবে। ঠাকুর যদি টের পান ঠাকুরণের হাতে টাকা আছে তাহলে সব যাবে আকিমের দোকানে। ওকে কথা দিতে হল যে জেনদেনটা কাকে বকে টের পাবে না। উনিও আমায় কথা দিলেন যে গলাকাটা বাড়ি থেকে কাগজ-পত্র যা নিয়ে আসবেন ঠাকুরমশাই সবই উনি আমাকে বেচবেন। ঠোঙা বানাবার জন্তে প্রনো খবরের কাগজ আমি যোগাড় করে দেব।

নিশিকান্তদার হাতের লেখা আমি চিনতাম। আমাদের অ্যামেচার পার্টিতে যে সব নাটক হত সেই সব নাটকের পার্টগুলো নিশিকান্তদা আলাদা আলাদা করে লিখে দিতেন। ওঁর লেখা পড়ে অনেকবার অনেক পার্ট মুখস্থ করেছি। যাকে বলে মুক্তার মতো ইস্তাফর, এতটুকু কাটাকুটি নেই, একটা বানান ভুল নেই। গড়গড় করে পড়ে ফেললাম সেই খাতাগুলোয় যা ছিল। আত্মকথা লিখে রেখে গেছেন নিশিকান্তদা। আত্মকথা নয় আত্মচিন্তা। সেই আত্ম-চিন্তার খানিকটা এখানে তুলে দিচ্ছি।

কি কবে এটা সম্ভব হল।

যেটা সম্ভব হল সেটা নিশ্চিতদা কল্পনাও কবতে পারেননি।
তাই ঐ মস্ত বড় একটা বিন্মযেব চিহ্ন। সেই বিন্মযেব
ব্যাপাবটা কী?

বাস্তবিক পক্ষে ওকে কি আমি চিনতাম? সাত বছর ন' মাস
তের দিন আগে জানতাম কি আমি যে মালা নামের কেউ কোথাও
আছে? আলো সানাই শাঁক উলু প্রচণ্ড হৈ চৈ আব প্রবল উত্তেজনা,
চোখে চোখে দেখা হল, মালাবদল হল, ফুবিযে গেল। হ্যাঁ, একটা
দিক চুকে গেল একেবারে। মেনে গিলাম, সন্তুষ্ট চিওে স্বীকার
কবলাম নিজের ভাগ্যকে। আব চিণ্ডা নেই, মাথা ঘামিয়ে আব
মবতে হবে না অজানা' জন্তে। জানা হয়ে গেছে, যা পাওযাব
পাওযা হয়ে গেল। নিকদবেগে বাকী জীবনটা কাটানো যাবে।

হায় নিকদেগ।

একটা সস্তা কথা হামেশা সবাই কপচায়। কথাটি হল কাম।
কাম হচ্ছে সেই আঙুন, যে আঙুন আমাদেব মব্যে থাকার দরুণ
আমরা পাগল হয়ে উঠি। আমবা বলতে আমি নাবী ও পুরুষ দু'
জাতকেই বোঝাতে চাচ্ছি। আমি আব মালা, আমরা প্রায় খেপে
উঠেছিলাম। কিসেব তাডনায়? ঐ কাম, কিন্তু কামেব জন্মদাতাব
নাম বেড জানে? কাম বলতে যা বোঝায় তার উৎপত্তিব কারণ
কেউ বলতে পারে?

আমি পাবি। ঝাডা কুড়ি বাইশ দিন প্রতি মুহূর্তে মর্মে মর্মে
আমি টেব পেয়েছি কাম কোথা থেকে জন্মায়। উদবেগ হচ্ছে
কামেব উৎপত্তি স্থল। সেই উদবেগটি কি?

আমি মবব তা আমি জানি। ম'ব'বা সবাই একাদন মা'বা
যাবেন তা আমার জানা আছে। জ্ঞান হ'ব'ব পব থেকেই দেখছি
মানুষ মরছে। সাপে কাটছে বাঘে মা'বেছে আঙুনে পুডছে জলে
ডুবছে বজ্রাঘাত প'ব'ছে মাথায। তাবপব আছে মা'ব'মাবি কবে

মবা।' জ্ব-কলেরা তো আছেই। না খেতে পেয়ে মরা বা অত্যধিক খেয়ে পিলে ফেটে মরা, মরবার জন্তে কত রকমের পথ খোলা আছে তাব হিসেব কে দেবে। মোটের ওপর মরণকে নিয়েই জন্মেছি আমরা, মরণকে নিয়েই ঘব করছি, তাই মরণকে আমরা সত্যিই কেউ খুব বেশী পরোয়া করি না। তা হলেও একটা বিস্তী জাতের উদ্বেগ আমাদের মনের তলায় ঘাপিটি মেরে থাকে। সেটা হচ্ছে কে কখন মববে তা আমরা জানি না। মালাকে যেদিন পেলাম সেদিন, খাট-আলমারি বাস-প্যাটরা গহনা-পত্র বাসন-কোসন সবই পেলামি মালার বাপের কাছ থেকে, পেলাম না শুধু একখানা দলিল! কত দিনের জন্তে তাঁর কন্তে রত্নটি আমাব ঘব কবতে এলেন নেটা তিনি লিখে দিলেন না। কন্তে রত্নটির সঙ্গে এক অদৃশ্য যন্ত্রণা তিনি আমায় গঢ়ালেন। কখন কোন্ মুহূর্তে বউটি আমার হাত পিছলে পালাবে এই উদ্বেগটিও মালাব সঙ্গে উপবি পানো হল। তাঁর আশে ছিল বাবা কবে মাবা যাবেন মা কবে মাবা ঘাবেন ভাইটা যদি মাবা যায় নোনটা ফিল হবে না ভো ইত্যাদি গোটা সাতেক উদ্বেগ, আব একটা বাড়ল। বোঝাব ওপর শাবের আঁটি।

মা বাপের ওপর টান, যাকে সবাই ভক্তি বলে, ভাই বোনের ওপর টান বাব নাম হচ্ছে স্নেহ ভালবাসা, পাড়া-পড়শী বন্ধু বান্ধব চেনা-জানা যার ওপরেই যে জাতের টান থাকুক, সব জাতের টানই, জন্মেছে ঐ উদ্বেগ থেকে। কে যে কখন খসে পড়বে তা আমরা জানি না। তাই আমরা একে অপরকে আঁকড়ে ধরে বেঁচে থাকি। সদা সর্বক্ষণ আঁতকে বেঁচে আছি আমরা। ঐ আঁতকে থাকার দক্ষণই একে অপরের জন্তে প্রাণ দিতে বাঁপিয়ে পড়ি। অলক্ষ্যে দাড়িয়ে মরণ দাঁত বার করে হাসছে, হাত বাড়িয়ে ছুঁসেই হয়। এই হল আমাদের জীবন, এই দুশমন জীবনকে বরদাস্ত করতে হলে কামকেও বরদাস্ত করতে হবে। কামই হল একমাত্র দাওয়াই যা

আমাদের ঐ উদ্বেগ থেকে কিছুক্ষণের জন্যে রেহাই দেয়। কাম
জন্মায়ও কিন্তু ঐ উদ্বেগ থেকে, এইটুকুই হল মজা।

মালাব পেটে বাচ্চা এল।

একটা থেকে আর একটা উৎপত্তি। বউটি কবে খসে পড়বে
এই উদ্বেগ থেকে যাব উৎপত্তি হ'ল তখন তখন নাম হচ্ছে প্রেম, সেই
প্রেমই আবার জন্মদান কবল আবার এক উদ্বেগকে। পেটে বাচ্চা
এল মালাব। একশ' গুণ বেড়ে গেল মালার ওপর টান। কি
বিপদেই পড়া পোতা বাবা! ছেলে হ'লে গিয়ে কিছু একটা
এদি হয়।

কিছু একটা তো হচ্ছেই হবদম। ছোলে হতে গিয়ে অমুকের
বউ অমুকের মেয়ে অমুকের নাতনী ভাইবী বা ভাগ্নে-বউ একদম
খসে পড়ছে। এখন উপায়! যদি একটা কিছু ঘটে বসে!

মালাব পান্নে চোখ মেলে হাকাত্তে পারি না। মুখে কিন্তু খুবই
বড়াই শিঁ। এ.এ.এ. সাহস দিই, কিছু হ'লে না, বাবা তো বলেছেন
শহর থেকে ডাঙার আদাম আসবে। যাই বলি না মুখে, বুক
টিপটিপ ক'বে। আমায় বুকের ওপর মাথা রেখে সেই টিপটিপনি
মালাব শুনতে পায়।

কি উদ্বেগ! কি উৎকণ্ঠ! আর সেই সঙ্গে কি টান!

চেনা জানা যতগুলো দেব-দেবী ছিল সকলের কাছে বেপনোয়া
মানত করতে শুরু কবলাম। কে জানে অত মানত শোধ দেব
কেমন করে!

দেব-দেবীদের মধ্যে একজনের কথা খেয়াল করে উঠতে পারিনি।
তাই তিনি শোধ নিতে চাইলেন। লোকে বলে মায়েব দয়া, পেটে
তখন মালার পাঁচ মাসের বাচ্চা, মায়ের দয়া হল। একদম যার নাম
চর্মদল, চর্মদল বসন্ত হল বসন্তদের মধ্যে নৈকশ্য কুলীন। হারাণ
কবিরাজ মশাই খড়ম খটখটিয়ে এসে এক নজর দেখেই ফিরে
গেলেন। বাবা! কি হ'লে স্বপ্নে গেলেন, প্রত্যেকের মুখ হুঁকিয়ে

গেল। তু' দিন পবেই বোঝা গেল ব্যাপারটা, আপাদমস্তক এমন ভাবে ছেয়ে গেল গুটিতে যে একটা থেকে আর একটাকে আলাদা করে চেনা যায় না। বসন্তের নাম চর্মদল, যার প্রধান লক্ষণ হচ্ছে দিন পাঁচেকের মধ্যে সমস্ত চামড়ার নিচেটা পুঁজে ভরে উঠবে। মালার ধারে কাছে যেতে দেবে না আমাকে, বউ মরে মরুক, ছেলে বেঁচে থাকলে আবার বিয়ে দেওয়া যাবে।

মাথায় খুন চেপে গেল। বাত দশটায় পালালাম। সমস্ত রাত ছুটে নদীর ধাবে পৌঁছলাম। সাতবে নদী পার হয়ে নয়নচাঁদ আউলের আখড়ায় যখন পৌঁছলাম তখন সবে সূর্যোদয় হচ্ছে। আউলকে পাওয়া গেল, আছড়ে পড়লাম গায়েব ওপবা। ওষুধ বাতলালেন। একটা মশারি চাই আর চাই কয়েক সের সাদা ধুনো। মশারি মধ্য রোগিণীকে ছুঁয়ে দিবা-রাত্র বসে থাকতে হবে একজনকে। একটার পর একটা ধুলুচি ভরে টিকের আগুন দিতে হবে মশারির ভেতর। সেই আগুনে অষ্টপ্রহর ধুনো পোড়ালত হবে। ধুনোর ধোঁয়ায় দম আটকে আসবে, তবু বসে থাকতে হবে রোগিণীকে ছুঁয়ে। তিন দিন তিন রাত সমানে ঐ ভাবে ধুনো পোড়ালে রোগিণীর হুঁশ হবে। তাবপর আর সাতদিন সাতরাত চালাতে হবে ধুনোব ধোঁয়ায় সঁকা, নিজে থেকে পুঁজ গুঁকিয়ে যাবে।

“কিন্তু এই শবসাধনা কে করবে বাবা?” আউল জানতে চাইলেন।

জবাব দিলাম না। আবার দৌড়, গঙ্গা পার হয়ে মরীয়া হয়ে ছুটলাম। ছপুর প্রায় পার হতে চলেছে, ছেলের জন্তে কান্নাকাটি পড়েছে বাড়িতে, জ্যাস্ত ছেলে ফিরে আসাতে সবাই হাঁফ ছাড়লো। চোখ মুখ শরীরের দশা দেখে কেউ বাধা দিতে সাহস করলে না। সোজা গিয়ে ঢুকলাম রোগিণীর ঘরে। খাট থেকে নামিয়ে রোগিণীকে তখন মেঝেয় শোয়ানো হয়েছে। মাছি ভনভন করছে

মুখেব ওপর, জ্যান্ত কিনা বোঝাই যাচ্ছে না। বসে পড়লাম পাশে, সবাইকে শুনিয়ে দিলাম আউল যা বলেছেন। বিয়েতে পাওয়া মশাবিটা তোলা ছিল, সেটা এনে টাঙিয়ে দিল কেউ! এল ধুতি টিকে ধুনো। শুরু হল আমার শবসাধনা। সমানে দশ দিন দশরাত ছুঁয়ে বসে রইলাম সেই মড়া। ধোঁয়ার চোটে চোখ প্রায় কানা হয়ে গেল। যাক, মবণকে তো মুখোমুখি দেখা গেল।

সেই প্রথম টেব পেলাম কাম কি। কাম আর মরণ এক জিনিসেবই এপিঠ ওপিঠ। ওব একটার সঙ্গে যদি পবিচয় হয় তাহলে অপবটাও অচেনা থাকে না।

সেই প্রথম বুঝে পাবলাম, মালাকে আমি চিনিও না জানিও না। মালাব জন্তে আমি জান কবুল কবে দশদিন দশরাত শবসাধনা করিনি, নিজেব জন্তে যা কনাব কবেছি! বক্ষা পেল মালা, বাচ্চাটা পেট থেকে পড়ে গেল, পচা মড়া। মড়া পচা গন্ধ পুঁজ বস্ত্র ছুঁহাতে সাক্ষ কবতে হল আবও সাং দিন ধরে। কে টুকবে ঘবে? যমেব সঙ্গে লড়াই চলছে যেখানে, সেখানে কে মাথা গলাতে যাবে।

একুশ দিনেব দিন আবাব এলেন হাবাণ কনিবাজ মশাই। বলে গেলেন, ঐ নিদানেব বিবান তাঁর শাস্ত্রেও না কি আছে। ধনের ধোঁয়ায় বসন্তেব বিষ নষ্ট হ। কিন্তু জান কবুল কবে সতের দিন কগী ছুঁয়ে কে বসে থাকবে মশাবিব মধ্যে। একটি বাবেব ভ্রাত্তে কগী ছেড়ে ওঠা চলবে না। বিবাবেব কগী বিভীষিকা দেখে। বিভীষিকা দেখে চমকে উঠলেই মাঝা যায়।

ঠিক তাই, বিভীষিকাই দেখত মালা। কানেব কাছে মুখ নিয়ে বাদকয়েক ডাকাডাকি কবলেই শান্ত হত। একুশ দিনের দিন বেশী করে ঘি দেওয়া একটু হালুয়া কোনও বকমে গিলতে পাবল। তখন আমাকে জোর কবে তুলে নিয়ে গেলেন বাবা। স্নান করলাম একুশ দিন পরে, ভাত খেলাম। একুশ দিন, দিনে রাতে ছুঁবার চা খেয়েই কেটেছে। তা ঝটুক, উদ্বেগ কিন্তু নাশ হল। সেই সঙ্গে ঐ

যাকে বলে কাম সেই জিনিসটাও কপূৰ্ণেই মতো উবে গেল। মালা মানে মালা, বক্তে মা'সে ৭টা আমাবই মতো একটা জীব। কোনও রহস্য নেই আর মালাই মথো! এতটুকু বোমাঞ্চ হয় না ছুলে। সব থেকে বড় কথা মালাই চোখ দুটিতে আব বিছাৎ গেলবে না কখনও। প্রাণ বাঁচল, গায়ে মুখে কোথাও বিশেষ দাগও বইল না চোখ দুটি কিন্তু নষ্ট হয়ে গেল। চোখেই জায়গায় চোখেই কিছু মাত্র নেই। রক্তবর্ণ দুটো গর্ত আমাব পানে তাকিয়ে ভেঙেচাঙে লাগল। সোনার ক্রেমে কালো কাচ বসিয়ে ঢেকে দেয়া হ'ল সেই গর্ত দুটো, লজ্জাব হাত থেকে আমি বেহাই পেলাম।

লজ্জা। হ্যাঁ, লজ্জা বৌকি। ফেন আমায় এত কবে বাঁচাও গেলে, এই জাতের একটা প্রশ্ন কবল মাল'। জবাব দিতে পাবনাম না। নিদাকণ লজ্জাই পেলাম। সত্যিই তো ওর চোখ দুটো বাঁচাও পারিনি।

এব পর অনেকগুলো পাঠ্য আছে নিশিবাষ্ট 'ব গুপ্ত সাধনা' বৃত্তান্ত। মালা অন্ধ হয়ে বসে বইল ঘবে, নিশিবাষ্টদ। গুপ্ত সাধনা কবতে গুপ্ত ভাবে আউলদেব আখড়ার ভিড়ে গেলেন। সেই পবমার্থ সাধনের আসল কথাটি হচ্ছে এ' কাম। খুঁটিয়ে খুঁটিয়ে কামকে জাগাও। ঐ গাঙন তোমাবই মথো রয়েছে, কিছুতেই এ' আশুনকে নিভতে দিও না। দিবা বাত্র অষ্টগ্রহব পোড়'ও নিজেই এ' আশুনকে, মন বুদ্ধি চৈতন্য সমস্ত আকৃতি দাও। স্নায়ু স্নায়ু ধর্ম-অধ্য সন রকমেব হৃদয়বৃত্তি যখন পুড়ে ছাই হবে তখন আব ছিটেকোঁটা বাদ থাকবে না। আসল আমিটিকে চিনতে পাববে। সেই আমিই উদ্বেগ নেই, অশান্তি নেই, ছোকছোকানি নেই। সেই আমি এখন আউল, তখন সে প্রাণ দিয়ে গাইতে পাবে—

দেখ না মন নেহাব কবে।

আছে এক বস্তু চাপা, ঠসে ঢাকা রসিক জনাব অম্বব।

সেই বস্তুটি, যেটি বসে ঢাকা বসিক জনাব অন্তবে বয়েছে, সেই বস্তুটির
সন্ধান পেতে হলে বেপনে'য়া হয়ে ঐ কামকেই ভজনা বর। যে কাম
জন্মে হেতু। জন্ম মৃত্যু ববন থেকে যদি নিষ্কৃতি পেতে চাও,
তাহলে জন্ম মৃত্যু সেই হেতুটিকে নাশ কব।

কামপন নিশিকাস্তদা বর্ণনা কবোছন অনেক বকমেব সাধন
প্রক্রিয়া। ১. জাতিব নানীর সঙ্গে এক বকম ভাবে পবমার্থ সাধন
কব। হাতে তার নকশা খুঁটি খুঁটি লিখেছেন। মোদ্ধা কথাটা
তাহলে সব সাধনাব বন লাগে হয় এই তিনটি দুবলতাকে নাশ কবা
চল। নাবীর ওয়া অব। এখন লগছে তখন নাবীর মলমুত্র
বঙশ্রী। সবই চি ১০ হা। পুরষেব কাছে নাবী হল একটা
সংলাব উপচাব, নাবীর কাছে পুরুষও তাই। হৃদযেব স্থান নেই।
সেই নাবীর মা ৩০'দি কথাগুণা একদম বগ্জে কথা, আসল কথা
ঐ কাম, ঐ আকষণ, ঐ ছোকছোকান। ঐ আসল জিনিসটি সম্বল
বাব অংশ সব দাঙ। অনেক ব। গাব জগ্জে ছোকছোক কব
গাব গো গোম য দিচ্ছি, ঐ জিনিসটা অবলম্বন কব স্থি হও তো
লাপু।

হল। ন। ৩ ৭ট নোন ন। শকাঙ।, বে ১০ হবাব নয়।
মন চি দুভব সাপা মল না। । বিশেষ নাবী তার হৃদযটিকে
মনেতে দেন। ন। নাবী দেহ, ন নীন্দাহ মল মূল বঙশ্রী, নাবীদেহেব
বিশেষ বিশেষ জামন ১১। দুনিয়া ১১ মন, মামতই নও। কিন্তু
গাব চোগও দেহ ৬ একটা মনে। ন গাল পো'ব গোলন। সেই
সভাটা হল নাবী পু'ব নাবীদেহ নও, দেহটা বাদ দিলেও নাবী নাবীই।
দেহেব ওপব টানটাই সাক্ষি নয়, ঐ টান একেবাবে মবে গেলেও
আবও কিছু বোট থাকে। সেই কিছুটা হল, নাবী একটা আশ্রয়,
একটা পবন নিভবস্তল। দেহ দান কবে কোনও নাবী কোন পুরুষকে
বেঁবে বাখতে পাববে না। “ভয় কি, আমি তো রয়েছি”—এই
মহাবাক্যটি অদেখ। আশ্রবে যে নাবী তাব পুরুষের বুকেব মধ্যে লিখে

দিতে পারে, সেই নারীই হল নারী। বাকী সবাই রক্ত মাংস মেদ মজ্জা হাড় মল মূত্র ইত্যাদি কতকগুলো বস্তুব পিণ্ড। ঐ পিণ্ড অবিশ্রান্ত চটকাতে থাকলে কাম মবে ঠিকই কিন্তু নাবীর আশ্রয় না পাওয়ার হাহাকারটা বেঁচে থাকে। ফিরতে হল নিশিকান্তদাকে, আউলরা ওঁকে পরমার্থের সন্ধান দিতে পারল না। সোনার ফ্রেমে কালো কাঁচ বসানো চশমা পবে ঘরে রয়েছে মালা। বড় মানুষের পুত্রবধূ বড় মানুষের কন্যা। সারা দেহে অবিশ্রান্ত খাঁটি ছুঁপেব সর মাথাতে মাথাতে আব কচি ডাবেব জলে স্নান কবাতে করাতে বিদকুটে ব্যাধির সমস্ত চিহ্ন মুছে ফেলা হয়েছে। রূপ লাভণ্যের জোয়াব বইছে মালার দেহে। কিন্তু সে দেহেব আব এতটুকু দাম নেই নিশিকান্তদাব কাছে। ঐ দেহটাকে উনি ভালভাবে চেনেন। পুঁজ রক্ত মড়াপচা গন্ধ আবও কত কি। হঠাৎ তিনি নিজেব নিজে প্রশ্ন কবে বসলেন—বাস্তবিক পক্ষে ওকে কি আমি চিনতাম? আট বছর ন’ মাস তের দিন আগে জানতাম কি আমি যে মালা নামে বেউ কোঁথাও আছে?

সঠিক হিসেব। ফি বছর ছেলেব নিয়েব দিনে নিশিকান্তদাব বাবা লোকজন ডেকে ভূবিভাজন দিতেন। বিয়েব পর ছ’বাব সেই উৎসব হয়ে গেছে। বউ অন্ধ হবাব পবেও ছ’বাব হয়েছে, আড়াই মাস পরে আবার হবে। বেঁকে বসলেন নিশিকান্তদা, আর দবকাব নেই। ফি বছর লোকজন ডেকে উৎসব করে কি স্মরণ কবা হচ্ছে? যা স্মরণ করার আয়োজন, যত তাড়াতাড়ি তা মন থেকে মুছে যায় সেই চেষ্টাই কবা উচিত।

কেন উচিত?

আবার নিশিকান্তদার খাতার পাতা থেকে শোনাতে হবে। নিশিকান্তদা লিখছেন—

মালার কাছে আমি আশ্রয় পাবার আশায় ফিরে এসেছিলাম।

অকপটে সমস্ত শোনালাম মালাকে, বোঝাবার চেষ্টা করলাম, নারী-
দেহের ওপর আব আমার ছিটেকোটা মোহ নেই। ঘরের বাইরে
বৈরোবার আর সাহস নেই আমাব, লুকিয়ে থাকতে চাই আমি।
আমাকে আড়াল করে আগলে রাখে।

খুবই সামান্য কথায় অসামান্য জবাব দিল মালা, “আমায় ছুঁয়ে
দিও না।”

আমার মতো অশুচিকে ছুঁলে মালার অতি পবিত্র সতীত্ব ফ্যাকাশে
হয়ে যাবে। নেড়ী কুস্তার পিঠে এক ঘা বসিয়ে দিলে সে যেমন কেঁউ
কেঁউ করতে করতে সবে পড়ে সেই ভাবে সরে পড়লাম। আশ্রয়
পাওয়ার নেশা ছুটে গেল। পরদিনই আলাদা ঘরে শোয়ার ব্যবস্থা
কবতে হল। তাতেও শান্তি হল না, বড়লোক বাপকে ডাকিয়ে এনে
বিলকুল শুনিয়ে দিলে মালা, তিনি মেয়ে নিয়ে চলে গেলেন। বছর
বছর বিয়েব বাৎসবিক শ্রাদ্ধটা বন্ধ হল।

বাবা মারা গেলেন। বিষয় সম্পত্তি ভাইকে বন্ধিয়ে দিয়ে বেবিয়ে
পড়লাম। শান্তি পেতে হবে। খুঁজে দেখতে হবে কোথায় শান্তি
পাওয়া যায়। কয়েকটা নামজাদা তীর্থে ঘোবাব ফলে শান্তি খোঁজার
নেশাটাও ছুটে গেল। তীর্থ স্থানে ধর্ম ওজন দবে বেচাকেনা হয়।
দেবদত্তর করাব জনো ছুঁলে দালালবা ঘুরে বেড়াচ্ছে। ডাকাডাকি
ঠাকাহাকির চোটে মেছোহাটাকেও হার মানায় তীর্থস্থানগুলোর
ধর্মবাজার। ফিরতে হল। ফিবে এসে নন্দরানীব কাছে আশ্রয়
পেলাম।

নন্দরানীও আমার মতো শান্তি পাবার আশায় তীর্থে তীর্থে ঘুরে
মরছিল। রক্তবস্ত্র ত্রিশূল কমণ্ডলু-ধারিণী এক সন্ন্যাসিনীর সঙ্গে দেখা
হয়েছিল কন্যাকুমাৰীতে। সন্ন্যাসিনী বাঙলা দেশের মেয়ে শুনে
তার আশ্রমের ঠিকানা জানতে চেয়েছিলাম। ঠিকানা দিলেন,
আমার নাম ধাম পরিচয়ও নিলেন। ঘুরতে ঘুরতে তার কথা ভুলেই
গিয়েছিলাম। বাড়ি ফিরে শুনলাম কে একজন সপ্তাহে একবার

আমাব খোঁজে আসে। দিন চার পাঁচ পরে সেই লোকটি এল।
সবিনয়ে নিবেদন কবান, তাব মনিবেব সঙ্গে একটি বাব দেখা কবতে
যেতে হবে। কিন্তু মনিবটি কে ?

লোকটি একখানা ভিজিটিং কার্ড বান করে হাতে দিলে। পড়ে
দেখলাম, নন্দবানী মিত্র — অ্যাডভোকেট। মেয়ে অ্যাডভোকেট।
হাইকোর্টে আজকাল মেয়েবাও একালতি করে না কি। কিং,
হাইকোর্টে মেয়ে উকিলের সঙ্গে দেখা করতে হবে কেন। আইন
আদালতের এগীমানাব আমি ভুলেও পাশাই না।

বিনয়ের হস্তান্তর লোবটি আমার মুখেব অস্বস্তা রেখে আন কবতে
পাবল বোব হয় কিছু। অশান্ত বৃষ্টিও হাতে বালসে, আমি নাপি
নন্দবানী মিত্র অ্যাডভোকেটকে চিনি। কন্যা মবীতে আমায়
সঙ্গে তাব সাধ্যও হয়েছিল। মিনি আমার চিকানাও দিয়েছিলো।

এবার নন্দবানী অ্যাডভোকেটের চিকানাব ওপর ভরসা
বালিগঞ্জ। এক সন্ধ্যাসিনী তার মাশ্রমেব চিকান দিয়েছিলেন।
বালিগঞ্জে। নন্দবানী অ্যাডভোকেটের বোব হয় সেই সন্ধ্যাসিনী।
যাই হোক, পাশাবটি একবার দেখাও আসবে।

তখনই বওয়ানা হনাম লোকটির সঙ্গে। উপর বেলা মোকাম
আমাকে হাইকোর্টে তিন ঘণ্টা। অ্যাডভোকেট নন্দবানী মানব
প্রধান বিচারপতি মহোদয়ের নামনে দাড়ি বা আরনের বই স্থলে
হেন সব ছিলেন। খানিকটা ভফাও বেবে গ্রাম পানে পার্কিং
থামে গেলাম। কুচকুচে কালো গাড়িবে গলা থেকে পা পহর
ঢাকা অ্যাডভোকেট মহোদয়কে বক্তবস্ত্র পরালে আব হিশুল বমংলু
হাতে দিলে বেনমেন দেখায় তাই বাও লাগলাম। ঘণ্টাখানেকের
মধ্যে মামলা শেষ হল। আমাব সামনে এসে নন্দবানী চোখ পারিয়ে
জিজ্ঞাসা কবলেন, “এওদিন মশায় ছিলেন কোথায় ভনি?”

তৎক্ষণাৎ হাওয়া। নন্দবানীব গাড়িতে নন্দবানীব পাশে বসে
চলে গেলাম নন্দবানীব বাড়িতে। নন্দবানীই গাড়ি চালিয়ে নিয়ে

গেলেন। নামজাদা উকিলের বাড়ি যেমন হয় তাই। নিচের তিনখানা ঘরে আইনের কেতাব বোঝাই গুণ্ডা গুণ্ডা আলমারি, টেবিল চেয়ার নথিপত্র। ওপরের ঘরগুলোয় আইন আদালতের নাম গন্ধ নেই। একখানা ঘরে নন্দরানীর ইষ্টদেবতার আসন, আর একখানায় ইষ্টগুরুর খাট বিছানা। তৃতীয় ঘরখানায় নন্দরানী নিজে থাকেন, দেওয়ালের গায়ে বসানো ছোটো আলমারি ছাড়া কিছুই দেখা গেল না। একটা আলমারি খুলে কস্বল বার করে মেঝেয় বিছিয়ে দিলেন নন্দরানী। তারপর জোড় হাতে নিবেদন করলেন বসবার জন্তে। বসে পড়ে ভারতে লাগলাম, মতলবটা কি!

বেশীক্ষণ ভাবতে হল না। গোটা ছয়েক সোডার বোতল নিয়ে এসে একটা বাচ্চা চাকর এক পাশে সাজিয়ে রেখে গেল। আদালতের সাজপোশাক ছেড়ে রক্তবর্ণ সিল্কের শাড়ি জড়িয়ে এক বোতল হুইস্কি আর ছোটো রূপার গেলাস নিয়ে নন্দরানী দেখা দিলেন। আধ ঘণ্টার মধ্যে আপনি আঙে গোল্লায় গেল, সহজেই ছ'জনের মুখ দিয়ে তুমি তোনোর বেরোতে লাগল। এক ঘণ্টা পরে শুয়ে পড়লাম সেই কস্বলের ওপর। অনেক রাতে ঘুম ভাঙল। চুপি চুপি গিয়ে পাশের ঘরে উকি মেরে দেখি, ইষ্টদেবীর আসনের সামনে নন্দরানী শিরদাঁড়া সোজা করে বসে আছে। একটা তেলের প্রদীপ জ্বলছে ঘরে, অতি সুগন্ধ ধূপ পুড়ছে। নেশার ঘোর তখনও বোল আনা কাটেনি, বেশীক্ষণ দাঁড়িয়ে থাকতে পারলাম না। দরজার বাইরে বসে পড়ে নন্দরানীর অপরাধ এলোচুলের পানে ঝাকিয়ে রইলাম।

নিবিড় অন্ধকার। নিবিড় অন্ধকারে পেছনটা ঢেকে গেছে নন্দরানীর। মনে হল, ঐ অন্ধকারের অন্তরে ডুবে আছে সে। মনে হল আমিও যদি ঐ অন্ধকারের অন্তরে আশ্রয় পেতাম!

তারপর নিশিকান্তদা লিখেছেন তাঁর দীক্ষা নেবার ইতিহাস। নন্দরানীর গুরুদেবের কাছে তিনি দীক্ষা নিলেন। অভিষিক্ত হলেন।

পঞ্চমকার সহযোগে সাধন ভজন শুরু হল। নিজের বাড়িতে ইষ্ট-দেবীর আসন পাতা হল। নন্দবানীব নির্দেশ মতো ঘরখানি সাজানো হল। কৃষ্ণাষ্টমী কৃষ্ণ চতুর্দশীতে চক্রাঙ্গুষ্ঠান, বড় ঘরের সাধক সাধিকা বা গাড়ি হাঁকিয়ে এসে সেই সব অঙ্গুষ্ঠানে যোগ দিতে লাগলেন। ঠিক দুটি বছর হৈ চৈ করে কেটে গেল। তাবপব বলা নেই কওয়া নেই নিম্ন মিত্তিব বাব-এট-ল. উড়ে এলেন বিলেত থেকে। খুব ঘট। কবে হাইকোর্টের উকিল নন্দবানী মিত্তিবকে ফেয়াবওয়াল দেওয়া হল। ভয়ানক নামজাদা হোটেলের বিরাত এক কক্টেল পার্টি হল। পবদিন ওয়াইফ্ নিয়ে মিত্তিব সাহেব পেনে উঠলেন। পেনে চড়বাব আগে নন্দবানী এক ফাঁকে নিশিকান্তদার কানে মুখ ঠেকিয়ে বলে ফেললেন, “সাবধানে থেক, দরকার পড়লে জার কর, উড়ে চলে আসব।”

আশ্রয় ফবসা।

যে নারী নিশিকান্তদার হৃদযটিকে মবতে দিল না, যে নাবীব জুগ্ম নিশিকান্তদা সব ছেড়ে বড় সত্যেব নাগাল পেয়ে গেলেন, বুঝতে পারলেন যে নাবী শুধু একটা নাবীদেহ নয়, দেহটা বাদ দিলেও নাবী নারীই, সেই নাবী যখন তাঁকে ছেড়া জুতোব মতো ছুঁড়ে ফেলে দিয়ে উড়ে চলে গেল, তখন থেকেই তিনি আনু বাগ্দীব ঘরে চাল গুড় পাঠাতে শুরু করলেন। আশপাশেব গাঁ গুলোয় যতগুলো তাড়িথোর আর মাতাল ছিল সবাই ছেকে ধবল ওঁকে। ইষ্টদেবীব সাধনা প্রকাশেই বুড়ি মায়ের তলায় শুক কবে দিলেন। ভেতর থেকে যখন ভয়ানক চাপ পড়ত বুকে, তখন ব্যোম কালী ব্যোম তাবা বলে ডাক ছাড়তে লাগলেন। একদম বেপবোয়া, কে তখন তাঁকে রুখবে। সেই সময় মালা ফিরে এল। শ্বশুবমশাই মেয়েকে দিয়ে গেলেন। মালা স্বামীকে ধরতে ছুঁতে পারল না। অন্ধ মালাকে স্নান করাতে হবে, খাওয়াতে হবে, মালার পুরনো ঝি ক্ষুদিরামের বোন আবাব কাজে লেগে গেল। সাতদিনেব মধ্যে নিশিকান্তদা সুখবরটি শুনলেন,

মালার পেটে বাচ্চা আছে। ক্ষুদ্রারামের বোন ননীবালা গদগদ হয়ে পাড়াময় রটিয়ে বেড়াতে লাগল, দাদাবাবুর ছেলে হবে, বংশটা রক্ষা পাবে।

নিশিকান্তদা মনে মনে হিসেব কষে বার করলেন, তিন বছরের ওপর মালা বাপের বাড়ি কাটিয়ে এসেছে। সঠিক হিসাব, এতটুকু এখার ওখার হবার জো নেই।

মনে পড়ে গেল সেই পুঁজ রক্তের শ্রোত, সেই মড়াপচা গন্ধ। গতবার মরা ছেলেটা যখন মালার পেট থেকে পড়ে গেল তখন ছুঁহাতে তিনি সেই পুঁজ রক্ত সাফ করেছিলেন। আরও অনেক কিছুই মনে পড়ে গেল। সামান্য কথায় অসামান্য জবাব দিয়েছিল মালা, ছুঁতে মানা করেছিল। অশুচি নিশিকান্তদা ছুঁয়ে দিলে মালার ধপধপে সাদা সতীহর রঙ ফিকে হয়ে যাবে। নিশিকান্তদা যা নিখে গেছেন তার উপসংহারটুকু এবার শোনাই।

অণু কেউ হলে নিশ্চয়ই খেপে উঠত। আমি হেসে ফেলেছিলাম, বছরদিন পরে প্রাণ খুলে হেসেছিলাম ইষ্টদেবীর সামনে বসে। চমৎকার, সত্যিই চমৎকাব একটা সংবাদ। শুভ সংবাদ তো বটেই। নিশিকান্তবাবুর ছেলে হবে, নিশিকান্তবাবুর পিতৃপুরুষের পিণ্ডের ব্যবস্থা হচ্ছে। কেউ কিছুই সন্দেহ করতে পারবে না। সবাই জানবে যা হওয়া উচিত তাই হয়েছে। শ্বশুর বাড়ি যাওয়া আসা করতেন নিশিকান্তবাবু, অন্ধ স্ত্রীকে ত্যাগ করেননি। নিজের জান কবুল করে যমের গ্রাস থেকে স্ত্রীকে ফিরিয়ে এনেছেন। অন্ধ হয়ে গেল বৌটি তাই তাকে বাপের বাড়ি রেখে দিয়েছিলেন। ছেলে হবে বলে আবার নিজের কাছে আনিয়ে নিলেন। আদর্শ স্বামীর আদর্শ স্ত্রী, সত্যীসাক্ষী তো একেই বলে।

প্রতিশোধ নেবার কথা একটিবারের জন্তে মনেই উঠল না। কেলেঙ্কারি করতে ঝাব কেন? বাপ-মা মরা একটা ছেলেকে আমি

প্রতিপালন করতে পারি না! এ ছেলে মাল্য পোটে জন্মেছে
 নলেই আমাব শত্রু হয়ে যাবে! নন্দরানী আর তার স্বামী আমাব
 চোখ ফুটিয়ে দিয়ে গেছে। কলকাতায় বসে নন্দরানী কি কনছিল
 তা নিয়ে বিন্দুমাত্র মাথা ঘামানোর না বাক এটো ল. নিম্ন মিত্রিব
 সংহেব। প্রকৃতির মূল্যবান পরিণাম, পরিবর্তন, নিম্ন উড়ে চলে
 গেলেন। নব নব কংসার্তা বিন্দু।

পোটে বাচ্চা হলেই বড়ই চোবী মাল্য চোব দায়ে ধবা পড়ে
 গেছে!

পুকুরের পোটে বাচ্চা হবার চে-ওজাট চাও হয়ে প্রাণী কতদব
 গভীর।

যাক গে, বাপা টংকে তালো ২২ স্বাভাবিক কবার জন্মে
 মাল্য সামনে দাঁড়িয়ে বসিয়ে গেল এনাম, নব পাশের কোণে
 দাঁড়াব নেই। তোমার পোটে যাও না। নই থাও, তোমার সঙ্গ
 বা তোমার মস্তানোর সঙ্গে শব্দ কংসার্তা বিন্দু। সার্বিক
 থাও, মন ভাল বাও, ভাণ্ডার লালব চেলেটা হাব। এ শেষ বাবাব
 মতো হাঙ্গামায় না পড়ে হব। ও ছাড়া—

গামিও নেমন হুটিও তেমনি হলে। এান থেকে হামবা
 গংনেই সমান, বেউ কাউরে ছোট ভালব না।

কি বুঝা মালা সে-ই জানে। দিন দশেক পরে গভীর সন্ধ্যা
 থেকে একটি ছায়া উঠেছে হব। ছোট গাট না বিন্দু মাল্য
 মানাতো, পিসঃভো বা শুভ্র হুঃ ভাউ। মাল্য চোখ তুলে ছব
 পাঁচেকের ছোট। নিবি ২২ফুট ছেলে। স্ক্রাম পড়ে, মানখানেক
 মন বন্ধ, গুঁথেব ছুটি, দাঁড়ি বাড়ে বেউসঃ ও সঃ।

ওদগব মেই মাল্য ২২মী --

নিশিকংসার্তা এনব একটা কংসার্তা বণনা দিয়েছেন যে রাতে
 সৃষ্টিগত বসি লেগে পোটে বসেছিল। স্বপ্ন জল বজ্র, বাজ পড়ল

[illegible]

२६

শক্তি পেলেন নিশিকান্তদা। তাঁর বৃকের ভেতরে যে ঝড়-ঝঞ্ঝা উঠেছিল তা থামল। পরদিন সকালে মালার সেই ভাইটিকে ডেকে এ কথা সে কথা আলাপ করলেন। দিদির বাড়িতে থাকতে কষ্ট হচ্ছে কি না জানতে চাইলেন। ছোকরা আশকারা পেয়ে গেল। এ কদিন ভগ্নীপতির সামনে দাঁড়িয়ে কথা বলবার সাহস হয়নি তার, রক্তবস্ত্র পরা কপালে সিঁহুরের ফোঁটা লাগানো ভগ্নীপতিটিকে আস্ত শমন বলে ধারণা ছিল। ধাবণাটা পালটে গেল। একদম মাটির মানুষকে কেন যে সবাই ভয় করে! ভয়টা আবে ভাল করে ভেঙে দিলেন নিশিকান্তদা অল্প একটু মহাপ্রসাদ পান করিয়ে। চুপি চুপি বলে দিলেন, রোজ সন্ধ্যার পব এসে সে যেন একটু মহাপ্রসাদ নিয়ে যায়। তবে তার দিদি যেন কিছু জানতে না পাবে।

দিদি জানতে পাববে! অণ্ড বোকা অনুপম নয়।

ছোকরাটির নাম অনুপম। নিশিকান্তদা তারপর অনুপমকে নিয়ে মাথা ঘামাতে শুরু করলেন।

আমার জীবনে সর্বপ্রথম আমি পুকষের দেহ নিয়ে মাথা ঘামাতে শুরু করলাম।

নিশিকান্তদা অনুপমের তাজা দেহটির নিখুঁত বর্ণনা দিয়েছেন। মালার ঘরের জানালার পাশে দাঁড়িয়ে অনুপমের সমস্ত শরীরটাকেই তিনি দেখেছিলেন। তখন অনুপমের অঙ্গে এতটুকু আবরণ ছিলনা। মালারও তাই। অঙ্ক দিদির দেহটা নিয়ে সে তখন পাগল হয়ে উঠেছিল। নিশিকান্তদা অনুপমের প্রেমে পড়ে গিয়েছিলেন।

হ্যাঁ, সত্যিই আমি ওর প্রেমে পড়ে গিয়েছি, কোনও সময়েই ওর রূপ ভুলতে পারি না। সদাসর্বক্ষণ ওর নিরাবরণ শরীরটি আমার চোখের সামনে ভাসে। ঘুম ঘুচে গেল, ঘটি ঘটি কারণ পান করেও এতটুকু নেশা হয় না। পাগল হয়ে যাব না কি!

অনুপম বশ মেনেছে। রোজ আসছে, মহাপ্রসাদ গ্রহণ করছে।

ওষ দিকে তাকিয়ে থাকি আর ভাবি। অমন রূপ অমন স্বাস্থ্য সর্বমূলক যুক্ত অমন পাত্র পাওয়া কত বড় ভাগ্যের কথা। কৃষ্ণা চতুর্দশী এগিয়ে আসছে। মঙ্গলবার কৃষ্ণা চতুর্দশী—রোহিনী নক্ষত্র, এত বড় যোগাযোগ কি সহজে পাওয়া যায়।

বুড়ী মায়ের তলায় ইদারাটা জুগলে ছেয়ে গেছে। সাপের ভয়ে ওধারে কেউ যায় না। ইদাটা দেখে এসেছি। চতুর্দশীর রাতে ঐ ইদারার পাশে পৌঁছতে হবে আমাকে। যদি সাপে না খায়—

এরপর আবার একখানা পাতাও পাইনি আমি। শিবু ঠাকরুণ শেষ পাতাগুলো চোঁড়া বানিয়ে গৌর মুদির দোকানে চালান কবেছিলেন। সেই চোঁড়াব একটা আমার হাতে পড়ে যায়। ছুম ডাল কিছু একটা সেই চোঁড়ায় ভবে আমার বাড়িতে এসেছিল।

চাঁদা তুলে বুড়ী মায়ের ইদারাটাকে সাফ কবান হল। শনি মঙ্গলবারে বহু ভক্ত জমা হয়, তাই জল খেতে পারবে। অনেক হাড়-গোড় মাথার খুলি উঠল ইদাবাব ভেতর থেকে। প্রমাণ হল, সত্যিই একদিন কাপালিকবা বুড়ী মায়ের ওখানে শব সাধনা কবতেন, নববাল দিতেন। প্রমাণ হবার পরে বুড়ী মায়ের কপাল ফিরে গেল। ভক্তবা বাবিরে ফেলল বটগাছ তলা। কোথাকার এক শেঠজী এসে স্বতপাথ দিয়ে মুড়ে দিলেন।

এইবার দাঁড়ি। নিশিকান্তদা চরিত্রের এইখানেই ইতি। খেই হাবিষে গেল।

এই সেদিন খবরের কাগজে একটা খবর দেখলাম। খবরটা বিলিতি কাগজে বেঁধেয়েছে। মস্ত বড় এক ভারতীয় যোগী সেখানে দেহরক্ষা করেছেন। বিস্তর শিষ্য শিষ্যা আছে তাঁর ওদেশে। ক্রোর ক্রোর টাকার সম্পত্তি বেখে গেছেন যোগীরাজ। তাঁর উইলে আছে, সেই টাকায় এদেশে তার জন্মভূমিতে পিতৃ-পরিচয়হীন সন্তানদের

জন্মে হোম খুলতে হবে। যোগীরাজ তাঁর প্রধানা শিষ্যা মিসেস নন্দরানী মিত্র বার-এট-ল-কে অছি নিযুক্ত করে গেছেন। ব্যারিস্টার মিসেস মিত্র দীর্ঘ দিন পরে ফিবে যাচ্ছেন দেশে তাঁর যোগীগুরুর ইচ্ছা অমুযায়ী হোম স্থাপন করার জন্মে। ঐ সংবাদটির সঙ্গে ছোট একখানি ফটোও ছাপা হয়েছে। ব্যারিস্টার মিসেস মিত্র তাঁর যোগীগুরুর পায়েব কাছে বসে আছেন। গুরুর নাম শ্রীনিশিকান্ত চক্রবর্তী।

অনেক চেষ্টা করলাম, চিনে উঠতে পারলাম না। 'সাদা চুল দাড়িওয়ালা আস্ত এক সাহেব, চিনব কেমন করে।

নিশিকান্তদা অনেক দিন আগে বৃড়ি মায়ের ইদারায় ঝাঁপ দিয়েছিলেন। ঐ বিশ্বাসটাই বেঁচে থাকুক না, ক্ষতি কি!

লাভ ক্ষতি খতিয়ে দেখতে গেলে দেখা যাচ্ছে একটা চরিত্রকেও আমি বোল আনা ফুটিয়ে তুলতে পারছি না। কি কবে পারব! একটা মানুষকে কতটুকুই বা চিনি, একটা মানুষের জীবন সম্বন্ধে কতটুকুই বা জানতে পারি। অপরের কথা থাক, আমার নিজের জীবনটা নিয়েই বা আমি কতটা ভাবনা ভেবেছি।

চিনু লাহিড়ী সেদিন বলল—একখানা আত্মচরিত লিখে ফেল মাইরি। আমার মামা প্রকাশক হয়েছে, ধরে করে ছাপিয়ে দোব। একদম সুপাস হিট কববে। যে বকম জমিয়ে গুল বাড়তে পারিস—

তোব মানা খুলেছে প্রকাশনী! আকাশ থেকে পড়লাম। চিনু পঞ্চান্ন পার কবেছে, আমার চেয়ে ছ বছরের দোট। তিন তিনটে একেও ভাল ঘবে বিয়ে দিয়েছে। ওব গিন্নী'ব হাতে পায়ে জা, উৎকট ছাঁচবাই, গোবর মেশোনো জল এক খাবলা চিনুর মাথায় না দিয়ে ওকে ঘবে ঢুকতে দেয় না। সবক'টা দাঁত পড়ে গেছে চিনুব, ড্যাচড়া জাতের আমাশয় পাকড়েছে ওকে। রসটুকু কিছু গঁজে যায়নি। ফুরফুরে ধুতি পাঞ্জাবি পবে ছড়ি হাতে নিয়ে আমার কাছে আড্ডা দিতে আসে। কথায় কথায় মাইরি ফোড়ন দেয়। ফাঁক পেলেই সিনেমার কথা পেড়ে বসে। বলে—মাল একখানা মাইরি, দেওয়ানা দিল বইখানায় যা একখানা নতুন মাল নামিয়েছে—। রাশ টেনে ওকে সামলাতে হয়। পঞ্চান্ন পার করেছে তো।

পঞ্চান্ন পার করা চিনু লাহিড়ীর মামা খুলেছেন প্রকাশনী। কোন প্রয়োজনে। ছ'দিন পরেই তো গটল উৎপাটন করবেন।

খামোকা ভূতের ব্যাগার খেটে মরছেন কেন! বংশধরদের ঝড়
মানুষ করে রেখে যেতে চান!

* চিহ্ন বগলে—মামা সবে উনত্রিশ পেরিয়ে ত্রিশে পা দিয়েছে।
আমার নায়েব সব থেকে ছোট ভাই, মায়ের চেয়ে ছেচক্লিশ বছরের
ছোট। দাছ তিনবার বিয়ে করেন, ছোট বউয়ের পেটে ঐ ছেলে
জন্মায়। দাছর বয়েস তখন আটষষ্ঠি। ব্যাপারখানা বোঝা একবার,
আটষষ্ঠি বছর বয়েসে নতুন বিয়ে করে—

আদার ওকে খানাত্তে হল। নিজের বয়েসটা, সম্বন্ধে চিহ্ন
লাহিড়ী ছ'শ জ্ঞান থাকে না।

বললাম—নে না হয় হল, তোর মামা ছাপাবে আত্মচরিত
আমার। কিন্তু মালমসলা! মালমসলা পাব কোথায় বল। জীবন
তোর স্নেহ ডাল-ভাত ধ্বংস করা আর নাক ডাকিয়ে ছুমানো ঐ
নিয়ে আত্মচরিত হয়।

লাহিড়ী অভয় দিয়ে বললে—মালমসলার জন্তে আটকানে না।
ও আমি এস্তার সাপ্লাই করব। তুই শুধু গুছিয়ে লিখবি। দে রকম
শুধু ঝাড়তে পারিস---

আমার আত্মচরিতের মালমসলা তুই সাপ্লাই করবি!

চিহ্ন তখন আসল ব্যাপারটা বললে, আমার আত্মচরিত নয়,
আত্মচরিতটা হল ওর। মানে স্রষ্টা চিহ্ন লাহিড়ীর আত্মচরিত
আমি লিখে দোব।

হেসে ফেললাম না। হেসে ফেললে বন্ধুবিচ্ছেদ হত। ইলেকট্রিকেব
বিল, ঝিয়েব মাইনে আটকে গেলে চিহ্ন চালিয়ে দেয়। ছ'বার
লটারির টিকিটে টাকা পেয়েছে, ফাস্ট প্রাইজ নয় অবশ্য। তবে
গুছিয়ে নিয়েছে এক রকম। ত্রিশ বছর টমাশ টমকিন আফিসে
চাকরি করে শেষ পর্যন্ত বড়বাবু হয়েছিল। কোম্পানি ব্যবসা
গুটিয়ে ফেললে। চিহ্ন পেল নগদ ত্রিশ হাজার। তারপর ঐ ছই
লটারির প্রাইজ। তিন মেয়েকে পাত্রস্থ করেও একখানি বাড়ি

হাঁকড়েছে। ভাড়া দিয়ে মাস চাবশ টাকাব মতো পায়। সংসারে তো ছুটি প্রাণী, আপনি আর কপ্‌নি। তাই ঠেকায় পড়লে চিহ্ন আমাবটাও চালিয়ে দেয়।

পরিবারকে বলে কপ্‌নি। কপ্‌নি মানে তো কৌপীন, পরিবারকে কপ্‌নি বলে কেন।

চিহ্নব আত্মচরিত্র শুক হল। একদা ও কৌপীন ধারণ কবতে বাধ্য হয়েছিল। সেট কৌপীন ছাড়তে বাধ্য হয় পাকলবালার জন্তে। পাকলবালা চিহ্নব পদ্বিগোব নাম। চিহ্ন পাকলবালাকে তাই কপ্‌নি বলে। কৌপীন ধারণ কবেছিল। মানে সন্ন্যাসী হয়েছিল! চোখ কপালে উঠে গেল আমাব।

অতি অমার্কি ক হানে চিহ্ন সললে—সন্ন্যাসী হব কেন। সন্ন্যাসী হাতা কি কেউ সেগুট পড়ে না। সেগুট পবেহিনাম বিক্‌শা টানবাব ডাঙে। তখন সে বাব বিক্‌শা চাটাননি। সেগুট পবে তখন আমি বিক্‌শা ... ম। বিক্‌শা টানবে টানতেই চাকবিটা হল। চাকবি হবাব পা ও বিক্‌শা টানা ছাড়াই না। আফিসেব পব বাত দশটা এগাবটি পবে বিক্‌শা টান নাম। ত্রিশটে টাকা মাইদুনে পেভাম। তাতে সংসার চলবে কি করে। বাবা মা এক পিসী আব ছ'টা ভাংসেন। ছ'বেলা ছ'মুঠা দিতে হবে তো সবক'টার মুখে। বিক্‌শা টেনে গড়ে দুটো টাকা হত। কোনও বকমে চলে যেত। ত্র্যাণ্ড সাতবে খুব ভালবাসতেন। যখন জানতে পাবলেন চাকবি কবাব পবেও আমি বিক্‌শা টানি, তখন একখানা নতুন গাড়ি কিনে দিলেন। আসল হংকং, ফুলেব মতো হালকা। তিন তিন ছ'মণ দুটো মাল নিয়েও উড়ে যাওত যেত এমন কায়দায় বানানো। সে সব গাড়ি এখন আব মেলে না। খাস চীন দেশ থেকে জাহাজে চেপে আসত কি না।

চিহ্নব লাক্‌ড়ী বিক্‌শা টানত।

ঐ বারতা শোনার পরে ওব আত্মচরিত শোনার লোভ সামলানো সহজ নয়। বছর পঁয়ত্রিশ আগে কলকাতা শহরের রাস্তায় টিন্স রিক্‌শা টেনে ছুটে বেড়াত। পঁয়ত্রিশ বছর আগে কেমন দেখতে ছিল ওকে !

দেখাব ফোটো, রিক্‌শা লাইসেন্সের ওপর আমার ফোটো সাঁটা আছে। এখন যে ছুরত দেখছিস আমার এরকমটা আমি ছিলাম না। এরকমটা হয়েছি কপ'নি ছেড়ে ঐ মাগীর খেজমত খাটতে খাটতে। শুধে নিয়েছে, একেবারে ছিবড়ে বানিয়ে ছেড়েছে। ঐ জাঁতা কলে পড়েই না এই দশা হল। বলে চিন্তা একটা লম্বা শ্বাস ছাড়ল।

রাশ টেনে রিক্‌শা থামালাম। বুঝলাম কেন পঞ্চান্ন পার হয়েও চিন্তা সামলে স্বমলে মুখ চালাতে পারে না। আসল চীনে রিক্‌শা কি না, ছুটতে শুরু করলে সহজে থামবে কেন। রিক্‌শা লাইসেন্স খানা নিয়ে আসতে বললাম। পঁয়ত্রিশ বছর আগে কেমন ছুবত ছিল ওর তা দেখবাব জন্তে আমার পেটের মধ্যে তখন তেরটা ছুঁচো ডন বৈঠক কষছে।

সঁতিই পবদিন লাইসেন্স নিয়ে উপস্থিত হল চিন্তা। দেখলাম ফোটো, আঠার কুড়ি বছরের এক ছোকবাব বুক পর্যন্ত উঠেছে। চেরা সিঁথি, দস্তুরমত চুলের বাহার আছে। হবতনের মতো মুখের আদল, থ্যাবড়া নাক, চোখ দুটো ভাঁটার মতো গোল। চোখ দুটো আর মুখের আদলটা মিলল, বাকী কিছুই মিলল না। চিঘব মাথা জোড়া টাক, কুঁচকিকণা পেট, বকের মতো লম্বা গলা, কপালের ডান পাশে আধুলি মাপেব জড়ুল। জড়ুলটা দেখিয়ে চিন্তা আমাকে বিশ্বাস করিয়ে ছাড়লে যে লাইসেন্সে সাঁটা ফোটোখানা তারই ফোটো। ফোটোর কপালে একটা সাদা দাগ রয়েছে, ফোটোতে কালো দাগ সাদা হয়ে যায়।

তা যাক, হুনিয়ায় হামেশা কালো সাদা হচ্ছে সাদা কালো

হচ্ছে। সাদায় কালোয় মিশ না খেলে সাদারা কালোদের চিবিয়ে খেয়ে ফেলছে। ও নিয়ে আমি মাথা ঘামাই না, ওর কালো কপাল-খানা সাদা হল কেমন করে সেইটুকু জানলেই হল।

কপাল ফিরল ব্র্যাণ্ড সাহেবের কৃপায়। সাহেবের গর্বে উদ্বেজিত হয়ে উঠল চিহ্ন। শুনলাম সাহেবের উপাখ্যান। টমাস টমকিন অফিসের বড় সাহেব মিস্টার ব্র্যাণ্ডের বিশুদ্ধ সাহেবের মতো ছিল দাড়ি আর ভুঁড়ি। পোনে চারমণ ওজন ছিল সাহেবের। ফিটনে চেপে সন্ধ্যাবেলায় সাহেব হাওয়া খেতে বেরোতেন। একলাই হাওয়া খেতেন, ওজনের দক্ষ কোনও মেমসাহেব ব্র্যাণ্ডের ধারে ঘেঁষতে সাহস করত না।

চৌরঙ্গী পাডায় বিক্ষা নিয়ে ঘুবছিল চিহ্ন, রাত নটা সাড়ে নটা হবে তখন। হাওয়া খেয়ে মিস্টার ব্র্যাণ্ড বাড়ি ফিবছিলেন। বিরাট হৈ-চৈ চিংকাব, একখানা ছ্যাকড়া গাড়ি ছুটে আসছে দক্ষিণ দিক থেকে। গাড়িখানাব ভেতব থেকে মেয়েমানুষেব গলা শোনা যাচ্ছে। গাড়িব চালে বসে তিন চাবটে লোক হাঁকাড় ছাড়ছে। কেউ গাড়িব কাছে এগোতে সাহস করছে না। ফিটন থেকে লাফিয়ে পড়লেন ব্র্যাণ্ড সাহেব, ছ্যাকড়া গাড়ি তখন তাঁর ফিটনের পাশে পৌছে গেছে। চেপে বসলেন ছ্যাকড়া গাড়িব পেছনটা, গুণ্ডা তিনটে চালেব ওপর থেকে ঝাঁপিয়ে পড়ল। হাতের ছোরা হাতেই রইল তাদের, একটা গুণ্ডাব একখানা হাত ধবে ফেলে চরকির মতো ঘোরাতে লাগলেন সাহেব, কয়েক পাক ঘুরিয়ে ছেড়ে দিলেন। পঁচিশ হাত তফাতে ট্রাম লাইন পেবিয়ে একটা গাছের গায়ে আছড়ে পড়ল সে, বাঁচল না মরল কে জানে। ছ্যাকড়া গাড়ির গাড়োয়ান ততক্ষণে হাওয়া হয়ে গেছে। সাহেবের সেই সাংঘাতিক রূপ দেখে তখনও কেউ গাড়িব কাছে এগোতে সাহস করছে না। গাড়ির ভেতর থেকে তখনও মেয়েমানুষের কান্না শোনা যাচ্ছে।

বিক্ষা কেলে দুটে গেল চিহ্ন সেই গাড়ির পাশে, একটা দরজা

খুলে ফেলল। টেনে নামাল ছোটো জীবকে। সোজা হয়ে দাঁড়াতে পারল না তারা, ছুঁজনেরই হাত-পা চাবখানা একসঙ্গে বাঁধা আছে। চাকু চাই, সে বাঁধন খোলা যাবে না, কাটতে হবে। এক গুপ্তার ছোঁরা পড়েছিল গাড়ির পাশে, সেটা দিয়েই ব্র্যাণ্ড সেই জীবছোটোকে বন্ধন মুক্ত করলেন। আঁচলে মুখ ঢেকে তারা তখন নগোরবে কান্না জুড়ে দিলে।

অতঃপব রিক্শাতে তুলে তাদের স্বস্থানে পৌঁছে দিল চিনু। সাহেব তাঁর ফিটন গাড়িতে যেতে বললেন। তাবা রাজী হল না। একমাত্র চিন্তুকেই তারা বিশ্বাস কবলে।

টম্যাশ টমকিন আফিসেব ঠিকানা দিলেন চিনুকে সাহেব। বলে দিলেন সে যেন তাঁর আফিসে গিয়ে দেখা কবে। তিনি বক্শিশ দেবেন। সেই বকশিশ হচ্ছে ঐ চাকবি। চিনুব বিত্তের বহব দেখে সাহেব তাকে আফিসেব ছোট কেবাণী কবে নিলেন। নিন তিনবাব ম্যাট্রিক ফেল কবাব পব চিন্তু বিক্শা টানতে নেমেছিল। বলা নেই কওয়া নেই বাপ শয্যাশায়ী হয়ে পড়ল কোমবেব বাত, তখন বোজ্জগার না করলে চলে কি কবে। চিন্তু যখন সংসাবেব বড় ছেলে তখন—

বলতে বলতে গলাটা ধবে এল চিন্তুর। ধরা গলায় মুখ নিচু কবে বললে—আব একবাব চেষ্টা কবলেই ম্যাট্রিকটা আমি টপকাতে পারতাম। হঠাৎ যে বাবার ওবকম একটা ব্যামো হবে কে জানত। সবই কপাল।

কপাল নিশ্চয়ই। পঁয়ত্রিশ বছর আগে চাকবিটা যদি না পেত তাহলে বড়বাবু হয়ে রিটারার করত কেমন করে। আফিসের বড়বাবু হওয়া কি চাট্টিখানি কথা।

চাট্টিখানি কথা নয়। চিনুই স্বীকার করল, ছোট কেবাণী থেকে উঠতে উঠতে বড়বাবুর চেয়ারখানি দখল করে বসা চাট্টিখানি কথা নয়। গুপ্তারা যাদের ধরে নিয়ে যাচ্ছিল তাদের ছুঁজনকে যদি

রিক্শাতে তুলে না নিয়ে যেত চিহ্ন তাহলে এখনও ওকে রিক্শা টেনেই পেট চালাতে হত। কপাল যখন ফাটে তখন কি থেকে কি দাঁড়ায় তার কল্পনা করাও অসাধ্য। ব্রাহ্ম সাহেব তাদের পৌছে দেবার জন্তে মাত্র পাঁচটা টাকা বকশিশ দিয়েছিলেন। বকশিশ দিয়ে জানতে চেয়েছিলেন কোথায় কোন্ ঠিকানায় তাদের পৌছে দিতে হল। ঠিকানাটা ঠিক বলতে পারেনি চিহ্ন, সেই চেতলার এক বস্তির সামনে তাদের নামিয়ে দিয়েছিল। রাত এগারটার পরে তখন সেখানে জনপ্রাণী ছিল না। সে সময় বস্তির ভেতরে যাওয়ার মেজাজ ছিল না চিহ্নর। তাছাড়া সে বুঝতে পেরেছিল কি রকম ঘরের মেয়েছেলে ছটোকে সে বয়ে নিয়ে এসেছে।

ব্রাহ্ম সাহেব অনুরোধ করলেন, তাঁকে একদিন সেই বস্তিতে নিয়ে যেতে হবে। যাওয়া আসায় যা রিক্শা ভাড়া তার ওপর তিনি ডবল বকশিশ দেবেন। দিন তিন চার পরে রবিবার, রবিবার সকালে সাহেব যেতে চাইলেন। তাঁর বাড়ির ঠিকানা দিয়ে দিলেন চিহ্নকে। বলে দিলেন, ন'টার সময় যেন সে সাহেবের বাড়িতে যায়। ব্রেকফাস্ট করেই তিনি বেরোতে চান।

তাই হল। রবিবার সকালে পার্ক সার্কাস থেকে ব্রাহ্ম সাহেবকে তুলে নিয়ে চেতলায় গিয়ে পৌঁছল চিহ্ন। ঠাণ্ডা করে সেই বস্তি বার করল। সাহেব বসে রইলেন রিক্শাতে, বস্তির মধ্যে ঢুকে খোঁজ নিলে চিহ্ন, অমুক দিন রাত এগারটার পরে যাদের পৌছে দিয়েছিল সেই বস্তির সামনে, তারা কোন্ বাড়িতে বাস করে। মানে যাদের গুণ্ডায় ধরে নিয়ে গিয়েছিল ছ্যাকড়া গাড়িতে তুলে, মানে গুণ্ডায় ধরে নিয়ে গেল বস্তির ছটো মেয়েমানুষকে এত বড় ঘটনাটাও কেউ জানবে না এ কি কখনও হতে পারে!

গুণ্ডায় ধরে নিয়ে যাচ্ছিল বলেই তাদের সন্ধান পাওয়া যাবে এই রকমই ধারণা করেছিল চিহ্ন। ধারণাটা ভেঙে গেল। উল্টে তাকেই ছেকে ধরলো বস্তির মানুষকে, কি মতলবে সে বস্তিতে ঢুকে

মেয়েমানুষের খোঁজ করছে বলতে হবে। ভূতের কাছে মামদোবাজি চলবে না। একজন বেশ মুরুব্বী গোছেব মানুষ ওর মুখের সামনে খোঁচা খোঁচা গৌফ নেড়ে বললে ঐ কথাটি—ভূতের কাছে মামদোবাজি পেয়েছ? মতলবটা কি শুনি?

চিনু তখন আগাগোড়া ঘটনাটা গুছিয়ে শোনাল সবাইকে। শুনিয়ে বলল, সাহেব বসে আছেন তাব রিক্‌শাতে। বিশ্বাস না হয় চলুন সকলে, সাহেবের মুখ থেকেই শুনে নিন।

তাই হল, ছুঁড়ি আব দাডি সূদ্র ব্র্যাণ্ড সাহেবকে দেখে ভক্তিতে গদগদ হয়ে পড়ল সবাই। কিন্তু ফল পাওয়া গেল না। কেউ বলতে পারল না, কোন বাড়ির মেয়েছেলে ছ'জনকে গুণ্ডায় ধরে নিয়ে যাচ্ছিল।

তখন সাহেবকে নিয়ে ফিরতে হল চিনুকে। বাড়িতে পৌঁছে দিয়ে বলল, সাহেব যেন তাকে মিথ্যাক না ভাবেন। বয়েকটা দিন সময় চাই, নিশ্চয়ই চিনু তাদের সন্ধান নেব করতে পাববে। সন্ধান পেলে জানিয়ে যাবে সাহেবকে, আব তখন বকশিশ নেবে। সাহেব তাকে একখানা দশ টাকার নোট গছাতে চেয়েছিলেন, নেয়নি সে, সেলাম চুকে চলে এসেছিল।

তারপর শুক হল সেই প্রতীক্ষা। সকাল সন্ধ্যা দু'বেলা চেতলাব সেই বস্তির আশেপাশে বিক্‌শা টেনে ঘুরতে লাগল চিনু, রোজগার কমে গেল। বিক্‌শা টেনে বোজগার কবা যায় ধর্মতলা চৌবঙ্গী এলাকায়, চেতলায় কে বিক্‌শা চাপতে যাবে।

চোখ বুজে ফেললাম আমি । কি একটা বলে বাবা চোঁচাতে লাগল ।
সই পৈশাটিক হাসি আবার শুক হয়ে গেল—হি হি হি হি হি হি ।

ছপদাপ ছপদাপ শব্দ চাবদিকে । বিস্তর মানুষ ছুটে আসছে ।
স্বামবা ছ'জনে তখন সিন্দূকের ডালাটা ছ' দিক থেকে ওপরে
তালবার জন্তে প্রাণপণ চেষ্টা করছি ।

চাকর দরোয়ান খাণ্ড ছ' চারজন ঢুকল ঘবে । ডালা তুলে
নেকেষ্ট বাবুকে বার কবে ঘবের মেঝেয় শোয়ানো হল । মরে গেছেন
না বঁচে আছেন বোঝা গেল না । কোমবেব নিচে থেকে অর্ধেকটা
গরীব ভিল সিন্দূকের ভেতবে, বাদীটা ছিল বাইবে । যদিও বাচেন,
কোনব সোজা কবে উঠতে পারবেন না কোনব ।

মিচে গাড়ি থানার শব্দ হল । একটু পবে সাহেবা পোষাক পদা
ইউভয়লোক ঢুকলেন ঘবে । ঘবেব কোণে আমবা পদা-বেটা ছ'জন
চাঁট হয়ে দাঁড়িয়ে আছি ।

ভদ্রলোক ছ'জন কোনও দিকে না তাকিয়ে সোজা গিয়ে
পাড়ালেন খাটের পাশে । একজন চাদর ঢাকা ঢোকটাব ওপর একটু
খুঁকে ছ'হাত বিহানার ওপর দিয়ে কি যেন শোনবার চেষ্টা কবেছেন
বনে হল । ঘরেত আব যাবা ছিল তারা দম আটকে তাকিয়ে বইল ।
ফয়েক মুহূর্ত পবে সোজা হয়ে দাঁড়িয়ে ভদ্রলোকটি চাদরখানাব এক-
দিক সবিয়ে দিলেন । মাথা মুখ গলা পর্যন্ত দেখা গেল । একটি
বুড়ো মানুষ শান্তিতে ঘুমিয়ে রয়েছেন ।

হরেকেষ্ট—আড়াল থেকে কে যেন ডাক দিল । বোঝা গেল
ময়েনাঝুঘের গলা ।

যে ভদ্রলোকটি চাদর সরিয়ে ছিলেন মরা মানুষটির মুখের ওপর
থকে তিনি সাজা দিলেন—ছোট মা ! কোথায় তুমি ?

লুকিয়ে বসে আছি ছোট ঘরে, নয়তো এতক্ষণ খুন হতাম । খুব

সময় মতো এসে পড়েছিল বাবা। চাকর দরওয়ানদের নিচে যেতে বল। আর ঐ মিত্রী দু'জনকে বিদেয় কর। শ' ছয়েক টাকা ওদের দিয়ে দিগে যা। আর একটা সিন্দুক খুলতে ওবা রাজী হল না বলেই সব বাঁচল। সবাইকে যেতে বল, নয়তো আমি বেরোতে পারছি না।

কথাগুলো আমরা প্রত্যেকেই শুনলাম। নিঃশব্দে সবাই বেরিয়ে গেলাম। আমার অত সাধের যন্ত্রপাতি সব সেখানেই পড়ে রইল।

সিঁড়ি দিয়ে নামছি, ছুটে ছুটে এসে হরেকেষ্ট বাবু বাবার হাতে এক গোছা নোট ছোর করে গুঁছে দিলেন। বললেন—এখন হাবকোনও কথা নয় কয়াল মশাই, আপনি আমাকে চেনেন আমিও আপনাকে চিনি। দেখবেন, আমাদের মুখে চুনকালি না পড়ে।

না ওঁদের মুখে চুনকালি পড়ল না। খুব ঘটা কবে নবকেষ্ট সাহার শ্রাদ্ধ হল। বড় ছেলে ধনকেষ্ট বাবু বাপের মুখে আগুন দিতে পারল না। পড়ে শিখে শিখম চোট বেয়েছেন, শিবদাড়া বোশ হয় ভেঙে গেছে, প্লাস্টাং কবা ভয়েছে, নার্সিং হোমে গুরে আছেন। বেমী বাহেসে আর এন্ড এ বয়ে বয়েছিলেন সাহা মশাই, সেই স্টকে অর্ধেক সম্পত্তি নেখাণ্ডা কবে দিয়ে গেছেন। শ্রাদ্ধ শান্তির পর ছোট বউ তাঁর ভাগেন সম্পত্তি বিক্রি কবে দিয়ে বুনাবন চলে গেলেন। বাকী জীবনটা তিনি বৈষ্ণব সেবা করে কাটাবেন।

তা কাটান গে। আমাদের দিন কিন্তু আর কাটতে চায় না। আমার মুখে চুনকালি পড়ল। প্রথম আর ম্যাট্রিক দিয়ে কুপোকাত হলাম। ওধাবে বাবার কোমর বেয়াড়া চালে চলতে চলতে মাঝে মাঝে না জবাব দিতে লাগল। স্কুলে যাওয়া বন্ধ, খামোকা স্কুলের খরচা টেনে কি লাভ। ঠিক করেছি প্রাইভেট হয়ে পরীক্ষা দোব। কিন্তু রোজগার কিছু করতেই হবে। মাঝে মাঝেই বাড়িতে হাঁড়ি চড়ছে না। রোজগারের পস্থা খুঁজে বেড়াতে লাগলাম।

যে খায় টিফি তাকে জোগায় চিন্তামণি। আমার বাবা প্রায়ই

চিন্তামণির দোহাই পেড়ে ভাল মাছ ভাল আম কিনে এনে আমাদের খাওয়াত। সেই চিন্তামণিই দয়া করলেন আমাদের, আমি রিকশা টানতে শিখলাম।

চিন্তামণিরা আমাদের বস্তিতেই থাকত। আগে ওরা পালকি বইত। পালকির চল উঠে গেল, তখন ওরা রিকশা টানা ধরল। বেশ বুড়ো হয়েছিল চিন্তামণি, রিকশা টানা কিন্তু ছাড়েনি। কটক জেলার লোক ওরা, দেশে গিয়ে পনরোটা মিনি থাকতে পারত না। দেশে গিয়ে ছেলে বউয়ের কাছে বসে থাকতে না কি ঘেন্না কবে। পুরুষ মানুষ, রোজগার করতে হবে তো।

বৈশাখ মাস, পিচ গলে নবম হয়ে পড়েছে। মাথায় গামছা জড়িয়ে টুনটুন করতে করতে দিব্যি ছুটছে চিন্তামণি। রিকশায় ছ' মণ মাল আব আস্ত একটা মানুষ, ড্রাফ্‌প নেই। পায়ের তলায় গলা পিচ, মাথাব ওপর আগুন ঝবে পড়ছে আকাশ থেকে, বাতাসও এমন তেতে উঠেছে যে শ্বাস টানা যাচ্ছে না। বড় বয়েই গেল। রিকশাওয়ালা হচ্ছে রিকশাওয়ালা। রাস্তার পিচ না গললে মাথার ওপর অগ্নিবৃষ্টি না হলে বা আকাশ ভেঙে জল না নামলে লোকে রিকশায় চড়বে কেন। সখ কবে কি কেউ রিকশায় চাপে।

বিপাকে পড়লে অবশ্য চাপে। আসন্নপ্রসব পরিবারকে নিয়ে রিকশায় চেপে অনেককে হাসপাতালে ছুটতে হয়। পয়সা থাকলে ট্যাক্সি, পয়সা না থাকলে রিকশা, বিপাক থেকে উদ্ধার পাওয়া চাই। কোনও রকমে হাসপাতালে পৌঁছে দিতে পারলেই হল। নবজাতক বংশধরটিকে নিয়ে পরিবার হাসপাতাল থেকে ফিরবে কি না সে পরের কথা। না ফিরলেও বিশেষ দুঃখ নেই, দায় মুক্ত তো হওয়া গেল।

সেদিন চিন্তামণি আমাদের বস্তির একজনকে কথা দিয়েছিল যে তার পরিবারকে হাসপাতালে পৌঁছে দেবে। কপালের ভোগ আর কাকে বলে, হঠাৎ চিন্তামণির গোদ টাটিয়ে জ্বর উঠে গেল। লোকটি

যখন চিস্তামণিকে ডাকতে এল তখন তার উত্থানশক্তি নেই। অশ্রু
রিকশা ডাকতে গেলে চাব গুণ খরচ। রিকশাওয়ালাদের ভাষায়
আসন্নপ্রসব মেয়েছেলে হচ্ছে ডিমওয়ালা ইলিশ। ডিমওয়ালা ইলিশ
কেউ রিকশায় তুলবে না, পথে যেতে যদি ডিম ছেড়ে দেয়। চিস্তামণি
যেতে পারবে না শুনে লোকটি যা ত্রা বলে গাল দিতে লাগল। হৈ
চৈ হচ্ছে কেন জাননার জন্তে গিয়ে পড়লাম আমি। আমাকে দেখে
চিস্তামণি ভেট ভেট করে কোদে ফেললে। ওধাবে সেই লোকটিরও
তখন কাঁদো কাঁদো অবস্থা। দরদস্তব হবে অশ্রু রিকশা ঠিক কবতে
গেলে দেবি হয়ে যাবে।

আমাব ভাইবোনগুলো হবার সময় মায়েব যন্ত্রণা ভোগ দেখেছি।
মনটা খুঁট খাবাং হয়ে গেল। কিছু কবা চাই। এবং সেই করাটা
তাড়া পাড়ি কবতে হবে।

বিকশাখানা কোথায় ?

হাবপ্যাণ্ট পবা ছিল। চিস্তামণি বলল, প্যাণ্টেব নিচে একটা
লেঙট পবে নিচে। লেঙট একটা গুঁকোতে দিয়েছিল কে। ভাবনা
চিস্তাব সময় কোথায় তখন। সেই লেঙটটাই পবে নিলাম। চিস্তামণির
বিকশায় সেদিন আমাব হাতেখড়ি হল। ওদেব ছ'জনকে নির্বিন্বে
হাসপাতালে পৌছে দিলা। একটি পয়সাও লাগল না বলে লোকটি
আমায় প্রাণ খুলে আশীবাদ কবলে।

সেই আশীবাদের ফল ফলতে শুরু কবল তৎক্ষণাৎ। গাড়ি নিয়ে
হাসপাতাল থেকে বেবোচ্ছি, ফটকেব সামনে আর একজন পাকড়াও
করলে। তাব বউ ছেলেকে হাসপাতাল থেকে ছেড়ে দিচ্ছে। তাদের
নিয়ে বাড়ি পৌছে দিতে হবে।

কোথায় যেতে হবে জানতে চাইলাম না। জানতে চাইলাম কত
মিলবে। লোকটি বললে পাঁচ সিকে। ভাড়া এক টাকা আর
বকশিশ এক সিকি। শ্রায্য ভাড়া, ওব বেশী এক পয়সা চাইলে
মিলবে না।

লোকটির চক্ষুলাজ্ঞা আছে বলতে হবে। শ্রাব্য ভাড়া দেবার সময় পুরো ছটো টাকাই আমার হাতে দিলে। বললে খুশি হয়ে আমাকে পুরো একটা টাকাই বকশিশ কবে ফেলেছে।

অহো কি মহানুভব!

ঝাড়া আড়াই ঘণ্টা ধরে আমি পুত্র পরিবারস্বদ্ধ সেই মহানুভবকে টেনে নিয়ে গেলাম। শ্রাব্য ভাড়া দিতে হলে আরও অন্তত একটি টাকা তাঁর খসত।

সে যাক, রোজগার তো হল। খালি রিকশা নিয়ে উড়ে চলে এলাম চিন্তামণির কাছে। ছটো টাকা ওর কাঁথার ওপব রেখে শোনালাম রোজগারটা করলাম কেমন করে। আশ্চর্য ব্যাপার, ছটো টাকা চিন্তামণি কিছুতেই নিলে না। ওর আবাব শ্রাব্য অন্রাব্য জ্ঞান অগ্র জাতের। হাজার হোক ছোটলোক, বোকা উড়ে, পেটের দায়ে বুড়ো বয়েসে রিকশা টেনে মরছে, ও ব্যাটা শ্রাব্য অন্রাব্যার বোঝে কি। বললে—দাদাবাবু, ও পয়সা নিলে প্রভু জগদ্রাথ আমার ওপর গোসা করিব, ঐ পয়সা দিয়ে তুমি রসগোল্লা কিনি কিড়ি খাওগে।

রসগোল্লা কিনি কিড়ি না খেয়ে টাকা ছটো এনে মায়ের হাতে দিলাম। বললাম কি ভাবে রোজগার হল। মায়ের ছুঁচোখ ছলছল করে উঠল। রক্তের স্বাদ পেলাম আমি, টাকা তো তাহলে গতর খাটিয়ে রোজগার করা যায়। এইবার দেখাচ্ছি মজা।

চিন্তামণি একখানা গাড়ি ঠিক করে দিল। মালিককে মান্তর বারো গণ্ডা পয়সা দিতে হবে। ফোটো তুলিয়ে লাইসেন্স করাতে হবে। কিন্তু, লাইসেন্স না থাকলে গাড়ি কেড়ে নিয়ে থানায় অটকে রাখবে।

পাঁচ টাকা ধার নিলাম চিন্তামণির কাছে। ফটো তোলানো লাইসেন্স করা ছটো লেঙট কেনা সব হয়ে গেল। টুনটুন টুনটুন ছুটেতে লাগলাম পথে পথে। যত দৌড়তে পারব তত রোজগার

বাড়বে। মালিকের বারো আনা মিটিয়ে চার ছ' আনা চা বিস্কুট খেয়ে কোনও দিন তিন টাকা কোনও দিন চার টাকা মায়ের হাতে দিচ্ছি। আর চাই কি।

চাই অনেক। সেটা বুঝতে পারলাম বাবা বিছানায় শোবার পরে। সংসার চালাত বাবা, সেই চলমান সংসারে আমি রিক্‌শা টেনে যা পারতাম ঘুষ দিতাম। সংসারকে সচল রাখার দায়টা যখন নিজের কাঁধে এসে পড়ল তখন বুঝলাম ব্যাপারটা। মজি হল তো গাড়ি নিয়ে বেবোলাম নয়তো বিছানায় শুয়ে এগজামিনের পড়া পড়তে লাগলাম, এইভাবে চলছিল আমার ফুর্তিসে রোজগার কবা। আমার ফুর্তিটুকু ঘুচে গেল, ঝড় জল দাঙ্গা যা ই হোক না কেন রিক্‌শা নিয়ে বেরোতেই হবে। মজি অমজিব কথা ওঠেই না।

ঘুচে গেল বিকশা টানার নেশা। খিটখিটে হয়ে উঠলাম, খদ্দেরদের সঙ্গে দবদস্তব নিয়ে খচাখচি বাধতে লাগল। রোজগারও কমে গেল। দিনে দিনে একটা হাড়হাবাতে চোয়াড় বিকশাওয়ালা ব'নে গেলাম। কাবও সঙ্গে ভালো কথা বলতে গেলেও সে মনে কবত আমি যেন তাকে মাবতে যাচ্ছি।

এ হেন যখন অবস্থা তখন একদিন রামনারায়ণ কাকা আমাকে পাকড়াও করলেন। রিক্‌শা নিয়ে বসে আছি শিয়ালদা স্টেশনে, পাশে একখানা মোটর গাড়ি থামল। গাড়ি থেকে নেমে রামনারায়ণ কাকা কোনও কথা না বলে আমার রিক্‌শায় চেপে বসলেন। বসে ছকুম করলেন, ধর্মতলা চল।

টুনটুন টুনটুন চললাম ধর্মতলার দিকে। ব্যাপার কি বুঝতে পারলাম না। উনি কি আমাকে চিনতে পারেননি! মোলালির মোড়েব কাছে পৌঁছবার পব ছকুম পেলাম সোজা যাবার। তারপর ডানদিকে ঘুরে ফুটপাথের ধারে থামতে বলা হল। রামনারায়ণ কাকা নামলেন। পকেট থেকে একখানা পোস্টকার্ড বার করে ঠিকানা

দেখে নিয়ে বললেন—এই গলিই বটে, এখন বাড়ির নম্বর খুঁজে পেলে হয়। যতক্ষণ না আমি আসছি এইখানেই থাকো তুমি। পালিও না যেন, পালালে আমি এই বিপদ থেকে উদ্ধার পাব না।

বিপদ!

রামনাথায়ণ কাকা একলা ঢুকলেন গলির ভেতরে। জেনে শুনেই গেলেন যে বিপদে পড়তে পাবেন। কি জাতের বিপদ—কে জানে। বসে থাকতে হবেই আমাকে, রামনাথায়ণ কাকাকে বিপদের মধ্যে ফেল বেখে যেতে পারি আমি। যদি দরকার হয় তাহলে—

তাহলে কি করব ভেবে পেলাম না। খানিকক্ষণ পরে বিকশা নিয়ে ঢুকব গলিতে, খুঁজে দেবতে হবে কোন্ বাড়িতে উনি গেলেন। তাবপর অবস্থা সূর্যের অবস্থা। মানে সোজা পুলিশ ডেকে আনব। পুলিশ ডাকাটা কি ঠিক হবে।

রামনাথায়ণ কাকার ব্যাপার কি না, কেঁচো খুঁড়ত যদি সাপ বেরিয়ে পড়ে।

মনে পড়ে গেল আমার বাবার সেই কথাগুলো। ঝাঁঝের বাপকে ওরা চাপা দিয়ে মেবে ফেলেছে।

ওবা মানে বাবা। নিশ্চয়ই রামনাথায়ণ কাকা সেই ওদের দলে নেই। ঝাঁঝের বাপ তো নানা বকমের লোকদের সঙ্গে মিশত। বাত্ৰি বেলা যারা সোনার গহনার দোকানে তালা ভাঙতে যায় তাদের সাজও কাজকাববাব ছিল ঝাঁঝের বাপের। রামনাথায়ণ কাকার মতো মানুষ নিশ্চয় ঐ জাতের ল্যাচড়া কাজে হাত দেন না।

বসে বসে আকাশ পাতাল ভাবছি। আর কতক্ষণ দেবি কবা উচিত। ঢুকব না কি গলিতে।

ভয়ানক ভুঁদিনে মিলিটারি গাড়ি চেপে আমবা রামনাথায়ণ কাকার কাছে গিয়েছিলাম। দু'শ টাকা ওখনই আমাদের হাতে দিয়ে দেন রামনাথায়ণ কাকা। সেই টাকাটা না পেলে সেদিন আমাদের স্বস্তির অনেকের ঘরে হাড়ি চড়ত না।

ঝিঁঝি আমার ভাইবোনগুলোর কান্না সহ্যে না পেবে আমাকে নিয়ে মিলিটারির গুলি খেতে বেবিয়ে পড়েছিল। আমার জামা প্যাণ্ট পরেছিল ঝিঁঝি। অদ্ভুত মানিয়েছিল কিন্তু। ওর বাপ সেই হুঁটো হুঁটো ফুকগুলো যদি না কিনে দিত ওকে—

ডুবে গেলাম ঝিঁঝির ভাবনায়। কে জানে এখন কোথায় আছে। নিশ্চয়ই বিয়ে দিয়েছে ওব মামাবা, স্বস্তর বাড়ি চলে গেছে। ভাগ্যে সেই ভয়ঙ্কর ভবিতবাটা আমার ঘাড়ে চাপেনি।

চোখ বুজে বসে বিডি টানছিলাম আব ভাবছিলাম। টেরই পাইনি যে ভবিষ্যৎ তখন আমার পাশে এসে খাড়া হয়েছে। নামনাবাণ কাকার ডাকে চমকে উঠলাম। আপাদমস্তক গবদেব সাদরে ঢাকা এক মহিলাকে নিয়ে উনি গাড়ির পাশে এসে দাঁড়িয়েছেন।

তড়াক করে নেমে পড়লাম গাড়ি থেকে। ওঁবা উঠলেন। ডলে নিলাম গাড়ি, তৈরি হলাম ছোটবাব জগ্গে। সংক্ষিপ্ত ছকুমটি পেলাম পেছন থেকে—আমার বাড়িতে চল।

ফাঁদে পা দেবাব জগ্গে ফাঁদটিকেই টানতে টানতে নিয়ে চললাম।

এখন আমি যা শোনাতে যাচ্ছি সেটা পড়ে অনেকেই মুখ বেকিয়ে বলবেন, জলজ্যান্ত নেকাপনা। নব যাব যৌন সম্পর্ক নিয়ে যাবা মাথা ঘামান তাঁরা আবও চড়া ভাষায় কড়া মন্তব্য প্রকাশ কববেন। বলবেন, বিকশা টানতে টানতে চিছু লাহিড়ী ছোঁড়াটার সেক্স শুকিয়ে গিয়েছিল। আব যাবা সন্দেহান তাঁরা হায় হায় কবতে থাকবেন এই ভেবে যে নিদাক্ষণ গাওঁ হিল বলেই চিছু লাহিড়ী অর্ধেক বাজক আব আধখানা বাজকগেট লোভ সামলাতে পেরেছিল। হ্যাঁ, আসল কথাটাই ঐ। বাজকগেটের আধখানা দখল কবতে ঘেন্না হয়েছিল আমার, ঐটুকুই আসল কথা। পুঝোটা পোওয়ার ভবলা থাকলে কি কবতাম সেদিন তা কি বলতে পারি।

মানে ঐ রামনারায়ণ কাকা। রামনারায়ণ কাকারা ঝিঁঝির বাপকে গাড়ি চাপা দিয়ে মেরে ফেলেছিল। রাতের অন্ধকারে লুকিয়ে গিয়ে আমি আর ঝিঁঝির বাবা এক মানী মানুষের ঘরের তালা খুলে লোহার আলমারি চিচিং-কঁক করেছিলাম। একশখানা দশটাকার নোট আর একটা সোনার আংটি এক রাতের রোজ্জগার। রোজ্জগারটা অবশ্য রামনারায়ণ কাকার হাতেই তুলে দিয়েছিল ঝিঁঝির বাপ। ঐ কাজের ঐ রকমই দস্তুর। রামনারায়ণ কাকার মতো বড় দরের মানুষ মাঝখানে না থাকলে কে আমাদের বিশ্বাস করে কাজ দিত।

ঝিঁঝি রামনারায়ণ কাকার সামনে গিয়ে দাঁড়ালেই টাকা পেত। আমিও পেয়েছি। কিন্তু—

রামনারায়ণ কাকা বুঝিয়ে বলতে লাগলেন—কিন্তু-টিন্তু চলবে না। ওর বাবা আমার কাছে এক হাজার টাকা রেখে গেছে। বিয়ের পর টাকাটা তুমি পাবে। কারণ টাকাটা তোমার। তাছাড়া ওর বিয়েতে আমি তিন চার হাজার টাকা খরচ ক'ব। করতে বাধ্য আমি, একদিন মেয়ের বিয়ে দিতে হবে বলে তার পাওনা টাকার অনেকটাই সে আমার কাছ থেকে নেয়নি। তেঁমার বাবাও কথা দিয়েছিল তুমি ঐ মেয়েকে বিয়ে করবে। ওর মামারা অল্প জায়গায় ওর বিয়েব ঠিক করেছিল, ও পালিয়ে এসেছে। ও বলতে চায়, তোমার সঙ্গে তো ওর বিয়ে হয়েই গেছে। যে বিয়ে ওর বাবা ঠিক করে মরে গেছে, সেই বিয়েই বিয়ে। আবার আর এক জায়গায় ওব বিয়ে হবে কেন? ও বলছে, হিঁছুর মেয়ের কি ছ'বার বিয়ে হয়!

রামনারায়ণ কাকা উঠে পড়লেন। বললেন—আমি ওকে পাঠিয়ে দিচ্ছি। যা বলার তুমিই বল। মনে নেখ, তোমার জন্তে ও ওর মা আর মামাদের আশ্রয় ছেড়ে পালিয়ে এসেছে। আবার কি ও ফিরে যাবে! ফিরবে কেমন করে! যাক সে কথা, আমি যত দিন বেঁচে আছি ঐ মেয়ে থাকবে আমার কাছে। মরে যাবার

আগে আমি একটা ব্যবস্থা কবে যেতে পারব। কিন্তু দায় তোমার, তোমার বাবা আর ওব বাবা যা ঠিক কবেছিল সেটা মানবে কি না তুমিই জানো। জোব জববদস্তি কবার ব্যাপার নয় এটা। যদি তুমি এড়িয়ে যেতে চাও—

মাথা হেঁট কবে বইলাম। বামনাবাষণ কাকা চলে গেলেন।

একটু পবে যখন আওয়াজ কানে গেল বুঝতে পারলাম ঘরের ভেতব কেউ একজন এসেছে। মুখ তুলতে পাবলাম না।

উঃ, কি নোগা হয়ে গেছ তুমি। কি বকম চেহারা হয়েছে তা আয়নায় দেখেছ কোনও দিন? মা গো। বিক্শা চেপে আসাব সময় যদি টেব পেতাম যে তুমি টেনে আনছ—

মুখ তুলে তাকিয়ে সত্যিই হকচকিয়ে গেলাম।

ঐ ঝাঁঝি।

ঝাঁঝিও বোধহয় একটু লজ্জা পেল। দামী সিল্কের শাড়ি পবেছে, আঁচলটা অব্যাহা, ঠিক দ্রাব্যগায় থাকছে চাইছে না। আমার চোখ ছটোঁড় তপ্পন। হে লাভ মতো তাকিয়ে আছি। সেই চাউনিকে সমীহ না কবে ঝাঁঝি নিজেব বখাই বলে গেল— ফের যদি বিক্শা টানো আমি গলায় দড়ি দোর বলে দিলাম। কেন ঐ উত্তবুদ্ধি কবা। তোমার কি টাকা নেই? বাবা যা বেখে গেছে আমাদের জন্তে—

আমাদের জন্তে নয় শুধু তোমার জন্তে। অনেক কষ্টে ঐটুকু আমি বলতে পাবলাম।

সঙ্গে সঙ্গে জবাব দিল ঝাঁঝি—এক কথাই হল। যে টাকা বেখে গেছে বাবা তা দিয়ে একটা দোকান খোলা যাবে। তুমি বিক্শা টানবে আমি মামাদের বাড়িতে বাসন মাজব এই জন্তেই কি টাকাগুলো রয়েছে। মনে কবেছিলাম, কোনও দিন আব তোমার সামনে আসব না। হয় তুমি নিজে গিয়ে আমাকে আনবে নযতো আমি চিরকাল বাসন মেজে ঝাঁঝি গিবি কবে বেঁচে থাকব। তাই থাকতাম,

তাতেও তারা বাদ সাধল। খোল ভূমির দোকানী এক মেডুয়ার কাছ থেকে ছুঁশ টাকা নিয়ে মামাবা বিয়ে দেবাব নাম কবে আমাদের বেচে দিচ্ছিল। এক কাপড় পালিয়ে এসেছি। উঠেছিলাম বাবাব এক বন্ধুর বাড়িতে। সেখান থেকে বামনাবায়ণ কাকার কাছে খবর পাঠাই। বামনাবায়ণ কাকা আজ গিয়ে উপস্থিত। তা প্রতিজ্ঞাটা আমার ঠিকই বইল, তুমি নিজে গিয়ে নিয়ে এলে। তাও আবাব বয়ে নিয়ে আসা, সহজ কথা না কি। নাও, ওঠ এখন, স্নান করে আগে ঐ লক্ষ্মীদাচী মাজ ঘেনে দাও। হাত প্যাটেটা বি কাপড়ের এমন পতলা যে ভেতরের লেট্ট পক্ষি দেখা পাচ্ছ, না গো মা, ঐ সব পবতে সজ্জা না।

গা হাত পা শিশি শিশি করে লাগল, নেশা ধোণে এল ঘেন। বঁদ খেয়ে বসে পড়লাম।

হঠাৎ ঝিঁঝিঁ এর তা হাত বাক্স করে ফেললে। নিঃশব্দে গিয়ে এসে আমার সামনে মেনে হাটু গেড়ে বসে পড়ল। হাত ছুঁখানি আমার হাটুর ওপর মাঝে মাঝে বেখে দিসফিস করে মলন—কত অশ্রায় কবে, আজ বাজে কথা বলেছ তোমার নামে, তখন আমরা ভোট ছিলাম, আনান মাথা ঠিক ছিল না। বাবা কি বকম মানত মনে আসে তো তোমার। তোমার জন্ম আমি বেচিছি। সেই ছিল যদি তুমি না মানতে—যাক গে ও সব কথা। আমাদের মাফ কর, আমি অনেক ভুল করে বৈছি।

ওব সবসময় হাত ছুঁখানি দিকে তাকিয়ে দম হাটকে বসে রইলাম। দিবশাভয়ালাব কালশিটে পড়া হাটুর ওপর সেই হাত ছুঁখানি বিশ্রী বেমানান দেখাচ্ছে। ওব হাতের তেলো অত নবম। মামাব বাড়ি বাগন মাজত না।

ঘরের বাহরে কিসের শব্দ হল। টুগ করে উঠে পিছিয়ে গেল ঝিঁঝিঁ। আনিও মাথায় একটা ঝাঁকি দিয়ে টানটান হয়ে বসলাম। বামনাবায়ণ কাকা দরজার বাইরে থেকে বললেন—এখন ওকে স্নান

করাও ঝাঁঝি মা। কথা কইবার অনেক সময় পাবে। আগে স্নান করে খেয়ে দেয়ে নিক। জামা কাপড় তেল সাবান সব স্নানের ঝরে আছে।

উঠে দাঁড়ালাম।

ঝাঁঝি বলল—চল, এই দিকে এদিকে নয়।

না, ও দিকে নয়, যে দরজা দিয়ে ঢুকেছি সেই দরজা দিয়েই যাচ্ছি।

নানে!

মানেরটা খবরই সোজা। জীবনে আমি বিয়া কববু নু।

বিষে—ঝাঁঝির হুই চে'খ ফেটে বেদগার উপক্রম।

হেসে ফেলে হাগকাভাবে বললাম—এ পাট কর্ম এ জীবনে কবব না আমি। তাব কাংণ ওটা আনার কপালে নেই। কপনি খেঁচে যে বিক্শা টেনে বেড়ায়, বিবেব সব তাব থাকতে নেই। টাকার লোভ ধামায় দোখও না ঝাঁঝি। তোমার বাবার কাছে যে বিত্তে শিখেছি সেই বিত্তে মোক্ততে কাড়ি এ'ডি টাকা বোজগাব কবতে পারি। মা বাবার পায়ে প্রাণ দিয়ে প্রতিজ্ঞা কবেছি ও কাজ আমি জীবনে কবব না। তোমার পাকৈ ওব গাড়ি চাপা দিষে মেবে ফেলেছে। কেন মেবেচে ডা.না? হমেব শোধ তোমাব বেদগ মুখ বন্ধ কবতে চেয়েছিল। তোমাব বাবা ওদেব অনেক ভেবেব খবব জেনে ফেনে'লন, এ'ই হ'ল তোমাব বাবার অপবাধ। টাকাকড়ি থাকাটা বি সাংবাদিক ব্যাপার শুনবে? নবকেষ্ট সাহাব অনেক টাকা। নবকেষ্ট মনে পড়ে আছে খাটের ওপব। তাব বড় ছেলে বনকেষ্ট তখন সিন্দুক গোণ বাব জন্তে অ মাকে নিয়ে গিয়েছিল। তারাব সিন্দুকেব ডালা চাপা পড়ে—

নিঃশব্দে রামনাবায়ণ বাকা এসে দাঁড়ালেন ঘবেব মাঝখানে। চাপা গলায় জিজ্ঞাসা করলেন—ওব বাবাকে গাড়ি চাপা দিষে মেবেছে কাবা?

নিৰ্বাক হয়ে রইলাম।

কে বলেছে তোমাকে যে ওব বাবাকে গাড়ি'চাপা দিয়ে মাঝা হয়েছ ?

আমাব বাবা বলেছে। জবাব দিতে বাধ্য হলাম।

ঐ বকমেব একটা কথা আমাব কানেও উঠেছে। তোমাব বাবাও ঐ কথা বলেছেন। তাহলে তো দেখতে হচ্ছে ব্যাপাবটা। খুবই অশ্রমনস্ক হয়ে পড়লেন বামনাবায়ণ কাকা। অশ্রমনস্কভাবেই ঘব থেকে বেবিয়ে গেলেন আবাব। বলতে বলতে গেলেন—মেয়েটা তো বেঁচে বযেছে, মেয়েটা প্রতিশোধ নেবে, ছেড়ে দেবে কেন ?

প্রায় মিনিটখানেক চুপচাপ কাটল। তাবপব আমি পা বাড়লাম।

সামনে সবে এসে পথ আগলে দাঁডাল ঝাঁঝি। জিজ্ঞাসা করল—
কি কবব আমি এখন ?

জবাব দিতে পাবলাম না। ওকে পাশ কাটিয়ে দবজাব সামনে পৌছলাম। পেছন থেকে ডাক শোনা গেল—শোন।

পা ছ'খানা থেমে পড়ল। তাবপব ঐ ক'টি কথা শুনতে পেলাম—আমাবও প্রতিজ্ঞা, একদিন আমি তোমাকে ঐ কপনি ছাডাবই। তোমাব জিনিস, ঐইভাবে তুমি ফেলে যাচ্ছ। বলেও গেলে না, কি কবব আমি এখন। আচ্ছা—

টুনটুন টুনটুন বিক্শা টেনে বেডাতে লাগলাম।

তাবপব কপাল ফাটল। সাহেবেব মতো সাহেব ত্র্যাণ্ড সাহেবেব কপা লাভ কবলাম। আত্মব'ম হয়ে গেলাম পুরোপুরি। সাহেবেব হুকুমে বিয়ে কবলাম। সেই বিয়েব বিড়ম্বনা থেকে পবিত্রাণ দেবার জন্তে সাহেব আমাব বিয়ে করা বোর্টিকে আর তাব মাকে নিয়ে জাহাজে চেপে ভেসে গেলেন। আমার নামে এমন সব দামী কথা লিখে রেখে গেলেন আফিসের কাগজ পত্রে যে সড়সড় করে সিঁড়ি বেয়ে ওপব দিকে উঠতে কোনও কষ্ট হল না।

রিক্শা টানা কিন্তু ছাড়লাম না। রিক্শা থেকেই আমার উন্নতি।
সন্ধ্যার পর রিক্শা নিয়ে বেরিয়ে পড়ি। খন্দের জোটে ভাল না
জোটে ক্ষতি নেই। হাওয়া তো খাওয়া হয়।

আসল চীনে রিক্শা, বসিয়ে রাখলে যে নষ্ট হয়ে যাবে।

বাস, ঐ পর্যন্তই। ঐখানেই চিন্মু দাঁড়ি টেনে দিয়েছে। পরের
পাতাগুলো সাদা পড়ে আছে। এ আবার কি ছুর্ভোগ দেখ! প্যাঁচে
ফেলে দিলে দেখছি।

চিন্মু আসতে তেড়ে উঠলাম—লিখতে লিখতে থেমে গেলি যে?
তারপর কি হল লিখবি তো। সব না লিখলে আত্মকথা সম্পূর্ণ হবে
কেমন করে। এ কি রহস্য গল্প যে পাঠকদের কুলিয়ে রেখে যেখানে
খুশি দাঁড়ি টানবি।

আর যে কিছু বলবার নেই। মাইরি বলছি, আর কিছু লিখতে
হলে বানিয়ে বানিয়ে লিখতে হবে। আত্মকথার সঙ্গে মিথ্যে কথার
ভেজাল দোব না কি। কি যে বলিস—

বানিয়ে বানিয়ে লিখবি কেন। কিন্তু আসল কথাটা বলবি তো।
মানে ঝাঁঝির কি হল শেষ পর্যন্ত সেটা তো বলবি। হতভাগী মেয়েটা
যদি তোব মতো গাড়োলের পাল্লায় না পড়ত—

তাই বল। ঝাঁঝির কি হল জানাতে হবে। কেন? এটা কি
ঝাঁঝির আত্মকথা? এ হল আমার আত্মকথা, যেখানে শেষ হওয়া
উচিত শেষ হল। লেঠা চুকে গেল। ঝাঁঝিরও তাই হল, লেঠা
চুকে গেল। পর পর তিনটে মেয়ে বিয়োল। মেয়েদের জামাই
খোঁজবার জন্তে হন্তে হয়ে উঠল। তারপর ছুঁচিবাই হল। এখন আবার
এক নতুন বাই চাগাড় দিয়েছে, সব সময় ভাবছে যে তার ধিনি-
কার্তিক পতিদেবতাটিকে দেখে মাগীরা মুচ্ছা যাচ্ছে। জান কয়লা
হয়ে গেল মাইরি। বল, এর পরও কি আত্মকথা লেখার কিছু থাকে?

মানলাম, থাকা অসম্ভব উচিত নয়।

উচিত অনুচিতের কথা নয়। কথাটা হল, ঐ ভাবে অনবরত খেই হাবিয়ে ফেলার দক্ষণ আমার উপাশ্রাস্থানা মাঠে মালা যেতে বসেছে। সাবা জীবনটা এখানো উপাশ্রাস, জীবনের প্রত্যেকটি দিন এই উপাশ্রাসেব এক এক একখানি পাতা। এ পর্যন্ত যতগুলো পাতা পাব কণে ফেলেছি সব উলটে পালটে দেখছি। ঐ এক দোষ, প্রতিটি চবিত্র যাকৈ বাল শু নেট ত ই হয়েছে। এনটাও পুৰাপুরি গড়ে ওঠেনি। উঠানোর কবে। সবই সে গেম পাড। থামতে যাবা জানে না তা'বা ফুবিযে যায়। খেমেই গড়ুক বা ফুবিযেই যাক ফল ঐ এক, খেই হাবিয়ে যায়।

সুনাগগঞ্জের পীব সাহেব দিনে বাতে কম সে কম গন্ধাশ বাব চৌচিখে উঠতেন—‘মলাম মলাম হাবিয়ে গেলাম’। দিব্য বসে আছেন বাদশাহী চান, চিনোচ্ছেন পান জল, দুই কশ বেয়ে লাল বস গড়িয়ে নামছে, ডাম ডামা ভিজছে সেই বসে। আগববাতি জ্বলছে সামনে, মাঝে মাঝে ভক্তবা বোতা পোতল গোলাপ জল ছিটোচ্ছেন। বদ বড় বসন্ত শুভ সাজানো হেঁড়ে চাঁ প'শে। মাঝখানে মখমলে মোড়া বিবট তাকিয়া সৈন দিয়ে বসে আছেন পীবসাহেব। চাবিদিক চিত্রক, টু শব্দ কলছে না কেউ, অফ হু' চোখ মেলে তাকিয়ে নেড়ে পীবসাহেবের মুখ পানে। হঠাৎ ঐ চিংকার—মলাম মলাম, হাবিয়ে গেলাম।

ভক্তবা সন্তুষ্ট। তখনই আবার গোলাপ জল ছিটোবার ব্যবস্থা হল। পীবসাহেব কৃপা কবছেন।

ঐ কৃপাটি কি।

পীরসাহেবের বেগম সাহেবাকে আমি মা বলে ডাকতাম। খোবানি মিছরি পেস্তা বাদাম এলাচদানা পেট ভরে খাওয়াত বুড়ি আমাকে। পরে বসলাম একদিন, ঐ ‘মলাম মলাম, হারিয়ে গেলাম’ কথাটার কি-মানে আমাকে বলতেই হবে। পীরসাহেবের মুখ থেকে ঐ কথাটা বেরোলেই ভক্তরা মনে করেন পীরসাহেবের কৃপা হল। এরই বা কি মানে? বুড়ি বললে, যখন ঐ চিংকারটা করেন তখন পীরসাহেব ফিরে আসেন। ফিরে এসে কোনও কোনও ভক্তের-মনোস্থামনা পূর্ণ করেন। মনোস্থামনা পূর্ণ করতে গিয়ে দেখেন প্যাঁচে পড়ে গেছেন। কে যে কি চাইছে, কত জাতের কামনা বাসনা জট পাকিয়ে ফুঁসে উঠে এক এক জনেব মনে, কার সাধ্য বুঝতে পারে। সেই ভয়ঙ্কর দয়ে পড়ে গিয়ে চিংকার করে ওঠেন পীরসাহেব—‘মলাম মলাম, হারিয়ে গেলাম। ভক্তরা বুঝতে পারে, কি-কি পীরসাহেব ফিবে এসেছিলেন, কিছু ভক্তের মনোস্থামনা পূর্ণ হবেই। ‘মলাম মলাম, হারিয়ে গেলাম’ বলেই আবার চলে গেলেন।

কোথা থেকে আসেন, যানই বা কোথায়?

ঐ প্রশ্নটি কবলেই বুড়ি চটে যেত। অষ্টগ্রহব যিনি বসে আছেন চোখের সামনে—সমানে চিবিয়ে চলেছেন পান জর্দা, দিনে রাতে একটি বারের জন্তেও গদি ছেড়ে ওঠেন না, তার আবার যাওয়া আসা কি!

যাক গে, মহাপুরুষদের কাণ্ডকারখানাই আলাদা। আমরা সাধারণ জীব, আমাদের মনে কামনা আছেই। কামনা বাসনার দয়ে পড়ে হাবুডুবু খেয়ে মরছি আমরা, মহাপুরুষদের টেনে ঐ দয়ে নামাবার চেষ্টা না করাই উচিত। উচিত অনুচিতের কথা হচ্ছে না, কথাটা হল আমাদের মনে অমন সাংঘাতিক দ কেন?

কি জাতের মনওয়াল চরিত্রদের নিয়ে আমার এই জীবন উপস্থাপন কঁদে থসেছি? সব চরিত্রদের মনেই কামনা বাসনাগুলো

জট পাকিয়ে যাচ্ছে, সেই জট খুলতে গিয়ে খেই হারিয়ে ফেলেই সুনামগঞ্জের পীর সাহেবের মতো চেষ্টায়ে উঠছি, মলাম মলাম, হারিয়ে গেলাম। আসল কথাটাই হচ্ছে ঐ, নিজেকে আমি হারিয়ে গেছি। আমার এই জীবন উপস্থাসের চরিত্রদের মনের দয়ে মজে গেছি আমি, কে আমায় উদ্ধার করবে !

আমার কাছেই আবার কেউ কেউ জিজ্ঞাসা করে—বলতে পারো উদ্ধার পাব কিসে ?

বটুকনাথের বোন অনিমা সরু কালো পাড়ের ধুতি পরে। মাথায় তেল দেয় না, সারা অঙ্গে কোথাও গহনার বালাই নেই। দেখলেই মনে হবে হতভাগীব কপাল পুড়েছে। সেদিন এসে বলে ফেলল—
কি করলে উদ্ধার পাব বলতে পারেন ?

মারাত্মক ভুল কবে ফেলেছিলাম আর একটু হলে। বিধবাদের সুপবিত্র জীবন নিয়ে কয়েকটি মূল্যবান কথা চোঁটেব ডগায় এজল পড়েছিল। সামলে গেলাম, টপ করে মনে পড়ে গেল, অনিমাও এখনও বিয়েই হয়নি। বিয়ে দেয়ার জন্তে অনেক চেষ্টা করেছিল বটুকনাথ, দেখতেও নাকি এসেছিল পাত্রপক্ষরা। অনিমার মুখের দিকে তাকিয়ে সবাই পিছিয়ে গেছে। কারণটা কি! দেখতে শুনতে তো অনিমা মন্দ নয়।

তা নয় নিশ্চয়ই। কিন্তু ওর মুখের দিকে তাকালেই মনে হয় এই সংসারটা যেন শ্রেফ ছারখার হবার জন্তেই তৈরি হয়ে আছে। নিরবচ্ছিন্ন হাহাকার ছাড়া এ সংসারে আর কিছুই নেই। সংসারে কখনও ভোরের আলো ফুটে ওঠে না, পাখির গান গায় না, ফুলের গন্ধে মাতাল হয়ে বাতাস ছুটে বেড়ায় না। এ সংসারে একটানা কাঠকাটা রোদ, ছায়া নেই আশ্রয় নেই, তেঁপায় ছাতি ফেটে গেলেও কোথাও এক বিন্দু জল নেই। শুধুই ছপূর দিয়ে সংসারটা গড়ে উঠেছে। ছপূরের পর বিকেল বিকেলের পর সন্ধ্যা সন্ধ্যার পরে

রহস্যময় অঙ্ককার রাত্রি, যে রাত্রি স্বপ্ন দিয়ে গড়া, এই সব উলটো পালটা ব্যাপার এ সংসারে একদম ঘটে না। ছিটেকোঁটা আশা করবার স্বপ্ন দেখবার ভুলে থাকবার কিছুই নেই সংসারে, আছে শুধু এক হুর্জয় অভিমান। সেই অভিমানটি হল নিজের ওপর, সেই অভিমানের ভাষাটি হচ্ছে, কেন মবতে এই নচ্ছার সংসারে জ্বলে পুড়ে মবতে এসেছি। ঐ নিদাক্ষণ প্রশ্নটির জলজ্যান্ত রূপ বটুকনাথের বোন অনিমা। কার এমন হুর্জয় বুকের পাটা যে ওকে বিয়ে করতে যাবে!

বটুকনাথকে যতদিন চিনি ওর বোনকেও ততদিন চিনি। বটুকনাথের সঙ্গে যখন পরিচয় হয় অনিমা তখন ফ্রক পবে স্কুলে যেত। ফ্রক ছেড়ে শাড়া ধবলে, স্কল ছেড়ে কলেজে ঢুকল, সবক'টা পরীক্ষায় পাশ করে অধ্যাপিকা হয়ে জব্বলপুবে না কোথায় চাকরি করতে গেল। ঐ পর্যন্তই জনতাম। মাঝে মাঝে বটুকনাথ এসে অ্যাক্সেপ কবত বোনটার বিয়ে দিতে পাবল না বলে। আজকাল বত্ন মেয়ে বিয়ে না করেও দিব্যি চাকবি-বাকবি কবে থাকছে। বিয়ে হলেই একজনব সম্পত্তি হয়ে যাবে এই ভয়ে বত্ন মেয়ে বিয়ে কবে না। বিয়ে না কবে যদি কেউ শাস্তিতে জীবন কাটাতে পারে—

শাস্তির কথাটা মোটে শুনতে পারে না বটুকনাথ। বলে— শাস্তিব কথা মুখেও এন না। শাস্তি কি জিনিস তা ও জানেই না। সামনেই ওর কলেজ বন্ধ হচ্ছে, বাড়ি এলে পাঠাব তোমার কাছে। দেখলেই বুঝবে কি রকম হয়ে গেছে অনিমা। ওর দিকে তাকালে বুকেব বক্ত শুকিয়ে যায়। ভালো ভালো ঘব থেকে সম্বন্ধ করতে এল। একটিবার দেখেই পিছিয়ে গেল। কি যে হয়েছে ওর!

কি হয়েছে অনিমার আমিও জানতে চাই। ছোটবেলায় কেমন ফুটফুটে ছরন্ত ছিল, ছুটত লাকাত সাংকেল চেপে স্কুলে যেত, ইউনিভার্সিটিতে বোমা ছোড়ার ঙ্গে একবার ওকে জেলেও যেতে হয়েছিল। কি এমন এক ব্যাধি হল তাব যে মুখ দেখলেই সকলের পিলে চমকে ওঠে।

গিলে চমকে ওঠে না বুক শুকিয়ে যায়। সত্যিই আমার বুক শুকিয়ে গেল অনিমাকে দেখে। পায়ে হাত দিয়ে প্রণাম কবে চুপচাপ খানিকক্ষণ বসে বইল সামনে। হঠাৎ ঐ প্রশ্নটি করে বসল—কি কবে উদ্ধার পাব বলতে পাবেন ?

ভাগ্যে মনে পড়ে গেল যে ও বিশ্বাস নয়। যা বলতে যাচ্ছিলাম গিলে ফেলতে হল। বললে হবেই একটা দিচ্ছি। বলে ফেললাম যা মুখে এল—কিসের থেকে উদ্ধার ?

বেশ কিছুক্ষণ আমার দিকে তাকিয়ে থাকবার পর জবাব দিলে—তাও তো জানি না।

খাঁটি উত্তর, নির্ভজাল যাকে বলে। সত্যিই আমবা কেউ জানি না কিসের থেকে উদ্ধার পেতে চাই। অথচ উদ্ধার পেতেই হবে।

সেই কথাটাই একে বনজাম—ঐ দশ্য আমারও, ঠিক তোমার দশ্য। উদ্ধার পাবার দৃশ্য ভেঁজি তো বসে আছি। অথচ জানি না কি থেকে উদ্ধার পাব। দানী ওনী যারা তারা দামী দামী কথা বলেন, মাথা থেকে দানব মোহ থেকে উদ্ধার হওয়া মূতুব এই জাঁতা কল থেকে উদ্ধার—। ঐ সমস্ত প্যাচ পড়ে গিয়ে অনেকে সাধন ভজন জুড়ে যেয। আমি বাপু ও সব বড় ব্যাপার বুঝি না অথচ উদ্ধার পেতে চাই। কি থেকে উদ্ধার পেতে হবে এইটুকু যদি কেউ বলে দিত।

অনিমা মাথা ঘামাতে লাগল। বেশ কিছুক্ষণ মাথা ঘামিয়ে বলল—আগনার মতো কিছু একটা নিয়ে যদি ভুলে থাকতে পারতাম আমি, তাহলে বাচতাম। কোনও অবলম্বন নেই, একটা কিছু আঁকড়ে ধরে বাচতে হবে তো।

কি নিয়ে হলে আছি! খুব আশ্চর্য হয়ে জানতে চাইলাম।

লেখা নিয়ে। সুখের ওপর থেকে কক্ষ চুলগুলোকে এক হাতে ঠেলে দিয়ে অনিমা বললে—লেখা নিয়ে, মানে জীবন নিয়ে। আপনি হলেন জীবনশিল্পী, মনোব মতো কবে জীবন গড়ছেন, মজি মতো

সেই জীবনকে সাজাচ্ছেন, আপনার গড়া জীবন হাসছে কঁাদছে কথা বলছে। আপনার নিজের সৃষ্টি নিয়ে আপনি মেতে আছেন। আর কি চাই? আপনি যাদের গড়েন তাদের সুখ তাদের হতাশা তার্পের আশা-আকাঙ্ক্ষা বাসনা-বঞ্চনা আপনাকে টলাতে পারে না। বুকফাটা কান্নাকে ঠিক বুকফাটা কান্নার রূপ দিতে পারলেন কি না তাই নিয়ে আপনি মাথা ঘামান। যে জীবন হতাশায় আর হাহাকারে শুকিয়ে গেল, সেই জীবনের হতাশা হাহাকারকে সার্থক রূপ দিতে পারলেই আপনি পরম সন্তুষ্ট। শয়তানকে আপনি গড়েন বুকেব সবটুকু দরদ ঢেলে, আপনার মানস-সন্তান শয়তানের শয়তানিতে যেন খুঁত না থাকে, সে জন্তে আপনি প্রাণপণে চেষ্টা করেন। শিব গড়তে বাদর না হয় এই হল আপনার একমাত্র চিন্তা। ভুলে থাকবার জন্তেই আপনি জন্মেছেন। আপনার পেশাই আপনার সবচেয়ে বড় অবলম্বন। ঠিক বিধাতা পুরুষের মতো। বিধাতা পুরুষ যাদের গড়েন তাদের সুখ-দুঃখ কান্না-হাসির ডালা নিখুঁত ভাবে সাজিয়ে দেন।

বোবা হয়ে গেলাম। অনেক দিনের ছাঁচারটে গল্প লিখি। পত্রিকাওয়ালারা দয়া কবে যা দেন তাতে বিড়ির পয়সাটা ওঠে। জানতাম না যে গল্প লিখি বলে আমি একদম বিধাতা পুরুষ বনে গেছি। বেকায়দায় পড়ে গিয়ে বনে ফেললান—যদি উদ্ধার পেতাম এই লেখার দায় থেকে। কিছু একটা যদি মিলত যা নিয়ে জুলে থাকতে পারতাম, তাহলে এই জীবন গড়ার ফ্যাসাদ থেকে নিষ্কৃতি পেতাম।

পারবেন না। নির্জলা নির্লিপ্ততা বজায় রেখে অনিমা বলল— কিছুতেই পারবেন না। আমিও চেষ্টা করেছিলাম, কিছুতেই জড়াব না নিজে, জীবন গড়ে তুলব। আপনার মতো কাগজ কলম দিয়ে নয়, রক্তে মাংসে গড়া জীবন নিয়ে আমি সাধনা শুরু করেছিলাম। কি লীভ হল? নিজে জড়িয়ে পড়লাম। আপনারও

তাই হয়েছে, আপনার গড়া জীবনগুলোর ভাগ্যের সঙ্গে নিজের ভাগ্য জড়িয়ে ফেলেছেন। অনবরত ভাবছেন যা গড়তে চেয়েছিলেন তা গড়া হয়নি। যা বলতে চেয়েছিলেন তা বলতে পারেননি। সত্যিকারের ব্যাপারটা হচ্ছে, আপনি যা গড়তে চেষ্টা করেন তার মারফত আপনি নিজেকে প্রকাশ করতে চান। চিরে চিরে বিচার বিশ্লেষণ করেন নিজেকে, বিচার বিশ্লেষণ করে যা পান সেই মাল-মশলা দিয়ে গড়ে তোলেন আপনার চরিত্রের। গড়বার পর দেখেন অনেক অনেক ফাঁক পড়ে গেছে। ফাঁক আর ফাঁকি থেকে জন্মায় হতাশা। যতদিন পর্যন্ত নিজেকে চিরে চিরে বিশ্লেষণ কবার চেষ্টা করবেন ততদিন আপনি আপনাব মানস-সন্তানদেব গড়তে চেষ্টা করবেনই। নিজের সম্বন্ধে যে অন্ধ সেই হতাশাগ্রস্ত জীবন জিজ্ঞাসাব হাত থেকে রেহাই পেতে পাবে।

মাথা-ফাতা গুলিয়ে উঠল। কি বিপদে পড়লাম রে বাবা।

বটুকনাথের বোন অনিমা, এই সেদিন ফ্রক পবে স্কুলে যেত। কলেজে ঢুকে পাটি কবত, বোমা ছুঁড়েছিল বলে জেলও খেটেছে। ঝপাঝপ্ কতকগুলো পরীক্ষা দিয়ে এমনই বোলচাল ঝাড়ছে যে চোখে অন্ধকাব দেখছি। বিপদ আর কাকে বলে!

খতমত খেয়ে বলে বসলাম—কতটুকুই বা দেখেছি কতটুকুই বা বুঝেছি। জীবন বিচিত্র। মানুষ আজ অশ্রু গ্রহে জীব আছে কি নেই তাই জানবার জন্তে মরীয়া হয়ে লেগে গেছে। কিন্তু এই গ্রহটায় যে জীবগুলো মানুষ হয়ে জন্মেছে বলে জলে পুড়ে মরছে তাদের সম্বন্ধে কতটুকু আমরা জানি। মানুষকেই মানুষ আবিষ্কার করতে পারল না আজও, মজল গ্রহে যারা আছে তাদের আবিষ্কার করতে চলেছে। তাছাড়া কাজটাও খুব সহজ নয়। মানুষ মানুষের কাছে সব কিছুই লুকিয়ে রাখতে চায়। বাইরে থেকে দেখে কতটুকুই বা বোঝা যাবে।

অনিমা একটু যেন উত্তেজিত হয়ে উঠল। তার পাথুরে চোখ

ছোটো চকচক করে উঠল। একটু নড়ে চড়ে বসে জিজ্ঞাসা করল—
উল্টা জীবন আপনি দেখতে চান? সাহস আছে আপনার?

চট করে জবাব জোগালো না মুখে। গুম মেরে বসে রইলাম।

লোকটা বোধহয় সাত ফুট লম্বা, আমার চেয়ে এক হাতের বেশী
উঁচু। মুখখানা যে কেমন ছিল বোঝবার উপায় নেই। নাক মুখ
চোখ কান সমস্ত দলা পাকিয়ে গেছে। তবে শখ আছে বটে। চুনট
কবা আদ্রির পাঞ্জাবি আর জরি পেড়ে ধুতি পরেছে। যে ক'টি চুল
আছে মাথায় তা দিয়ে যতটা সম্ভব বাহার তুলেছে চাঁদিতে, পেছনটা
চোঁচে ছুলে সাফ করে ফেলেছে। হুঁহাতে গোটা পাঁচেক আংটি,
আংটিগুলোয় বড় বড় পাথর বসানো। যে সব পাথর বসানো
আংটি পরলে গ্রহ নক্ষত্রদের শায়েস্তা করা যায় সেই সব পাথর ধারণ
কবেছে। তাব মানে হীবে মানিক কেনবার সামর্থ্য রাখে। ছুয়ে
পড়ে মাথা বাঁচিয়ে ঘরে ঢুকল। পরিচয় করিয়ে দিল অনিমা—ইনিই
রজতদ্ব্যতি সামন্ত। এব কথাই বলেছিলাম আপনাকে। অনেক
কষ্টে রাজী কবিয়েছি। কাজেব মানুষ, সময় নেই। আপনার নাম
শুনে এলেন।

রজতদ্ব্যতি তাঁব সেই বীভৎস মুখখানাকে যতটা সম্ভব হান্স-সকুল
কববার চেষ্টা কবে বললেন—আজ্ঞে হ্যাঁ, আপনার নাম শুনে এলাম।
অনিমার সঙ্গে পড়তাম ইউনিভার্সিটিতে—আমাদের একই সাবজেক্ট
ছিল। ও পাশ করে প্রফেসরী নিলে। আমি সেই যে তিমিরে
সেই তিমিরে। ছুটকো ছাটকা কনট্রাক্টরী করি, কোনও রকমে দিন
চলে যায়।

বেশীর ভাগ রোগগারটা কি থেকে হয় সেটাও বল একে। সব
না বললে তোমার রোগটা ইনি ধরবেন কেমন করে? তাত্ত্বিক ক্রিয়া
যদি কিছু করাতে চাও তাহলে খুলে বলা উচিত। বলে অনিমা
একখানা কবিতার বই তুলে নিয়ে পাতা ওলটাতো লাগল।

একটু আধটু অল্প কাজ কাবাবও আছে আমার। তবে সেটা
—বলতে বলতে রক্তছাতি আটকে গেলেন।

কথা বলতে বাধ্য হলাম আমি—যদি আপত্তি থাকে তাহলে
বলবেন না।

না না, আপত্তি-টাপত্তি নয়। মানে ব্যাপারটা খুবই ডেলিকেট
কি না, মানে আমি একটু আধটু রাজনীতি করি। বলে রক্তছাতি
পকেট থেকে সিগারেটের কেস বার করলেন।

রাজনীতি করেন! রাজনীতি করাটা ডেলিকেট ব্যাপার!

একদম বোকা বনে গেলাম। অনিমা আমায় উদ্ধার করলে।
কবিতার বইতে চোখ রেখেই বললে—প্রত্যক্ষ রাজনীতি নয়, পরোক্ষ
রাজনীতি করে রক্ত। বড় বড় নেতারা টাকা ঢেলে কাজ নেয়।

তার মানে আজকাল কনট্রাক্টর দিয়ে দেশের কাজ করতে
হচ্ছে! চক্ষু চড়কগাছ হয়ে গেল আমার। রক্তছাতি বাবু তাঁর
সিগারেট কেসে চাপ দিলেন। খই কবে একটু আওয়াজ হুস।
খোলা কেসটা আমার সামনে বাড়িয়ে ধরে বললেন—নির্ন একটা।
ঘাড় নাড়লাম। উনি একটা ধরালেন, গল গল কবে ধোয়া ছেড়ে
বললেন—দেশের কাজ সমস্তই তো ঠিকাদার দিয়ে কবানো হচ্ছে।
যেমন ধরুন রাস্তা বানানো পুল বানানো হাসপাতাল স্কুল বানানো
জলের কল বসানো। আমাদের মিলিটারিরা যা খায় তাও ঠিকাদারেরা
জোগায়। ঠিকাদার ছাড়া দেশের কোন কাজটা হচ্ছে। আমার
কাজটা একটু গুণ বকমেব। আমাকে প্রাইভেট ডিটেক্টিভও
বলতে পাবেন। বড় বড় নেতারা ছু'পাঁচটা প্রাইভেট কাজ দেন।
যেমন ধরুন, একজনকে একটু টাইট্ দিতে হবে কিংবা কোনও
নেতার একটা বদখত হবি আছে যা প্রকাশ হয়ে পড়লে মারাত্মক
ব্যাপার হতে পারে, সেই হবিটা সম্বন্ধে সবকিছু জেনে নিয়ে তাঁকে
ব্র্যাক্‌মেল্ করতে হবে, এই সমস্ত আর কি। রাজনীতি বড় নোঙরা
ব্যাপার স্থার। এ সমস্ত ব্যাপার মত না জানা যায় ততই ভালো।

অনিষ্টা সেইবকম বইয়ের পাতা ওলটাতে ওলটাতে নির্লিপ্তভাবে বলল—যাক গে ও সব কথা। এখন বল তোমার ট্রাবল। ঢেকে-চুকে বলবার দরকার নেই, সবকিছু খোলাখুলি বল। আমার দাদার বন্ধু ইমি। মস্ত বড় তাত্ত্বিক সাধু। ওঁর কাছে আমবা কিছুই লুকোই না।

বলা শুরু হল। ব্যাপারটা এমনই সাংঘাতিক বকম ডেলিকেট যে বলবার আগে ছোট্ট এনটি রূপের ক্লাস্ক বাব করে ছুঁতিন ঢোক ওষুধ গিলে নিলেন বজ্রত্যাতি। নিয়ে ক্লাস্কটিকে যথাস্থানে বেখে কম'ল দিয়ে মুখ মুছে শুক কবলেন—যাঁব বিষয়ে আমি বলব তিনি এ'দন মস্ত বড় নেতা।

হঠাৎ সেই নেতাটি হৃৎ হৃৎ উঠলেন। হাতে ক্ষমতা ছিল, লাঠি গুলি টিবার গ্যাস দিও ঠাণ্ডা বানাতে লেগে গেলেন দেশমুদ্র মামুষকে। তার লে '... ল গুলুসব নেতা'দের। কস্মিনকালে অমন হি'য়'তো উনি ছিলেন না। এই বয়সে খোপ গেল না কি লোকটা।

ডাক পড়ল অ'মাব। আমি এনেগেজড হ'নাম। একটু আধটু নাড়াচাড়া কব'তাই বেবি'য় পড়ল ভেতবেব সংবাদ। নেতা লোকটা কিছুই কন'ছেন না। যা কববার কব'ছে আবেব'জন আডাল থেকে। তাবই হু'নাম সেই মা'গুবব নেতা দেশেব মা'গুষেব বক্তে দেশেব রাজপথ ভিজিয়ে ছাড়া'ছেন।

বজ্রত্যাতি আন একবার সেই রূপের ক্লাস্ক বাব কবে যেটুকু বাকী ছিল গলায় ঢালতে ঢালতে গডগড কবে বলে গেলেন তাঁব কাহিনী। কাহিনী নয বাজ'নৈতিক কেচ্ছা।

শুরু কবলেন বজ্রত্যাতি—এটা হোল সাব ভোল পা'স্টাবার যুগ। এখন সবাই বহুকপী। কোনটি যে কাব আসল চেহারা বোঝাবার জ্ঞো নেই। সেন তেন প্রকা'বেণ গদিতে চডতে পাবলেই হোল। গদিতে চডবাব জ'গু জ'গুদাতা বাপেব নামটাও পালটাতে পারি

মানুষ। আজ যিনি পরমহংস, মাছি মারতে দেখলেও কঁদে ভাসিয়ে
 দিচ্ছেন, কাল তিনি রক্তরাঙা ঝাণ্ডা ঘাড়ে নিয়ে মুখ দিয়ে আগুন
 ওগরাতে লাগলেন। বাহাতুরে, ভীমরতি ধরেছে, জিব লকলক
 করছে, তবু দেশের কাজ করতেই হবে, শ্মশানে পৌঁছনো
 পর্যন্ত দেশের কাজ করা চাই। দেশের কাজ করতে না পেলে যে
 মজা লোটা সম্ভব নয়। গদিতে চড়ে বসতে পাবলে হরদম প্লেনে
 চেপে ঘোরা যায়, বড় বড় জায়গায় নেমস্তন্ন পাওয়া যায়, পূজা
 পাওয়ার কথাটা ছেড়েই দিচ্ছি। দেশটাকে যারা খেটেখুটে স্বাধীন
 করেছেন পূজা তো তাঁরা পাবেনই। বছর বছর জন্মতিথি হবে,
 দেশসুন্দ চোর, জোচ্চর ঘুষ দেনেওয়ালা আর ঘুষ লেনেওয়ালারা ফুল
 মালা সন্দেশের সঙ্গে ছনিয়ার যত ভাল মন্দ জিনিস পূজা দেবে,
 খবরের কাগজে দেশ উদ্ধারকারীর ছবি ছাপা হবে। সেই সঙ্গে
 বেকুবের তাঁর কীর্তি-কাহিনী। দেশের জন্তে কি পরিমাণ ত্যাগ
 স্বীকার করেছেন তিনি, জানবে দেশের লোক। ত্যাগী ব্রহ্মচাৰী,
 দেশের কাজ করার গরজে বিয়ে থা করে সংসারী পরুষ, ছোতে
 পারলেন না, ওহো হো, ত্যাগের কি মহিমা! এই মহিমার
 আড়ালে—

বাধা দিলাম। ও সমস্ত জানা কথা। দেশসুন্দ মানুষ নেতাদের
 ভাল করে চেনে। ঐ নোংরা কারবার, এ দেশে যার নাম রাজনীতি
 করা, ও আর আমি শুনতে চাই না। ওঁর মুশকিলটা হচ্ছে কোথায়
 সেইটুকু বললেই হবে।

রক্ততবাবু গলা স্বীকারি দিয়ে বললেন—এ ব্যাপারটা খুবই
 ডেলিকেট। মানে এ ব্যাপারটার সঙ্গে আবার অনিমা জড়িয়ে
 আছে। অনিমা চাচ্ছে এই সব কাজকর্ম ছেড়ে ছুঁড়ে দিয়ে আমি
 ওর সঙ্গে চলে যাই। রিস্কটা ও বুঝতে চাইছে না। যতদিন ফীল্ডে
 আছি ভয় নেই। হয় এ নেতা নয় তো আর কোন নেতা, কেউ ঝা
 কেউ পেছনে আছেন। ফীল্ড ছেড়ে দিলে সবাই হুশমন হয়ে দাঁড়াবে।

এখানে ঢোকবার রাস্তা আছে বেরুবার পথ নেই ; আমার মতো অনেকেই কাজ করছে এই ফীল্ডে । তাদের কাউকে লাগালে—

বাকীটা আর মুখে বললেন না । তান হাত মুঠো করে ছেঁচরা চালাবার কায়দাটা দেখালেন ।

তাছাড়া তিনি তো রয়েছেন । নেতার পেছনে তাঁর সেই সাধের ছায়াটি । বাগে পেলো তিনি রক্ততকে রেহাই দেবেন না । যত নষ্টেব গোড়ায় কলকাঠি কে নেড়েছে তা সে ভালো করেই জানে কি না । তাই, এবার আমি ঠিক করে এসেছি, হয় রক্তত যাবে আমার সঙ্গে নয়তো আমিও ওর সঙ্গে ওর ফীল্ডে নেমে পড়ব । একদিন একসঙ্গে ছুঁজনে বোমা ছুঁড়েছি, এক সঙ্গে ছুঁজনে বুলেটের সামনে বুক পেতে দিয়েছি, আশুতোষ বিল্ডিং-এ যেদিন ওর মুখের ওপব টিয়ার গ্যাসেব শেল্‌টা ফাটল—

এক নিঃশ্বাসে বলতে লাগল অনিমা । আমি দেখলাম পালটে গেছে । আমি দেখলাম সেই ছুঁছুঁ মেয়েটাকে, বটুকনাথের সেই বোনটি, যে সাইকেল চেপে স্কুলে যেত, সমবয়সী ছেলেদের সঙ্গে ~~কলক~~পিট করত, স্কুলের স্পোর্টসে পাঁই পাঁই করে দৌড়ত, লাফ দিয়ে এতটা জায়গা পাব হত যে কোনও ছেলে ওর সঙ্গে পেরে উঠত না । কোথায় গেল জলজ্যান্ত হাহাকারের প্রতিমূর্তি অধ্যাপিকা অনিমা মুস্তাফী ! উলঙ্গ জীবন দেখবার সাহস আছে কি না জানতে চেয়েছিল অনিমা । এই কি উলঙ্গ জীবন ! এ আমি কি দেখছি ! হাড়হাভাতে চোয়াড় নচ্চার গুণ্ডা রক্ততছাতি, যার মুখখানার দিকে তাকালে বৃকের রক্ত হিম হয়ে যায়, সেই রক্ততছাতি রক্ততগুত্র আলো জ্বালাল বটুকনাথের অনেক পাশ করা বোনটির চোখে মুখে সর্বাক্কে । সত্যিই ওর রক্ততছাতি নামটা সার্থক ।

ফ্লাস্ক বার করে ঝাঁকি দিয়ে দেখলেন রক্ততছাতি । অভ্যাসের দোষ আর কি । তারপর আর একটা সিগারেট ধরিয়ে বললেন— একটা কলচ-টবচ বা স্টোন্ যাতে শত্রুরা কিছু করতে না পারে

ব্যবস্থা করে দিন। আমাবও আর ভালো লাগে না নবকে পড়ে মরতে। তাছাড়া অনিমা পড়ে রইল কোথায় গিয়ে। ভয়ঙ্কর জেঙ্গী তো, আমাব বোজগাব এক পয়সা ছোবে না। ঠিক আছে, ও যখন চাকরি ছাড়তে বাজী আমিও কাজ কাববাব গুটিয়ে ফেলছি। পাসপোর্ট বাগাতে হবে, চলে যাব ছু'জনে দেশ ছেড়ে, কি বরে পেট চলবে ভগবানই জানেন। কিন্তু আপনি একটু দেখুন যদি কোনও কবচ বা স্টোন ধারণ কবলে শত্রু দমন হয়—

অনিমা বলল—শত্রুদেব নাম দিলে যদি আপনার কাজেব সুবিধে হয়, শুনেছি শত্রুদের দমন কবতে হলে শত্রুদেব নামও লাগে।

বজ্রতবাবু বললেন—এখন সবচেয়ে সাংঘাতিক শত্রু মাগুবব নেতাব সেই ছায়'টি। কলেজে যখন পড়ত তখন অনেক বড়লোকের ছেলের মাথা খেয়েছে। সাংঘাতিক চালু মাল ছিল, লেগে গিয়েছিল আমার পেছনে। অনিমাব জন্তে সুবিধে কবতে পারেনি। সেই থেকে অনিমাব ওপব ওব বাগ। অনিমা আবাব একদিন ওকৈ আচ্ছা কবে চটি দিয়ে পিটিয়েছিল কি না।

রাজী হয়ে গেলাম। নিশ্চয়ই কবে দোব কবচ। এমন ~~কবচ~~ বানিয়ে দোব যে শত্রুদেব ঝাড ধ্বংস হবে। ছু'জনকে দুটি কবচ কবে দোব। তবে একটা কথা, কবচ ধারণের নিয়ম তো পালন কবা চাই। এ কবচ স্বামী স্ত্রী একসঙ্গে ধারণ কবতে পারে। তত্ত্বমতে স্ত্রী হল স্বামীর শক্তি। সশক্তি এই কবচ ধারণ কবতে হয়।

উঠে দাঁড়ালেন বজ্রতছাতি। দরাজ গলায় বললেন—আজই আমবা ম্যাবেজ বেজিস্ট্রানের কাছে বাচ্ছি। শুনেছি পনেবো দিন না এক মাস আগে দবখাস্ত দিতে হয়। কিন্তু প্রথমেই বটুকনাথবাবুর কাছে যেতে হবে আমাবে। তাঁর আশীর্বাদ নিয়ে ম্যাবেজ বেজিস্ট্রাবেব কাছে যাব। আমাদের বিয়েতে আপনিও কিন্তু একজন সাক্ষী হবেন।

যাবাব সময় আমার পায়ে হাত দিয়ে ছু'জনে প্রণাম কবল।

‘আশীৰ্বাদ নয়, চোখ বুজে মন প্রাণ দিয়ে প্রার্থনা করলাম
বিশ্বমানবের হৃদয় দেবতান কাছে, ওদেব এই মিলন যেন সার্থক হয়।

আমাব জীবন উপস্থাসেব এই পাতাগুলোকে যদি আমি ছিঁড়ে
ফেলতে পারতাম।

‘যদি ভুলতে পারতাম বটুকনাথের বোন অনিমাকে আব
বজ্রতছাতিকে।

অনিমা আমায় বলেছিল—পাবেন না, কিছুতেই পাবেন না।
আপনার গড়া জীবন গুলোব সঙ্গে আপনি নিজের ভাগ্য জড়িয়ে
ফেলেছেন। অনববত ভাংছেন যা গড়তে চেয়েছিলেন তা গড়া
হয়নি, যা বলতে চেয়েছিলেন তা বলতে পাবেননি।

মানছি, অকপটে মানছি, অনিমা আমাকে খাঁটি কথাই শুনিষে
গিয়েছিল।

জীবন গড়াব কানিগব আমি। নিজের মনব মাধুরী মিশিয়ে
জীবনকে রূপ দিতে চাই। হায়, জীবনের উলঙ্গ রূপটিকে আজও
দেখতে পেলাম না।

পাব কেমন কবে।

নেপথ্যে আমাব চেয়ে অনেক বড় এক কানিগব বসে কল্কাটি
ন্যড়াছেন। জীবন তাঁব মজিমত গড়াচ্ছে ভাঙছে, মহাকাশের জলন্ত
ক্ষুধাগ্নিতে পুড়ে ভস্ম হচ্ছে সব। শদেখা আখবে যা লেখা আছে
মহাকাশের জীবন-উপস্থাসে তা আমি দেখতে পাই না।

আমি জীবনজিজ্ঞাসাব দায় থেকে মুক্তি পেতে চাই, আমি অন্ধ
হয়ে থাকতে চাই। অন্ধ হয়েই তো আছি। দেখতে তো পাচ্ছি
না আগামী কালকে। আজ যেটা আমাব কাছে জীবনজিজ্ঞাসা,
কাল সেটা ফুরিয়ে যেতে পারে। জীবনজিজ্ঞাসাব চবম সমাধান ঐ
ফুরিয়ে যাওয়া। ফুরিয়ে যাবার পব জীবন নিয়ে আব মাথা ঘামাতে
হয় না।

কবচ আমাকে বানিয়ে দিতে হয়নি। তিন দিন পরে সংবাদ পত্রে উঠল—প্রসিদ্ধ রাজনৈতিক কর্মী শ্রীরজতহ্যতি সামন্তর মৃতদেহ ব্যাণ্ডেল চার্চের সামনে পড়ে থাকতে দেখে স্থানীয় জনসাধারণের মধ্যে দারুণ চাঞ্চল্য দেখা দেয়। ওঁকে খুন করা হয়েছে। ছব্বত্তরা দেহ থেকে ওঁর হাত দুটি বিচ্ছিন্ন করে ফেলেছে। মৃতদেহের সঙ্গে হাত দু'খানি পাওয়া যায়নি।

বটুকনাথ আর "আমার কাছে আসে" না। বোনকে রাঁচীর হাসপাতালে ভরতি করে দিয়েছে।

আর আমি আজও বসে বসে আমার জীবন উপস্থাসের খেই খুঁজে মরছি।

অযোধ্যায় এক মন্দিরের দরজায় বসে এক অন্ধ একঘেয়ে সুরে
ডুগডুগি বাজিয়ে গান গাইত—

ক্যা কহ' রঘুবরজী—মায় নে কি কিয়া চোরি—

ওহি বনশমে জনম লিয়া হায় বেদিয়া খিঁচে ডোরি ।

মহারাজ সুগ্রীবের এক বংশধর রঘুবরজীর কাছে আবেদন
করছে—কি আর বলব তোমায় রঘুবরজী, আমি কি চুরি করেছি !
সেই বংশে জন্মেছি যে বংশ তোমার সীতা উদ্ধারের জন্তে সাগর বন্ধন
কবেছিল, কিন্তু আজ বেদিয়া আমার কোমরে দড়ি বেঁধে নাচাচ্ছে ।

আমারও হয়েছে ঐ দশা । একদা বিশ্বমানবের হিতার্থে যারা
লিখতেন সেই সব পুণ্যলোক ঋষিদের কাজই আমি করছি । বই
লিখছি । লিখছি কিন্তু পেটের দায়ে, পাঠকদের মনোরঞ্জন কামনায়,
বই বিক্রির গরজে । বাল্মীকি ব্যাস কালিদাস একদা যা
করেছিলেন—

যাক গে ওঁদের কথা । ওঁদের কালে ছাপাখানা ছিল না,
প্রকাশক ছিল না, পত্র-পত্রিকা ছিল না । বই লিখে এক লাখ বিক্রি
করার কথা ওঁরা ভাবতেও পারতেন না ।

মস্ত বড় এক ইঁট-চুন-বালি-সুরকির আড়তের সামনে আমি
বাস করি । চোখের সামনে দেখছি পাঁজা পাঁজা ইঁট লরিতে আর
গরুর গাড়িতে বোঝাই হয়ে আড়ত থেকে বেরিয়ে যাচ্ছে, ইঁটওয়ালা
জীমান বটকৃষ্ণ ভাণ্ডারীর মুখ পানে তাকিয়ে ভাবি, আহা ! আমি
যদি ওর মত পরম পরিভূক্তির হাসি হাসতে পারতাম ! কিন্তু বই
তো পাঁজা পাঁজা বিক্রি হয় না ।

হয়ও। খান ইট প্রমাণ বই লিখেছেন, সেই বই ঝাঁকা বোঝাই হয়ে এসে নামছে প্রকাশকের দোকানে, সঙ্গে সঙ্গে সাবাড় হয়ে যাচ্ছে, এমন সৌভাগ্যবান লেখককেও দেখেছি। কিন্তু তাঁর চোখে মুখে সর্বান্তে বিষাদের ছাপ, শ্রীমান ভাণ্ডারীর মত খুশির আলোয় ঝলমল করছেন না তিনি, উলটো ব্যাপারটাই যেন ঘটেছে। দাঁড়ড়ে বই বিক্রি হচ্ছে দেখে যেন তিনি মবমে মরে যাচ্ছেন।

কেন!

ইটওয়ালার সঙ্গে বইওয়ালার তফাৎটা কোথায় তা বোধহয় আমি ধবতে পেরেছি। বইওয়ালার বলতে আমি বইয়ের লেখককেই বুঝি। ব্যাপারটা কিন্তু বাস্তবিকই তাই, যিনি বই লেখেন তিনিই বিক্রি করেন। প্রকাশক লেখকের তবফ থেকে ঢাক পেটান, সে জন্তে লাভের সিংহ ভাগ গ্রহণ করেন। মানে নিজের ঢাক নিজে পেটাতে লেখকেব লজ্জা কবে। কিসেব জন্তে এই লজ্জা! ইটওয়ালার তো বুক বাজিয়ে বলতে পারছে যে আমার তুল্য ইট পোড়াতে কেউ পারে না। ঐ কথাটা লেখক বলতে পারেন না কেন? পারেন না যেহেতু লেখক তাঁর নিজের সৃষ্টি নিয়ে কিছুতেই সন্তুষ্ট হন না। প্রতিটি লেখা শেষ কবে লেখক দেখেন হল না, যা গড়তে চেয়েছিলেন তা গড়ে ওঠেনি। আগুনের খামখেয়ালে তিন ভাগের এক ভাগ কাঁচা থেকে গেছে।

কবি গাইতে পাবেন—‘যাবাব বেলায় শেষ কথাটি যাই বলে।’ লেখক ওটা হাওড়াতে পাবেন না। শেষ কথার পরেও অনেক অশেষ কথা থেকে যায়। বাম না জন্মাতেই রামায়ণ লিখে শেষ করেছিলেন মহাকবি বাল্মীকি। ভাগ্যবান রামচন্দ্রকে ভাগ্যের অঙ্গুলি সংকেতে সন্ধেব মত জীবন যাপন কবতে হয়নি। জীবন-চরিত লেখক বাল্মীকির মর্জি মারফিক পর পদ সব কাজগুলো শেষ করে ফেলে হাঁফ ছেড়ে বেঁচেছিলেন। আজকের লেখক ঐ সুবিধেটা পান না। আজকের রামচন্দ্ররা ঐ সুগ্রীবের বংশধরদের মত জীবন

ষাপন করছেন। অন্তরীক্ষে বসে বেদিয়া আজকের রামচন্দ্রদের কোমনে দড়ি খিঁচে নাচাচ্ছে। নাচাতে নাচাতে মারলে এক হেঁচকা টান, মুখ খুবড়ে পড়লেন রামচন্দ্র, সেই সঙ্গে আজকের দিনের লেখকের কাজটাও অসমাপ্ত থেকে গেল। বিড়ম্বনা আব কাক্ বলে!

এই বিড়ম্বনার কথাটাই সেদিন শোনাতে এল উমা। বললে— ‘কি যে ছাইপাশ লিখছ। একটা লেখাও যদি ভাল ভাবে শেষ করতে পারতে। এ পর্যন্ত যা কিছু লিখেছ সবই ফাঁকি। ফাঁকি যে দিচ্ছ এটা বোঝাব ক্ষমতাও বোধহয় তোমাব নেই।

মুখ টিপে রইলাম। আমার বই ও কিনে পড়ে না, বই বেরুলেই ওকে একখানা দিতে হয়। না দিলে বাড়ি বয়ে এসে দশ কথা শুনিযে যায়। বই যখন ও কিনে পড়ে না তখন ওর মতামত নিয়ে মাথা ঘামাই না আমি। খন্দের তো নয় যে ওর মন খুঁগিয়ে চলতে হবে।

‘কি? কিছু বলছ না যে বড়। বই লেখ বলে ধরাকে সরা জ্ঞান কবছ বুঝি?’ বলে আঁচলের একটা খুঁট কোমনে গুজে নিলে। অর্থাৎ বগড়া করবেই, মুখ টিপে থাকলেও এড়িয়ে যাওয়া সম্ভব নয়। অগত্যা কিছু বলতে হল। বললাম— ‘ভাবছি কোন্টে ভাল করে শেষ করতে পারিনি। সব গল্পই বেশ গড় গড় করে এগিয়ে গিয়ে থামবাব জায়গায় থেমে গেছে। তবে সাস্পেন্স কিছুটা থাকবেই, এই সাস্পেন্সটুকুই লেখকের মূলধন। ওটা না থাকলে কেমন যেন জোলো জোলো হয়ে যায় লেখাটা। একটা কি হয় কি হয় গোছেব ভাব শেষ পর্যন্ত বজায় রাখতে না পারলে—

‘তাই বুঝি?’ ওর ডাগর চোখ ছুটোকে যতটা সম্ভব ছোট করে বললে— ‘সেই জত্নেই জাহ্নবীকে না মেরে একেবারে নিরুদ্দেশ করে ছাড়লে। যারা ওই গল্প পড়বে তারা ভেবে মরুক জাহ্নবীর কি হল। অ’চ্ছা ছাঁচড়া মানুষ তো!’

নিতান্ত ভাল মানুষের মত জিজ্ঞাসা করলাম—‘তাহলে কি ভাবে শেষ করা উচিত ছিল? বলই না শুনি তোমাব আইডিয়াটা। এরপর যা লিখব—’

‘কেন লিখবে?’ সত্যিই ওব স্বরটা ভাবী হয়ে উঠল। একটা খুব গুরুতব পবামর্শ দিচ্ছে এই ভাবে বলতে লাগল—‘কেন ওই সমস্ত ছাইপাঁশ লিখতে যাবে? তোমাব ঐ জাহ্নবী যদি বেঁচে থাকে এখনও তাহলে ঐ লেখা পড়ে কি ভাববে সে? কাটা ঘায়ে নুনেব ছিটে দিয়ে, বেশ মজা পাও বুঝি? আব একখানা বই লিখে তোমাব ঐ বইখানাব জবাব দেবাব উপায় থাকত যদি জাহ্নবীব—’

খতমত খেয়ে বলে উঠলাম—‘তাব মানে! তুমি কি মনে কবেছ জাহ্নবী বলে সত্যিই কেউ ছিল। কি আপদ দেখ, জাহ্নবী হচ্ছে আমাদের মনগড়া চবিত্র, রক্তে মাংসে গড়া জাহ্নবীকে কোথাও খুঁজে পাবে না।’

‘পাব না?’ সত্যিই ফণা ধবল উমা। আব একবাব জিজ্ঞাসা কবল—‘পাব না?’

ঘাবড়ে গেলাম দস্তুরমত। অন্ত্রমনস্ক হয়ে কোনও জ্যান্ত জীবকে নিয়েই গল্প লিখে ফেলেছি নাকি!

নিজেকে সামলে নিয়ে বলল—‘লেখক হলে যে মানুষ নিজেকেই সব চেয়ে বেশি ঠকায এটা জানতাম না।’

ঠিকই তাই।

উমাব কাছে আমি ধরা পড়েছি কাবণ উমা জাহ্নবীকে চিনত। ও ধবে ফেলেছিল জাহ্নবী নাম দিয়ে কাব চবিত্র আমি আঁকতে চেষ্টা করেছি। জাহ্নবীব সঙ্গে উমা লেখাপড়া কবেছে, এক ঘরে দরজায় খিল এটে ঘণ্টার পব ঘণ্টা গুজ গুজ ফুস ফুস করেছে, একই বাথরুমে এক সঙ্গে দুজনে স্নান করেছে। পালাপাশি ছুটো ক্ল্যাটে

ওরা থাকত। উমার বাবা ছিলেন উকিল, জাহুবীর বাবা পেশকারি করতেন। ঐ পাড়াতেই আমার মামার বাড়ি। নামজাদা পরিচালক ছিলেন সত্যপ্রিয়বাবু, তাঁর কোনও ছবিতে চাল পাবার জন্তে আমার মত অনেকেই তাঁর উমেদার ছিল। ঘটনাচক্রে উমার বাবা হুবীকেশবাবুর নজর পড়ল আমার ওপর, কপাল খুলে গেল। ধাঁ করে এক সিনেমা হলে টিকিট বেচার চাকরি পেয়ে গেলাম। কদর বেড়ে গেল আমাব, উমা উমার বন্ধু জাহুবী আরও অনেকে বিনা পয়সায় সিনেমা দেখতে লাগল। নতুন বই এলে আর রক্ষে নেই, প্রথম দিনে না হোক দ্বিতীয় ও তৃতীয় দিনে উমাদের দেখাতেই হবে। না দেখাতে পারলে শুনতে হবে চেটাং চেটাং বুলি। হুবীকেশবাবুব কণ্ঠাটিব মুখে মধু না দিয়ে ভুল কবে খাঁটি সরষের তেল দেওয়া হয়েছিল নাকি নাড়ী কাটবার সময়! সেই তেলের ঝাঁজটা এক ভাবে আগাগোড়া বেকুচ্ছে মুখ দিয়ে। ভাল কথা বললেও গায়ে বিষ ছড়িয়ে দেয়।

সাত তাড়াতাড়ি এক উঠতি উকিলের সঙ্গে বিয়ে দিয়ে দিলেন মেয়ের হুবীকেশবাবু। জাহুবী বেচাবী একা পড়ে গেল। মাঝে মধ্যে সিনেমার পাশ নিয়ে ওকে সাধতে যেতাম আমি, আমল দিত না। পেশকার বাপেব পয়সার অভাব নেই, উচু দরের টিকিট কিনে মায়ের সঙ্গে সিনেমা দেখতে যেত। নিজের ওজন বুঝে চলতে শিখেছি তখন। সিনেমায় টিকিট বেচি বলে সবাই কি চোখে দেখে আমাকে জানতে পেরে গেছি। সামলে গেলাম, সবাই হুবীকেশবাবু নয়। হুবীকেশবাবুব মেয়ে উমা চেটাং চেটাং বোলচাল ছাড়ত বটে কিন্তু টিকিটওয়ালা ছোড়া বলে মনে কবত না। তার কারণও অবশ্য একটা ছিল। এক বেটা ঘাগী চোরকে ধবে দিয়ে আমি হুবীকেশবাবুব নজরে পড়ে গিয়েছিলাম।

তাহলে সেই চোরের কাহিনীটাই আগে বলি।

খুবই বিখ্যাত এক গিনি সোনার দোকান। আয়না-লাগান

কাঁচের আলমারিতে বাশি বাশি গিনি সোনার গহনা বকমক
 করছে। সন্ধ্যাব একটু আগে টাউস এক মোটর গাড়ি এসে সেই
 দোকানের সামনে দাঁড়াল। নামলেন এক বিরাট বপু ভদ্রলোক।
 দোকানদার তটস্থ হয়ে উঠল। গুরু হয়ে গেল গহনা পছন্দ
 করা। ঘণ্টাখানেক চেঁচা কবেও মহামাত্র খদ্দেবটি কিছুই পছন্দ
 করতে পাবলেন না। শেষ পর্যন্ত বিবস্ত্র হয়ে বললেন, চলুক কেউ
 তার সঙ্গে কয়েক ছড়া হাব আন কয়েক জোড়া তুল নিয়ে। পছন্দ
 কলটি মেয়েদের বর্ম, মেগুলো পছন্দ হবে বেথে দেবে। কোথায়
 যেতে হবে জানতে চাইল দোকানদার। ভদ্রলোক নাম ঠিকানা
 দিয়ে দিলেন। হৃষীকেশ উকিলকে ও অঞ্চলের সবাই চেনে।
 দোকানদারও চিনত। এক কর্মচারীর হাতে কয়েকছড়া হাব আন
 কয়েক জোড়া চুন দিয়ে ভদ্রলোকের সঙ্গে পাঠিয়ে দিলে।

বিখ্যাত উকিল হৃষীকেশবাবুর বাড়ির সামনে পৌঁছে গাড়ি
 থামল। প্রকাণ্ড বাড়ি, একতলা দোতলা তেতলায় ছটু ফ্যাট।
 নিচেব তলাব একটা ফ্ল্যাটে হৃষীকেশবাবু থাকতেন। বাস্তাব শব্দেই
 পাশাপাশি দুখানা ঘর। উকিলবাবুর মক্কেলরা সব এ সংস্কা দুখানা
 ঘর জুড়ে বসে থাকেন। সেই দুখানার পাশ দিয়ে সিঁড়ি উঠে
 গেছে ওপরে। সিঁড়ির তলায় যে দরজা সেই দরজা দিয়ে ভেতরে
 যাওয়া যায়।

নামলেন সেই ভদ্রলোক গাড়ি থেকে, দোকানের কর্মচারীটিও
 গহনার বাস্ত্র হাতে নিয়ে নামল। একখানা ঘরে হৃষীকেশবাবুকে
 ঘিরে বসে আছেন কয়েকজন মক্কেল আন জুনিয়র উকিলরা, আন
 একখানা ঘরে দুজন মুহুরী বসে মকদ্দমার কাগজপত্র লিখছেন।
 তাঁদের চার পাশেও কয়েকজন ভদ্রলোক বসে আছেন। কর্মচারী-
 টিকে নিয়ে সেই ভদ্রলোক ঐ মুহুরীদের ঘরে ঢুকলেন। এখার ওখার
 তাকিয়ে দরাজ গলায় বললেন—‘বসুন ঐ চেয়ারে। দিন আঁপনার
 বাস্ত্রটা দেখিয়ে নিয়ে আসি।’

আধ ঘণ্টা পার হোল, কর্মচারীটি উসখুস করছে তখন। বড়-লোকের বাড়ি কিছু বলতেও পারছে না। আরও পনেরো মিনিট গেল। শেষ পর্যন্ত সাহস করে অত্যন্ত কুণ্ঠিতভাবে একজন মুহুরীকে, কর্মচারীটি বলতে গেল। যা বলতে গেল তা আর বলা হোল না। কিছু শোনার সময় নেই মুহুরীর, কাগজের ওপর থেকে নজর না সরিয়েই তিনি খিঁচিয়ে উঠলেন—‘বন্ধু তো মশাই ওধারে, দেখছেন কাজ করছি।’ আরও পনেরো মিনিট কাটল। শেষ পর্যন্ত গোলমাল শুরু হোল। কয়েকজন ভদ্রলোক কর্মচারীটির কথায় কান দিলেন। ‘শ্রদ্ধাৎ হ্রষীকেশবাবু কানে ব্যাপারটা তোলা হোল। খোঁজ খোঁজ, শিগগির দেখ গহনার বাস্তু নিয়ে কে বাড়ির ভেতর ঢুকছে।’

পাওয়া গেল ভেলভেটে মোড়া খালি একটা গহনার বাস্তু। সেটা সিঁড়ির তলায় পড়েছিল। একটা কানেক ছলও পাওয়া গেল সেই নাক্সের কোনে, তাড়াতাড়িতে সেটা বাস্তুর সঙ্গে আটকে থেকে গেছে। বড়ব বড় তাবড় সব সাহেবরা ছুটে এলেন তদন্ত করতে, অনেক রাত্রি পর্যন্ত পাড়ানুসন্ধান মানুষ জেগে রইল। গহনার দোকানের মালিক এসে কপাল চাপড়াতে লাগল।

চুপচাপ সব দেখে গেলাম আমি, সেই বিরাট হট্টগোলের মধ্যে একটি কথা বললাম না। সব চুকেবুকে গেলে হ্রষীকেশবাবুর সঙ্গে দেখা করলাম।

মাথায় হাত দিয়ে বসে আছেন একলা, চুরিটার জন্তে নিজেকেই দায়ী মনে করেছেন। উমাও তখন বসেছিল বাবার সামনে, বোধহয় কিছু খাওয়ার জন্তে সাধাসাধি করছিল। আমি গিয়ে দাঁড়াতে হ্রষীকেশবাবু মুখ তুলে তাকালেন।

‘আপনার কাছে একটা কথা বলতে এসেছি।’ কোনও রকমে ঐটুকু বলতে পারলাম।

‘বস ঐ চেয়ারে।’ বলে উনি আবার মুখ নিচু করলেন।

তেড়ে উঠল উমা—‘এখন কোনও কথাটো চলাবে না। রাত একটায় কথা বলতে এসেছে। যদি কিছু বলার থাকে কাল সকালে—’

ওকে বাধা দিয়ে বললাম—‘তুমি যদি বেবিয়ে যাও একটু এখনই আমি বলতে পাবি। হু’মিনিট লাগবে। খুবই দবকারি কথা কিনা।’

মুখ তুললেন আবার হৃষীকেশবাবু, মেয়েকে বললেন বাড়ির ভেতর যেতে। আমার দিকে তাকিয়ে বললেন—‘তুমি অমুকবাবুর ভাগ্নে না? বস একটু, পাডাব ছেলে তুমি, তোমাকে কি ফেরাতে পাবি। তবে মনের অবস্থা তো বুঝছ, কি মুশকিলেই যে পড়ে গেলাম।’

জোব দিয়ে বললাম—‘একটুও মুশকিলে পড়েন নি। এখনই চলুন আমার সঙ্গে, কোথায় সেই গহনা গিয়ে পৌঁছেছে দেখিয়ে দিচ্ছি।’

চাক্রা হষে উঠলেন হৃষীকেশবাবু। সংক্ষেপে জানানাম তাঁকে ব্যাপারটা। যে গাড়িতে চেপে চোব এসেছিল সেই জাতের একখানা গাড়ি আছে বিখ্যাত এক চিত্র-তাবকার। গাড়ি দেখে আমি গাড়ির পাশে গিয়ে দাঁড়িয়ে ড্রাইভারকে জিজ্ঞাসা করেছিলাম, অমুক স্টাব উকিলবাবু বাড়িতে এলেন কেন। ড্রাইভারটি অতি সদালাপী মানুষ। বললে, স্টাব কেউ আসেনি, এসেছেন অমুকচন্দ্র অমুক-কুমার সাহেব, উকিলবাবু কুমার সাহেবেব আত্মীয় হন। বলেই সে এক চাল চালল। তাড়াতাড়ি পকেটে হাত পুবে একখানা নোট বার করে বলল—‘একটা উপকার করবে ভাই, এক প্যাকেট সিগারেট এনে দেবে? অনেকক্ষণ সিগারেট খাইনি। গাড়ি ছেড়ে যেতেও পাবি না। ভয়ানক কড়া মনিব, যদি এসে দেখেন গাড়িতে নেই, তাহলে—’ বলতে বলতে নোটখানা আমার বুক পকেটে গুঁজে দিলে জানলা দিয়ে হাত বাড়িয়ে। অগত্যা সিগারেট কিনতে যেতে

হোল। সিগারেট কিনে দাম দিতে গিয়ে দেখি নোটের সঙ্গে আর একখানা কাগজও এসে গেছে। সিগারেট নিয়ে এসে দেখলাম, গাড়ি উধাও। মনটা খারাপ হয়ে গেল। বেচারি-ড্রাইভারের টাক্সি ক'টা ফিরিয়ে দেওয়া হোল না। বড় মানুষের চাকর দশটা টাকা জম্মে কেয়ার করে না হয়তো। তা না করুক, আমিই বা খামকা টাকা ক'টা রাখতে যাব কেন। ঠিকানা তো আমার কাছে রয়েছে। ভাগ্যে নোটের সঙ্গে কাগজখানা ভুলে দিয়ে ফেলেছে আমাকে। তৎক্ষণাৎ চললাম সেই ঠিকানায়। যাওয়া আসার বাস ভাড়াটা ড্রাইভার বন্ধুর টাকা থেকে কেটে রেখে বাকীটা তাকে দিয়ে আসব। সেখানে পৌঁছে তাজ্জব বনে গেলাম। অতবড় কুমার সাহেবের ড্রাইভার ঐ রকম নোঙনা জায়গায় থাকে। বস্তির ভেতর ঢুকে খোঁজ করতে হবে। বস্তির নাম রাণীর বাগান। রাত প্রায় ন'টা তখন, রাণীর বাগানের ভেতর মাতালের হুলা শোনা যাচ্ছে। ভাবছি ছুট কবে বাত ন'টায় রাণীর বাগানে ঢোকাটা ঠিক হবে কিনা। ভাগ্য আমার সুপ্রসন্ন, রাণীর বাগানে আর ঢুকতে হোল না। দেখলাম একখানা ট্যাক্সি এসে বস্তির সামনে থামল। বিপুল বপু কুমার সাহেব তাঁর ড্রাইভারকে সঙ্গে নিয়ে নামলেন ট্যাক্সি থেকে। প্রভুভূতা গলা জড়াজড়ি করে টলতে টলতে ঢুকে পড়লেন বস্তিতে। দু'একটা কথা কানে গেল। প্রভুভূতা পরস্পরকে শালা বলে সম্বোধন করছেন। নোঙবা মেয়েমানুষ কয়েকটা ভিড় করে দাঁড়িয়েছিল গলিব মুখে। কুমার সাহেব আর তাঁর ড্রাইভার তাদের কয়েকজনকে জাপটে ধরে ঠেলে নিয়ে গেলেন অন্ধকারের মধ্যে। আর কিছু দেখতে পাওয়া গেল না। দবকারও ছিল না, কুমার সাহেবের আসল পরিচয় তো পেয়েই গেলাম।

ফিরে এসে দেখলাম বড় বড় সাহেবরা এসে তদন্ত করছেন। একে ওকে তাকে জিজ্ঞাসা করে জানতে পারলাম ব্যাপারটা। চুপ করে রইলাম সন্মুখ চুকে গেলে আগে সব কিছু বলব

হুশীকেশবাবুকে । হুশীকেশবাবু যদি মনে করেন—

‘মানে অতগুলো মানুষের সামনে এই সমস্ত বলে আমি অপ্রস্তুত হতে চাইনি । যদি আপনি মনে করেন কিছু করা উচিত তো করুন । সেই কুমার সাহেব আর ড্রাইভার এখনও হয়তো সেই বস্তিতেই আছে । রাতারাতি ধরতে পারলে—’

‘সেই কাগজখানা আছে তোমার কাছে ? দাও তো দেখি ।’ বলে হুশীকেশ বাবু হাত পাতলেন ।

পকেট থেকে বার করে দিলাম কাগজখানা । বিশেষ কিছুই লেখা নেই তাতে । একজন ছোটেলাল রাণী বাগান বস্তির বেচু মিস্তিরকে লিখছে ‘শ’ আড়াই টাকা যেন যোগাড় কবে রাখে, মাল তৈরী, টাকা দিয়ে খালাস করে নিতে হবে ।

উপেটে পাণ্টে বার বার কাগজখানা দেখলেন হুশীকেশবাবু । একটা চুমকুড়ি দিয়ে বললেন—‘হুজুম করতে পারল না । চাপটা খুবই ভাল হয়েছিল, কেঁচে গেল । ওদের গুপ্তি শুদ্ধ সবাইকে এই রাত্রেই হাজতে আটকানো যায় । কিন্তু তাতে লাভটা কি দাঁড়াবে ? মাল ওরা ফেরত দেবে না । তর্ক ছাড়া মক্কেল বলে কথা । কোমও কারণেই নিজের মক্কেলকে হাজতে পুরতে পারি না । যাকগে, মালটা এখন ফেরত পেলেই হয় । এত রাত্রে কি ট্যান্ডি মিলবে ?’

সভয়ে জিজ্ঞাসা করলাম—‘যাবেন নাকি এখন সেই রাণীর বাগানে ?’

‘না, অতদূর আমায় যেতে হবে না । আমার দু’চারজন ভাল ভাল মক্কেলকে সব ব্যাপারটা জানাব । যা ব্যবস্থা করাব তারাই করবে । আচ্ছা, তুমি এখন বাড়ি গিয়ে ঘুমিয়ে পড়গে । যে উপকার করলে আজ তুমি । ঠিক আছে, তোমাকে আমি ছুঁলব না ।’

বলতে বলতে উঠে পড়লেন হুশীকেশবাবু । মেয়েকে ডেকে দরজা বন্ধ করতে বলে তখনই বেরিয়ে পড়লেন । ওঁর সঙ্গে খানিকটা

এগিয়ে গিয়ে একখানা ট্যাক্সি ধরে দিলাম।

ফৌজদারি আদালতে সবচেয়ে নাম-করা উকিল হুম্বীকেশবাবু সন্মান রক্ষা হোল। গহনাগুলো চোরেরা ফেরত দিলে। একজনও ধরা পড়ল না। ভাগ্যে আমি বড় বড় সাহেবদের সামনে কিছু বলিনি।

আমার বেকারত্বও ঘুচল। হুম্বীকেশবাবু তাঁর এক সিনেমা-ওয়ালা মকেলকে ধরে সিনেমায় টিকিট বেচার চাকরি করে দিলেন। শুক হল উমাব তস্বি, চাকবিটা যখন তার বাবা করে দিয়েছেন তখন তার তস্বি মানব না কেন। সে তস্বিতে কিন্তু বিষ ছিল না। টিকিট-ওয়ালা ছোড়া মনে কবত না আমাকে উমা। অশ্রু কিছু মনে করত। কি মনে করত তা নিয়ে আমি মাথা ঘামাতাম না। তারপর তো সাত তাড়াতাড়ি ওব বিয়েই হোয়ে গেল। জাহুবী বেচাবী একলা পড়ে গেল।

সত্যি কথাটাই উমা বললে, লেখক হোলে মানুষ নিজেকেই সব চেয়ে বেশী ঠকায়। জাহুবী নাম দিয়ে যাব চবিত্র আমি গড়ে তুলেছি তাকে উমা খুবই ভাল ভাবে চিনত। এক সঙ্গে থেকেছে, এক সঙ্গে স্নানবে ঘবে ঢুকে স্নান কবেছে, একসঙ্গে ছুঁজনে দরজা বন্ধ কবে বিছানায় শুয়ে গুজ গুজ ফুস-ফুস কবেছে। জাহুবীকে চিনতে উমার এক মুহূর্ত দেঁরি হয়নি। জাহুবীর মত মেয়ে নিকদ্দেশ হোতে পারে না, সোজা গলায় দড়ি দিয়ে বা বিষ-খেয়ে বা গায়ে আগুন লাগিয়ে মবতে পারে। জাহুবীকে নিকদ্দেশে পাঠিয়ে কতবড় অশ্রায় কবেছি, তাই আমাকে বোঝাতে এসেছিল উমা। মানে স্রেফ ফাঁকি দিয়েছি। জাহুবীকে নিকদ্দেশে না পাঠালে ওর হাত থেকে আমার পরিত্রাণ ছিল না। একটা জুতসই পরিণতি তো দেখাতেই হবে। কোথাও কিছু নেই, ছম কবে একটা চরিত্র শেষ হয়ে গেল, এরকমটা হতেই পটুরে না। কোনও লেখকই তাঁর সৃষ্ট চরিত্রকে মাঝপথে ফেঁগে রেখে পালিয়ে যান না। যখন আর কোনও উপায়

না থাকে তখন লেখক নিজেকে ঠকান, তাঁর সৃষ্ট চরিত্রকেও ঠকান ।
মেবে দিয়েই হোক বা নিরুদ্দেশে পাঠিয়েই হোক, একটা চরম
পরিণতি দেখিয়ে চরিত্রটির হাত থেকে নিস্তার পান ।

আমিও তাই করেছি । জাহ্নবীকে নিরুদ্দেশে না পাঠালে উপায়
ছিল না । সবায়ের মুখ রক্ষা হোল । বীরেশ্বরকে জেল খাটাতে
হল না, মালতীকে স্বামী পুত্র ছেড়ে পথে দাঁড়াতে হল না, জাহ্নবীর
পেশকার বাবা যথা পূর্ব হুঁহাতে উপরি কামাতে লাগলেন । কারও
কোনও ক্ষতি হোল না । শ্রেফ জাহ্নবী নিরুদ্দেশ হয়ে গেল । এর
চেয়ে চমৎকার পরিণতি আর কি হতে পারে ।

রূপোর কোটো খুলে ছ'খিলি পান মুখে পুবল উমা, আর একটা
কোটো থেকে একটুখানি কিমাম উঠিয়ে নিয়ে ডেলা পাকিয়ে
আলগোছে হাঁয়েব ভেতব ফেলল । তারপব কাপড় চোপড় গুছিয়ে
বসে জিজ্ঞাসা কবল—‘শেষ পর্যন্ত কি হোল তোমার জাহ্নবীর ?’

বেশ গিল্লীবান্নী গোছের দেখাচ্ছে ওকে । গায়ে গতরে একটু
ভাবী হয়েছে, তলপেটে বেশ চর্বি জমেছে, রাশীকৃত গহনা না পরে
শুধু ছ'গাছা মোটা মোটা বালা আর ছ' আঙুল চওড়া একছড়া হার
পরেছে বলে চমৎকার মানিয়েছে । যখনই ও আসে আধ হাত
চওড়া পাড় কোরা তাঁতেব শাড়ি পরে আসে । মানে উকিলবাবুটি
হবদম পবিবারকে নতুন কাপড় কিনে দেন । দেবেন না কেন,
পবিবারের দৌলতে উন্নতি । জবীকেশবাবু জামাইকে দাঁড় করিয়ে
দিয়ে গেছেন ।

ওর পানে তাকালে মনে হয়, ছুনিয়ায় সত্যিই কোন দুঃখ-কষ্ট
ঝামেলা নেই । ছুনিয়া স্ত্রী লোকের পরিবাররাই ওর মত চওড়া
পাড়ের কোবা তাঁতের শাড়ি পরে পান বোঝাই রূপোর কোটো
হাতে নিয়ে গল্প করার জন্তে সকাল-সন্ধ্যা ঘুরে, বেড়াচ্ছে । একটা
ছেলে আর একটা মেয়ে । বড় হয়ে গেছে, ছেলে চলে গেছে

কানাডায়। মেয়ে কলেজে পড়ছে। ওদিক থেকেও নিশ্চিন্ত
সুতরাং চেনা-জানা মানুষকে প্যাঁচে ফেলার জন্তে হরদম ঘুরে
বেড়াও। কে আটকাচ্ছে।

আমার কাছ থেকে কোনও জবাব না পেয়ে অশ্রু কথা পাড়ল।
কথার পিঠে কথা এগিয়ে চলল।

‘ভাল কথা, সিনেমায় আলো নিভে গেলেও সব দেখা যায়?’

‘তা যায়। পর্দার ওপব যে আলো পড়ে তাতেই সব কিছু স্পষ্ট
দেখা যায়।’

‘তা’হলে সিনেমা দেখতে গিয়ে আমবা কিছু দেখতে পাই না
কেন?’

‘যারা সিনেমা দেখতে বসেছে তাদের নজর থাকে পর্দার ওপব।
ছবি দেখতে বসে ছবির ঘটনাব মধ্যেই সবাই তলিয়ে যায়। আশে
পাশে নজর দিতে পাবে না।’

‘তুমি যদি এখনও কোনও সিনেমায় চাকবি কবতে তা’হলে খুব
মজা হোত। তোমাব সঙ্গে গিয়ে এক পাশে দাঁড়িয়ে দেখতাম
সিনেমা দেখতে এসে কে কি কবছে।’

‘সে তুমি এখনও দেখতে পাব। একটা ছবি দু’দিন দেখতে
গেলই হোল। আগেরাদন ছবিটা দেখলে, পবদিন নজর রাখলে
দর্শকদের ওপব। তবে স্তবধে স্ত জায়গায় বসতে হয়। এমন
জায়গায় বসে আছ, যাব আশে-পাশে চতুর্দিকে শুধু একগাদা বুড়ো-
বুড়ি বসেছে। সব মাটি হয়ে গেল, কোনও মজাই দেখতে পেল
না। পরস্যা খবচা কবে অনর্থক ভগে মলে। টিকিট ঘরের সামনে
একটু ঘোবাঘুবি কবতে হয়, তেমন একজোড়া ইয়ে টিকিট কিনতে
এলে ঠিক তাদের পেছনেব সীট দখল কবতে হয়। তা’ ছাড়া সব
সিনেমাতেই এমন কতকগুলো সীট থাকে যেগুলো একটু আড়ালে
পড়ে। পাশে একটা থাম বয়েছে বা একেবারে দেওয়ালের ধারে
এক কোনায় দুটো সীট রয়েছে। ওবা সব ঐ ধবনের সীটগুলোই

নেয়। তার পেছনে জুতসই জায়গায় বসতে পাবলেই হল।’

‘তোমার কিন্তু অনেক বেশী সুবিধে ছিল। সিনেমার কর্মচারী, অঙ্ককাবে এক কোনে দাঁড়িয়ে থাকলেই হল। কেউ তো মানা কবতে যাবে না।’

‘তা ছিল বটে। কিন্তু যে টিকিট বেচছে সে হবদম হলের মধ্যে যাবে কেমন কবে। যাবা সীট দেখিয়ে দেয় তাবা ঐ সুবিধেটা ভোগ কবে।’

‘তা’হলে তুমি ওদেব কাণ্ডকাবখানা দেখতে কেমন কবে?’

‘সব কি দেখতে হয়, অনেক কিছু শোনাও যায়। সিনেমা শেষ হলে এমন অবস্থায় বেবিয়ে আসত ওবা যে আব কিছু দেখাব দরকার হত না। তোমার বন্ধুব কাপড় চোপড়ের অবস্থা, মুখ মাথা চুল সর্গোবাবে ঘোষণা কবত কি জাতের ঝড় ঝাপটা ব্যয়ে গেছে তব শবীবের ওপর দিয়ে। তা ছাড়া ’

লাগাম কষলাম, মুখটাকে আব ছুটেতে দেওয়া উচিত নয়। সন্ধ্যাস্ত এক উকিলের পবিবাব সামনে বাস আছেন। উকিলের পবিবাবটি ছাড়নে ওয়ালী পাত্রী নন। নির্বিকার চিন্তে জেবা শুক কললন।

‘তা ছাড়া কি? বলতে বলাতে থেমে গেলে যে?’

‘কি লাভ হবে আমাদের ও সব আলোচনা কবে বলাতে পাব? শুধু শুধু ঘোঁট পাকানো কেন?’

‘ঘোঁট তুমিই পাকিয়েছিলে। মনে কবেছ আমি কিছু জানি না? এখন সাধু সোজে এক গল্প লিখে তাকে নিকদ্দেশে পাঠিয়ে নিজেব ঘাড় থেকে দোষটা নামাচ্ছ। তোমার জাহুবী তোমার কাছে গিয়ে বলেনি যে বাঁচাতে হবে তাকে? কি বলেছিলে তাকে তুমি? বাঁচাবার চেষ্টা না কবে মালতীর বরকে বাঁসাবার চেষ্টা করেছিলে। কেন দুশমনি কবতে গিয়েছিলে বীবেশ্বরের সঙ্গে? সে কি তোমার বাড়া ভাতে ছাই ঢেলে দিতে গিয়েছিল।’

• শুরু হয়ে গেল ঝগড়া। উমার সঙ্গে দেখা হোলেই ঝগড়া

বাধবে। ওর স্বামী বিমলবাবু বলেন, আমরা ছু'জনে এক বাড়িতে বা এক পাড়ায় থাকলে নাকি মাসে তেত্রিশটা করে ফৌজদারী মামলা হোত। ভাগ্যে ন' মাসে ছ' মাসে এক আধ বার দেখা সাক্ষাৎ হয়।

ঝগড়ার মাধ্যমেই আমার সঙ্গে ওর পরিচয় হয়। গায়ে পড়ে ঝগড়া করাটা ওর ধাতস্থ। সবে তখন এসেছি আমার বাড়িতে কাজকর্ম খোঁজবাব জন্তে, ছ-একটি নতুন বন্ধু হয়েছে, হঠাৎ লেগে গেল খুঁজুবাব কাণ্ড। আমার বন্ধু দেবরঞ্জন সঙ্গে হৃষীকেশ উকিলের মেয়ে উমার। দেবরঞ্জন বেচারি আর্ট স্কুলে পড়ত, সাত চড়েও রা কাড়ত না। পূজাব পরেই সেই মণ্ডপেই আর্ট এগ্জিবিশন হোল, পাড়ার আর্টিস্ট দেবু কয়েকখানা ছবি টাঙানো হল। এগ্জিবি-শনেব ভেতরেই যাচ্ছেতাই কাণ্ড কবে ছাড়লে উমা। বহু লোকের সামনে দেবুকে যা তা বলে গালমন্দ দিয়ে গেল। অপরাধ, দেবু একখানা পোটবেটে ভবছ উমাব আদল এসে গেছে। লজ্জায় অপমানে মর-মর হয়ে দেবু বেচারি মুখ দেখানো বন্ধ করলে।

ব্যাপাবটা শুনে পিত্তি জ্বলে উঠল আমার। সটান গিয়ে হাজির হোলাম ওদেব বাড়িতে। হৃষীকেশবাবু আদালতে ছিলেন। একটা চাকর এসে জানাস উকিলবাবু নেই। প্রচণ্ড ধমক দিয়ে উঠলাম তাকে—‘চোপরাও উল্লুক, বাবু বাড়ি নেই আমি জানি। বাবু মেয়েকে ডাক জলদি। শিথিয়ে দিয়ে যাব থাকে অপমান কবা কাকে বলে।’

‘কি! কি বললে তুমি?’ তেড়ে বেরিয়ে এল উমা।

আর যাবে কোথায়। প্রাণপণে টেঁচাতে লাগলাম ছু'জনে। পাড়াসুদ্ধ মানুষ জমা হয়ে গেল। একেবারে আকাশফাটা কাণ্ড-কারখানা কিনা। সম্ভ্রান্ত উকিল হৃষীকেশবাবুব কলোজ-পড়া মেয়ে রাস্তার ওপর দাঁড়িয়ে গলা ফাটিয়ে ঝগড়া করছে। ছোটলোক ইতব যা মুখে এল বলে ফেললাম ছু'জনে। আমার বন্ধুরা আমাকে

টেনে নিয়ে গেল। ভয় পেয়ে গেলেন আমার মামারা, হুসীকেশবাবু ছুঁদে উকিল, নিশ্চয়ই ফ্যাসাদে ফেলবেন আমাকে। অপরাধ তো একটা নয়। তাঁর অনুপস্থিতিতে তাঁর বাড়ি চড়াও হয়ে তাঁর অবিবাহিতা কন্যাকে গালমন্দ দিয়ে এসেছি। গুণ্ডামী, সমাজ বিরোধিতা, কন্যার সম্মান নষ্ট, আস্ত পেনাল কোডখানা আমার মাথায় ঝাড়বেন হুসীকেশবাবু, এ বিষয়ে সন্দেহ মাত্র নাস্তি।

তাজ্জব ব্যাপার ঘটল সন্ধ্যার পরে। স্বয়ং হুসীকেশবাবুই এসে উপস্থিত হলেন আমার বাসায়। বড় মামাকে বলে গেলেন, আমি যেন রাত্রে তাঁর ওখানে খেতে যাই। অমন ঝগড়া ভাই-বোনে কত হয়, রাত্রে খাবার সময় ঝগড়া তিনি মিটিয়ে দেবেন। মেয়ে তাঁর ভয়ঙ্কর দজ্জাল। মা নেই কে শাসন করবে। এতদিন পরে তবু একটা ভাই পেল, এবাব বোধ হয় ভায়েব শাসনে খানিকটা টিট হবে।

খেয়ে এসেছিলাম হুসীকেশবাবুব পাশে বসে। উমা পরিবেশন করেছিল। তারপর পোর্টরেটখানা দেবুর কাছ থেকে চেয়ে নিয়ে ওকে দিয়ে এলাম। সত্যিই বিদকুটে কাণ্ড করেছিল দেবু, পাতলা কাপড় পরে পুকুর থেকে স্নান করে উঠছে একটা মেয়ে, ভিজ়ে কাপড় লেপটে বসেছে গায়ে, এই রকম নোংরা ছবি এঁকেছিল। নোংরামিটা আগে ধরতে পারিনি। সেই রাত্রে খেতে খেতে পারলাম। সত্যিই তো, আমার বোন উমার আদল এসে গেছে যে ছবিতে সে ছবি অমন বিক্রী হবে কেন। গোপ্লায় যাক আর্ট।

সে যাত্রা শাস্তি স্থাপন হোল বটে, ঝগড়া করার অভ্যাসটা কিন্তু আমাদের ঘুচল না। ছুতোনাতা একটা পেলেই হল, তার মানে বোনকে আমি টিট করতে পারি নি। ভালভাবে বোঝালেও বুঝবে না কিছুতেই, অগত্যা নিজমূর্তি ধারণ করলাম।

‘কে বলেছে আমি বীরেশ্বরের সঙ্গে দুশমনি করেছি? বীরেশ্বর একটা বীষ্ট, আস্ত একটা রামছাগল, মালতীকে ডিভোর্স করার ভালো

ছিল, ছেলেটাকে কেড়ে নিয়ে মালতীকে খেদিয়ে দিত। মতলবটা কি করেছিল জান ? মালতী দুশ্চরিত্রা প্রমাণ করে ছাড়ত। আর এখানে জাহ্নবীকে নিয়ে ফুটি চালাচ্ছে। আমি নিজে তোমার বন্ধুকে সাবধান করতে গিয়েছিলাম। তিনি আমায় চোখ রাঙিয়েছিলেন। সিনেমার টিকিট বিক্রি করি আমি। এতবড় স্পর্ধা আমার যে মহামায়া পেশকারের কন্ঠাকে সাবধান করতে যাই।’

যতদূর সম্ভব গলা খাটো করে চিবিয়ে চিবিয়ে বললে উমা—‘ও সমস্ত বাজে কথা ছাড়। আমি জানতে চাই তোমার সঙ্গে দেখা করে জাহ্নবী বলেছিল কি না যে তাকে বাঁচাতে হবে। চক্রান্তটা তখন সে টের পেয়ে গেছে। তার সেই পেশকার বাপটা তাকে টোপ ফেলে বীবেশ্বরকে গোঁথে তুলতে চাচ্ছে এটা জানতে পেরে তোমার কাছে ছুটে গিয়েছিল কিনা জাহ্নবী ? কি বলেছিলে তাকে তুমি ?’

‘কি বলেছিলাম শুনতে চাও ? বলেছিলাম আমি একটা হতভাগা সিনেমার টিকিটওয়াল, আমার কাছে এলে কেন, সেই বড়লোকের পাঠা বীরেশ্বরের কাছে যাও।’

‘কিন্তু তার আগেই এমন ব্যবস্থা করে বেখেছিলে যে বীরেশ্বরকে প্রাণ নিয়ে পালাতে হয়েছে। বীরেশ্বর তখন কোথায় যে জাহ্নবী তাব কাছে যাবে ? কি ঔয়ানক মানুষ তুমি। একটা মেয়ে ছুটে গিয়েছিল তোমার কাছে তার সর্বনাশ হবে বুঝতে পেরে, তুমি তাকে কুকুকের মত খেদিয়ে দিলে। ভগবান তোমাকে সবই দিয়েছেন শুধু একটু হৃদয় দিতে ভুল করেছেন। চিরকালটা এক ভাবে গেল, এখন লেখক হয়ে বই লিখে নিজের কাছে নিজে সাফাই গাইছ। জাহ্নবী নিরুদ্দেশ হয়ে গেল, তোমার বই শেষ হল। চমৎকার, ভাগ্যবান লেখক একেই বলে। জানতে ইচ্ছে করে না একবার কি হল সেই হতভাগীর ?’

এক নিঃশ্বাসে কথাপুত্রে শেষ করে কোটো খুলে আর এক জোড়া পান মুখে পুরে দিল উমা।

জানতে আমার সত্যিই ইচ্ছে করে না।

সব কিছু জেনে ফেললে গল্প লেখার পেশাটাকেই ত্যাগ কবতে হয়।

জাহ্নবী আমার কাছে একটা চরিত্র, বীরেশ্বর আর এক চরিত্র। বীরেশ্বরের বউ মালতী, জাহ্নবীর সেই পেশকার বাবা সবাই এক একটা চরিত্র। হ্যাঁ, আমি মানছি আমার লেখাতে অনেক জ্যান্ত মানুষের ছাপ এসে যায়। যাদের আমি দেখেছি, একটু আধটু চিনতে পোবেছি বুঝতে পোবেছি তাদেরই আমি আমদানি কবে ফেলি আমার গল্প উপস্থাসে। মন গড়া চবিত্র বলতে কি বোঝায় তা আমি জানিও না। মনগড়া চবিত্র দিয়ে গল্প লিখতে গেলে ভূতের গল্প লিখতে হয় কিংবা পৃথিবী নামক এই গ্রহটাকে বাদ দিয়ে অন্য গ্রহের জীবদের নিয়ে গল্প কাঁদতে হয়। আমি আজকের যুগের লেখক, আমার সঙ্গে যাবা এই ছুনিয়ায় বিচরণ করছে, তাদের জীবন নিয়ে আমার কারবার। জীবন কথাটার অর্থ হল প্রশ্ন। জীবন আজকের যুগে একটা জ্যান্ত সমস্যা। সেই সমস্যাকে জীবন্ত কবে সবাইয়ের সামনে তুলে ধবতে পাবলেই হুঁ, সমস্যার সমাধানটা কি হবে বা হওয়া উচিত তা নিয়ে মাথা ঘামানো আমার কর্ম নয়। সেই চেষ্টা কবতে গেলেই ক্ষুধার্ত জীবনের সবগ্রাসী হাঁয়েব মধ্যে ঢুকে পড়তে হবে। অর্থাৎ সেইখানেই ইতি হয়ে যাবে, লেখক এবং তাঁর লেখার কবব। কববে ঢুকে কি লেখা যায়?

জাহ্নবী আমাকে কববে ঢোকবার সাদব আমন্ত্রণ জানাতে এসেছিল। তাকে যদি তখন বাঁচাতে যেতাম তাহলে আমাকেও তাঁর সঙ্গে কববেব তলায় আশ্রয় নিতে হত। সাহসের অভাব ছিল আমার মানছি। সাহসের অভাব আজও রয়েছে, জাহ্নবী চবিত্রের চরম পরিণতি কি হয়েছে তা আমি জানতে চাই না। জেনে ফেলতাম যদি তাহলে ওকে অবলম্বন কবে আর গল্প লিখতে পারতাম না।

যাক গে, গল্প লেখা তো আগেই শেষ হয়ে গেছে। একই

চরিত্রকে ছবার ছটো গল্পে আনলে নিজের লেখা নিজে চুরি কবা হয়।
বেপনোয়া হয়ে উমার প্রশ্নের জবাব দিলাম—‘জানতে ইচ্ছে হবে না
কেন। সত্যিই কি এখনও বেঁচে আছে সে? কোথায় আছে
করছে কি?’

‘জেল খাটছে। জেল যখন খাটে না তখন সমাজের সঙ্গে দ্বন্দ্বমনি
করে। সমাজের সঙ্গে দ্বন্দ্বমনি করার দরুণ আবার জেল হয়। এবার
ওব মামলায়-- আমাদের বাড়ির কৰ্ত্তা দাঁড়িয়েছেন, তাই ও এসেছিল।
যেচে আলাপ করতে গেলাম, আমাকে মোটে চিনতেই পারল না।
আশ্চর্য, মানুষ কি বকম বদলে যায়।’

উমাও বদলে গেল। অতি বদ মেজাজী, অতি ঝগড়াটে যে উমাকে
আমি চিনি এ যেন সে উমা নয়। চোখে মুখে সর্বদা এখন ঘাব
কোথাও এতটুকু ঝাঁজ নেই। একেবারে অস্ত্র মানুষ, ছোটবেলায়
বান্ধবী চিনতে পাবল না এই দুঃখে কেঁদেই বা ফেলে বুঝি।

খুবই হাত্মনশ্ব হয়ে পড়লাম। ও যে অমন নবম মানুষ তা
জানতাম না। ঠিক কবে ফেললাম ওব সঙ্গে আর কোনও কারণেই
ঝগড়া কবব না। ওকে চান্সা কবে তোলাব জন্তে বললাম—‘চল না
একদিন আমিও দেখা কবে আসি। চিনতে না পারল তো বয়েই
গেল। চেষ্টা কবে দেখা যাক যদি জেল খাটা থেকে বাঁচানো যায়।
এক সময় ও তোমাব বন্ধু ছিল। শুধু তোমার কেন আমারও বন্ধু
ছিল বলা যায়। বন্ধু বলে মনে কবতো বলেই তো এসেছিল আমার
কাছে।’

‘যাবে?’ মিনিট খানেক উমা দম আটকে চোখ দুটোকে
বিষ্ফারিত কবে তাকিয়ে বইল আম’ন পানে। তারপর একদম উঠে
দাঁড়াল। এক পা এগিয়ে এসে বলল—‘সত্যি যাবে! একটু পরেই
উনি আসবেন আমাকে নিয়ে যাবার জন্তে। আদালত থেকে এখানে
আসতে বলেছি। তাহলে তৈরী হয়ে নাও, আমাদের সঙ্গে চল।
উনি জানেন বে থায় সে থাকে।’

তৈরী হলাম। আদালত থেকে উমার উনি সোঁজা এখানে আসছেন। চা জলখাবারের ব্যবস্থা করতে হবে। বিমলবাবু আবার রসের মিষ্টি ভালবাসেন।

সর্বাগ্রে জানতে চাইলেন বিমলবাবু, ‘কি হল? চুপচাপ যে? আপনারা ঝগড়া করছেন না?’

‘ঝগড়া করতে করতে হয়বান হয়ে গিয়ে এখন আমরা বিশ্রাম করছি। শুনেছি আপনাদের আদালতেও ছুপুববেলা আধ ঘণ্টা ছুটি হয়। এখন আমাদের টিফিনের সময়। চা চা খেয়ে আবার কাজ আরম্ভ করব।’

‘তাহলে ঠিক সময় এসে পড়েছি বলুন। একটু তাড়াতাড়িই আজ পালিয়ে এলাম! একটা ছ’গাচডা মোকদ্দমায় ফেঁসে গিয়ে সারাদিন আমাবও ঝগড়া করতে হয়েছে। কিছুতেই জামিন দেবে না হাকিম, আমিও ছাড়ব না। শেষ পর্যন্ত জামিন হল। পালিয়ে এলাম অগ্নি কাজকর্ম ফেলে রেখে। এই জাতের মন্ডলায় না দাঁড়ানোই উচিত। একেবারে মার্কামারা মেয়েমানুষ, আদালত শুদ্ধ মানুষ চেনে, বার তিনেকু জেলখাটা হয়ে গেছে, ওব পক্ষে দাঁড়িয়ে আমিও না ওব মত বিখ্যাত হয়ে যাই।’ বলে আট আনা দামের একটা সাজোয়ান রসগোল্লা তুলে নিয়ে মুখে পুবে দিলেন বিমলবাবু। মুখ বন্ধ হল।

কাক পেয়ে উমা বললে—‘আজ বুঝি সেই—ফি মেন নাম সেই মহিলাটির?’

রসগোল্লাটাকে গলাব ওপাবে পাঠিয়ে বিমলবাবু বললেন—‘ন’ম তাঁব একশো ত্রিশটা। এখন যে নামটা সব চেয়ে বেশি চালু সেটা হচ্ছে বেলা ঘোষ। ঘোষ বোস মিত্তির চৌধুরী চাটুযো লাড়ুযো সেন বাগচী গোটা দশেক পদবী এর আগে নেওয়া হয়ে গেছে। পটাপট বিয়ে ক’বেছেন আর পদবী বদলেছেন। স্বামীরা কেউ পাগল হয়ে গেছে, কেউ প্রাণ নিয়ে পালিয়ে গেছে দেশ ছেড়ে,

একজন আত্মহত্যা করেছে, আর একজন নাকি তিন তলার ওপর থেকে ঝাঁপ দিয়েছিল। এবারের স্বামীটিকে বিষ খাইয়ে মারবার চেষ্টা করেছিলেন। মিষ্টার ঘোষকে আজ কোর্টে দেখলাম, দুঃখপোষু শিশু বলা যায়। পরিবারের চেয়ে কম-সে-কম পনেরো বছরের ছোট। কি করে যে মহিলাটি ঐরকম কাঁচা ছোকরাগুলোর মস্তিষ্ক চর্চণ করেন !’

‘এ মামলাতেও তাঁব জেল হবে নাকি ?’ যতটা সম্ভব নির্বিকার ভাবটা বজায় রেখে জিজ্ঞাসা করল উমা। বিমলবাবু ততক্ষণে আর একটা রসগোল্লাকে গোল্লায় পাঠাচ্ছেন, জবাব দিলেন না।

‘অদ্ভুত চরিত্র বটে’, আমি শুরু করলাম—‘উকিল হতে পারলে বাজি মাত করতে পারতাম। ঐ সমস্ত চরিত্রদের নিয়ে গল্প উপন্যাস লিখতে পারলে—’

‘লিখুন না, কে বাবণ করতে যাচ্ছে। ওরকম এস্তার চরিত্রের সঙ্গে আলাপ কবিয়ে দিতে পারি আমি।’ বলে বিমলবাবু চায়ের কাপটা তুলে নিলেন। আমার সামনেও এক কাপ এগিয়ে দিয়ে উমা বললে—‘এই মহিলার সঙ্গে আলাপ কব না কেন। একে নিয়েও তো একখানা বই লেখা যায়।’

বিমলবাবু বললেন—‘রাজী থাকেন তো চলুন, পরিচয় কবিয়ে দিচ্ছি। এক নামজাদা হোটেলে তিনি থাকেন। ঠিকানা আছে আমার কাছে। আমারও দেখা কবা দরকার। সাবধান করে দিয়ে আসব, জামিনে যতক্ষণ আছেন ততক্ষণ যেন সাবধানে থাকেন। মদ গিলে বেলোল্পনা করলে জামিন নাকচ হয়ে যাবে।’

বাওয়াই ঠিক হল। উকিলবাবুর পরিবারটিও সঙ্গে চললেন। যাবেন নিশ্চয়ই, অমন সাংঘাতিক জাতের মেয়ে মাতুষের কাছে যাচ্ছেন স্বামী, কোন্ সাক্ষী-স্ত্রী জেনে ওনে একলা ছেড়ে দেবে। হলই বা মক্কেল।

মক্কেল শ্রীমতী বেলা ঘোষ আস্তানাতেই ছিলেন। মস্ত বড় হোটেলের তিনতলার এক কোনে একখানি ছোট্ট কামরার সামনে পৌঁছে দিল আমাদের হোটেলের এক বয়। দরজা ভেতর থেকে বন্ধ। বিমলবাবু আস্তে আস্তে টোকা দিলেন কপাটের গায়ে। ভেতর থেকে সাড়া মিলল। মিনিট দুয়েক দেরি হল দরজা খুলতে। সেই দু'মিনিটে অস্ত্রত পক্ষে লাখ দুয়েক বার নিজেকে নিজে বললাম—ভাল করছ না, এখনও ফের, তোমার ঐকটা মারাত্মক ভুলের জগ্রে যে আগুন জ্বলে উঠেছে সেই আগুনের তাপ সহিতে পারবে না তুমি, সময় আছে, এখনও ফের।

ফেরা কিন্তু হল না। দম আটকে বন্ধ কপাট দুখানার পানে তাকিয়ে রইলাম। আমার পাশে দাঁড়িয়ে ওরা স্বামী-স্ত্রীতে তখন ফিসফিস করে কি যেন পবামর্শ করছে। সামান্য একটু শব্দ কানে গেল, খোলা হল দরজা, শ্রীমতী বেলা ঘোষ পর্দার আড়াল থেকে ডাক দিলেন—‘আম্মন ভেতরে।’ গলায় আওয়াজটুকু শুনে ভয়ানক রকম চমকে উঠলাম।

ও কি রকম গলার আওয়াজ। মানুষের গলা থেকেই কি এ জাতের আওয়াজ বেরলো!

কেউ যেন তলিয়ে গেছে রসাতলে। বহু দূর থেকে মাটির অনেক নীচে থেকে ঐ ডাকটা দিলে। এক চুল নড়বার সামর্থ্য রইল না। বিমলবাবু দরজা পেরিয়ে গেলেন। উমা আমাকে একটা ঠেলা দিয়ে বলল—‘চল।’

কি যেন বলতে গেলাম শুকে। গলা দিয়ে আওয়াজ বেরল না। একরকম ঠেঙাতে ঠেঙাতেই আমাকে পর্দার ওপাশে নিয়ে গিয়ে দাঁড় করালে উমা। কিছুই নজরে পড়ল না। গাঢ় সবুজ আলো জ্বলছে ঘরে, সবুজ রঙের ঘন কুয়াশায় ঘরটা বোঝাই হয়ে আছে যেন! কানে গেল বিমলবাবুর স্বর। কি বলছেন ধরতে পারলাম না।

আবার সেই রসাতলের ডাক শুনতে পেলাম—‘আম্মন আম্মন,

পরম সৌভাগ্য যে আমার ঘরে আপনার মত মানুষের পায়ের ধুলো পড়ল ! উকিলবাবুর জুটি যখন সঙ্গে রয়েছেন তখন ভয় পাবার কিছু নেই ।’

সাদা আলো জ্বলে উঠল, সবুজ আলো নিভল, চকুলজ্জার বালাই আর রইল না । উলঙ্গ সত্যের দিকে একটিবার তাকিয়ে পাশের চেয়ারখানায় বসে পড়লাম ।

চড়া সুরে উমা জিজ্ঞাসা করলে—‘উকিলবাবুর জুটি সঙ্গে না থাকলে ভয় পাবার কি ছিল ? আমরা কি বাঘ সিংহীর-খাঁচায় ঢুকেছি নাকি ? তাই যদি হয়, আমি সঙ্গে থেকেই বা এদের বাঁচাব কেমন করে ?’

তৎক্ষণাৎ জবাব মিলল—‘বাঘ সিংহীর চেয়ে ঢের সাংঘাতিক জীবের খাঁচা এটা । এখান থেকে ফিরে যাবার সময় যে বিষ উনি নিয়ে যেতেন, সেটা আর এখন ওর গায়ে লাগবে না । যেতে দিন ও সব কথা, এসেই যখন পড়েছেন, বসুন । সন্ধ্যাটা আজ গল্প করে কাটবে । কফি আনতে বলি ।’

বিমলবাবু বললেন, ‘কফি নয় চা, কফি এরা বানাতে জানে না । দুধ চিনির শ্রাদ্ধ করে খানিকটা গরম জল নিয়ে আসবে । মাদ্রাজীদের দোকান ছাড়া কফি কোথাও পাওয়া যায় না । কখনও মাদ্রাজী কফিখানায় কফি খেয়েছেন আপনি ?’

‘অনেক খেয়েছি, বছর দুয়েক মাদ্রাজে ছিলাম । আচ্ছা, চা দিতেই বলছি ।’ কলিং বেল টিপলেন বেল। ঘোষ । আধ মিনিটের মধ্যে দরজায় টোকা পড়ল । উঠে গিয়ে দরজা খুলে ফিস ফিস করে কি বলে এলেন উনি । শুধু চা দিতে বললেন না, চায়ের সঙ্গে আরও অনেক কিছু বলে এলেন নিশ্চয় । শুধু চা দেবার কথা বলতে অতটা সময় লাগে না ।

উমা আমার পাশের চেয়ারে বসে পড়ল । খমখম করছে ওর মুখ, খুব সম্ভব আবহে^১ওখানে যাওয়াটা অশ্রায় হয়ে গেছে । বিমল-

বাবু একটা চুরট ধরিয়ে টানতে লাগলেন। বিকট গঞ্জে ঘরখানা বোঝাই হয়ে গেল। শ্রীমতী ঘোষ বসলেন খানিক তফাতে, তাঁর বিছানায়। একটা কিছু বলা নিশ্চয়ই উচিত আমার। গলা খাঁকারি দিয়ে শুরু করলাম—‘আপনার জীবন সত্যিই খুব বৈচিত্র্যপূর্ণ। জীবনকে নানা দিক থেকে দেখেছেন আপনি। বিমলবাবুর কাছে সামান্য একটু শুনে লোভ সামলাতে পারলাম না। এসে পড়লাম। যদি বিরক্ত না হন মাঝে মাঝে আসব।’

‘তাই নাকি!’ শ্রীমতী ঘোষ বিচित्र শ্রবে হেসে উঠলেন। কতকগুলো মুনিয়া পাখি হঠাৎ ডেকে উঠে থেমে গেল যেন। তারপরই যেন ঘুমিয়ে পড়লেন শ্রীমতী। ঘুমন্ত মানুষ যে ভাবে জড়িয়ে কথা বলে সেই ভাবে বলতে লাগলেন—‘লোভ, লোভ আব লোভ, এ পর্যন্ত কত জ্বালের লোভই যে দেখলাম। লোভ সামলাতে পারলাম না তাই এসে পড়লাম। একেবারে যাকে বলে অকপটে কবুল করা, তাই। হ্যাঁ, জীবনকে আমি নানা ভাবে দেখেছি, শুধু দেখেছি কেন—চেখেছি, চুষেছি জীবনকে, চুষতে চুষতে একেবারে ছিবড়ে করে ছেড়েছি। তবু আমার কাছে মানুষ আসে। পিঁপড়ের ডানা গজালে আগুনে এসে ঝাঁপ দেবেই। বিরক্ত আমি কিছুতেই হই না, জেলে যখন থাকি তখনও বিরক্ত হই না। বিবর্ত হব কেন, জেলে যে পিঁপড়েরা আছে তাদেরও ডানা গজায়। কেউ আসেন আমার এই বৈচিত্র্যপূর্ণ জীবন সম্বন্ধে জ্ঞান লাভ করতে, কেউ আসেন আমাকে উদ্ধার করতে। সব চেয়ে যাদের বয়েস কম তাবা আসে অ্যাডভেঞ্চারের লোভে। যেমন এই বসন্ত। অ্যাডভেঞ্চার চাই অ্যাডভেঞ্চার চাই, হবদম ঐ ঘ্যানঘ্যানানি শুনতে শুনতে একদিন ছুটো গেলাসে খানিকটা করে ভিনিগার ঢেলে তাতে মিশিয়ে দিলাম লবঙ্গর নির্যাস। বললাম, চরম অ্যাডভেঞ্চার আমি কবতে যাচ্ছি, যদি ইচ্ছে হয় এস আমার সঙ্গে। এ জীবনে আর এক বিন্দু অ্যাডভেঞ্চারের রস নেই, মরণের পরে যে জীবন সেই জীবনে কি

অ্যাডভেঞ্চার মেলে দেখব। বলতে বলতে একটা গেলাস তুলে নিয়ে ঢক ঢক করে গিলে ফেললাম। উৎকট ঝাল ঐ লবঙ্গের নির্ধাস, মুখ দিয়ে লাল পড়তে লাগল, চোখ দিয়ে জল গড়াতে লাগল। কোঁনও রকমে কাঠ হয়ে পড়ে রইলাম। চোখ মেলে আছি, দেখতে পাচ্ছি সব। খানিকক্ষণ জড়ভরতের মত বসে রইল বসন্ত। তারপর চোরের মত চুপি চুপি উঠে নিঃশব্দে জামা কাপড় পরে পালিয়ে গেল। তখন উঠলাম, গেলাস দুটো সরিয়ে রেখে লেবুর রস দিয়ে বার কতক কুলকুচো করে ফেললাম। মুখের জ্বালা জুড়োল। ঘণ্টা খানেক পরেই ঝাঁরা আসবার তারা উপস্থিত। মরিনি দেখে সবাই তাজ্জব বনে গেলেন। বসন্তর বাবা পনরো বছর জেলরের চাকরি করেছেন। উদ্দেশ্যটা তিনি বুঝতে পারলেন আমার। নিজে মরিনি কারণ সত্যিকারের বিষটা নিজে খাইনি, তাঁর পুত্রটিকে কিন্তু আসল বিষ খাইয়ে সাবাড় করতে চেয়েছিলাম। অতএব শুরু হল আবার অ্যাডভেঞ্চার, রাত পোহাবার আগেই হাজতে ঢুকতে হল। সাংঘাতিক অপরাধ, বিয়ে করা স্বামীকে বিষ খাওয়াতে গিয়েছিলাম।’

দরজায় টোকা পড়ল, চা এসেছে, শ্রীমতী ঘোষ উঠে গেলেন।

চুরুটটা নিভে গিয়েছিল, বিমলবাবু সেটাকে ধরাতে ধরাতে বললেন—‘বিসমিল্লায় গলদ! এসব ব্যাপার তো জানতাম না।’

উমা বললে—‘চল এখন, আর গুনে কাজ নেই।’

আমি বললাম—‘বাও তোমরা, আমি পরে যাচ্ছি।’

‘তার মানে?’ চোখ পাকিয়ে উমা তেড়ে উঠল—‘আর বসতে হবে না এখানে, যথেষ্ট হয়েছে।’

শ্রীমতী ঘোষ চায়ের ট্রে নিয়ে ফিরে এলেন। লক্ষ্য করলাম, জড়তা তাঁর কেটে গেছে। উমার কথাগুলো কানে গিয়েছিল। ট্রে নামিয়ে বললেন—‘মোটাই যথেষ্ট হয়নি। নিন, মুখ ধুয়ে আসবেন চলুন। পান জরদায় মুখ বোঝাই হয়ে আছে। মুখ ধুয়ে একটু চা

খেয়ে নিন। এসে যখন পড়েছেন তখন সহজে ছাড়ছি না। আপনার ঐ পোষা লেখকটির সঙ্গে আমার কিছু বোঝাপড়া করার আছে। আগে চা খাওয়া হোক তারপর বলব। আর হয়তো ওঁর সঙ্গে দেখাই হবে না কখনও, ক'বছরের জন্তে আবার জেলে যাচ্ছি কে জানে!

‘খুব সম্ভব’ বিমলবাবু বেশ ধীরে স্তূষে গুছিয়ে বলতে লাগলেন—‘খুব সম্ভব এবার আপনার জেল খাটার সাধটি পূর্ণ হচ্ছে না। বিমল উকিলকে লোকে চিনে জেঁক বলে। আমার পাল্লায় পড়েছেন যখন তখন সহজে ছাড়ছি না। মক্কেল যদি জেলেই ঢুকে বসে থাকে তাহলে ছু-পয়সা কামাব কেমন করে।’

‘কিন্তু মামলা তো লড়ব না আমি!’ শ্রীমতী ঘোষ বেশ আশ্চর্য হয়ে গেলেন যেন। আমাদের প্রত্যেকেব মুখ পানে তাকিয়ে কি যেন বোঝবার চেষ্টা করলেন। তারপর উমাকে তাড়া দিলেন—‘আমুন আমার সঙ্গে, ঐ ওধাবে মুখ ধোবাব জায়গা। মুখ ধুয়ে এসে চা খান। চা খেতে খেতে কথাবার্তা হবে। ভারী গোলমাল হয়ে গেছে তো! বিমলবাবু মনে করেছেন আমি মামলা লড়ব। না না, সে সব কিছু নয়, আমাব দরকার আর কিছু দিন জামিনে খালাস থাকা। জরুরী কাজ আছে কিছু, সেগুলো শেষ করে নিশ্চিন্ত হয়ে জেলে গিয়ে ঢুকব।’

‘না’ উমা তাঁব নিজস্ব স্টাইলে ঝাঁজিয়ে উঠল—‘আবাব জেলে ঢুকতে হবে না। ও সমস্ত চলবে না আর। কেন—আমরা কি মবে গেছি নাকি? যা খুশি তাই করবেন উনি। দেখি এবার কি করে নিশ্চিন্ত হয়ে জেলে ঢুকে বসে থাকাকাটা ঘটে।’

প্রায় আধ মিনিট কেউ আমরা নড়তে পারলাম না। সর্বপ্রথম কথা বললেন বিমলবাবু। চুরুটটাকে মেঝেয় ফেলে জুতো দিয়ে চাপতে চাপতে বললেন—‘ব্যাস ঢুকে গেল। যাও এখন, মুখ ধোবে তো, ধুয়ে এস। চা ঠাণ্ডা করে লাভ কি। মামলা হল মামলা,

আমার মক্কেল নির্দোষ বলে আমি জামিন নিয়েছি, শেষ পর্যন্ত লড়তেই হবে। আগে বলেননি কেন এ সব কথা? এই রকম মতলব আপনার জানলে দাঁড়াতে না আমি। মক্কেলের মজি মার্কিন চলতে হবে নাকি?’

শ্রীমতী ঘোষ জবাব দিলেন না। উমার একখানা হাত ধরে টেনে নিয়ে গেলেন বিছানার ওধারে। ঘরের সঙ্গেই লাগোয়া বাথরুম আছে।

অতঃপর চা-পর্ব নির্বিঘ্নে সমাধা হল। গরম শিঙাড়া আর সন্দেশ পেট ভরে গিলতে হল চায়ের সঙ্গে। পাছে আবার জেল-ফেলের কথা উঠে পড়ে সে জন্তে আমরা সাবধান হলাম। শ্রীমতী ঘোষ কিছুই মুখে দিলেন না। কেন দিলেন না তা একটু পরেই বোঝা গেল। আর একবার দরজায় টোকা পড়ল, উনি উঠে গেলেন। ফিবে এলেন আবও খানিক জেল্লাদার হয়ে। মুখে চোখে বঃওর ছোপ এসে গেছে। অল্প একটু বিজাতীয় গন্ধ পাওয়া গেল। উমা ধবতে পাবল না। অষ্টপ্রহর পান জর্দা চিবলে সহজে অন্য জাতের গন্ধ নাকে যায় না। ব্যাপারটা ধরতে পারলেন বিমল-বাবু, কিন্তু সাবধান করতে গেলেন না। বোধহয় বুঝতে পেরেছেন তখন যে মক্কেলটি মদ গিল বেলেলাপনা করার পাত্রী নন।

কৌটো খুলে উমা পান বাব করল। শ্রীমতী ঘোষ হাত পাতলেন—‘দিন একটা যদি বেশি থাকে। কত দিন পান মুখে দিইনি। আগে খুব পান খেতাম। একটা বিশ্রী ব্যাপারের জন্তে পান ছাড়তে হল।’

‘বিশ্রী ব্যাপার আবার কি? পান খেলে কি কেউ বেহেড হয়?’ বলতে বলতে উমা হুঁখিলি পান দিল। পান মুখে দিয়ে চোখ বুজে চিবতে শুরু করলেন শ্রীমতী। চিবতে চিবতে গল্প শুরু করলেন—‘এই পানের জন্তেই বছর দেড়েক সাজা হয় প্রথম বার। মাথার বালিশের তোয়ালেতে পানের পিক পড়েছিল। আমার থুতু নিয়ে

কি ভাবে যে মিলিয়ে দেখলে বুঝতে পারলাম না। প্রমাণ হল যে সেই রাত্রে আমি মতিলাল লাখোটিয়াব বিছানায় শুয়েছিলাম। তারপর অবশ্য সবই স্বীকার করতে হল আমায়। টাকা গহনা কিছুই ফেরত পেল না মতিলাল। পাবে কি করে, আমার পতি দেবতাটি ততক্ষণে সর্বস্ব নিয়ে হাওয়াই জাহাজে চড়ে হাওয়া হয়ে গিয়েছেন। মাঝখান থেকে আমি দেড় বছর খেটে মলুম।’

বিমলবাবু বললেন—‘দাঁড়ান দাঁড়ান, আপনার সম্বন্ধে ওবা যা কিছু দাখিল করেছে কোর্টে সব আমি দেখেছি। কি যেন নাম সেই ভদ্রলোকের! গুণেন চ্যাটার্জী বোধহয়। আব একটা কেসে কেসে গিয়ে বোস্বেতে ধরা পড়েন ভদ্রলোক। বছব খানেক বোধহয় জেল হয়েছিল। জেল থেকে বেবিয়ে পাগল হয়ে যান। একথাও লেখা আছে যে পাগল হবার আগে তিনি আপনাব সঙ্গে দেখা করে-ছিলেন। হঠাৎ পাগলই বা হলেন কেন?’

শ্রীমতী ঘোষ চিবনো বন্ধ কবে চোখ মেললেন। চোখ দুটো আরও লাল হয়ে উঠেছে। রক্তবর্ণ দৃষ্টিতে বিমলবাবু পানে তাকিয়ে গাঢ় স্বরে বললেন—‘গুণেন চ্যাট্যো লোকটা ভাল লোক ছিল। বিয়ের আগে আমাকে ধাপ্লা দেয়নি। বলেছিল খাটি কথা, এক পয়সা নেই কোথাও, পয়সা রোজগার করে, ওড়ায়। খুব ভাল কথা, দুজনে রোজগার করব, ওড়াব। বোহিনী চৌধুরীর ঘব করছি তখন, লোকটা ছিল হাড় কিপটে। তেলকল-ওয়াল। যেমন হয় তেমনি। সরষে টিপে তেল বার করে ভেজাল দিয়ে বড়মানুষ হয়েছিল। খুব খাও, খুব পর কিন্তু দরজার বাইবে পা বাড়াতে পাবে না। শাসনের ঠেলায় দম বন্ধ হয়ে মরছি তখন। চৌধুরীর এক ভাগ্নেকে হাঁতের মুঠোয় পেয়ে গেলাম। মামা যখন থাকত না তখন সে মামীর সঙ্গে লুকিয়ে দেখা করতে আসত। ভাগ্নেটিকে নিয়ে সরে পড়লাম। মামা ব্যভিচারের মামলা করলেন। আবার, বিবাহ বিচ্ছেদ, হাঁফ ছেড়ে বাঁচলাম। বছর খানেক পরে গুণেন চ্যাট্জ্যের সঙ্গে বিয়ে

হল। ভালই চলল কিছুদিন, নানারকম মতলব করি হুঁজনে, যা রোজগার হয় ফুটিসে ওড়াই। হঠাৎ ওর মাথায় খেয়াল চাপল রাতারাতি বড় মানুষ হবার, একটা মন্ত্রী বা ঐ জাতের কিছু ইঁয়ে সমাজের মাথায় উঠে যাবে। টাকা চাই, বিস্তর টাকা চাই এক সঙ্গে, যাতে জীবনে আর ছ্যাঁচরামি না করতে হয়। মতিলাল লাখোটিয়া তখন আমার জালে পড়েছে। যা দিচ্ছিল লাখোটিয়া তাতে বেশ চলছিল হুঁজনের। ঐ রাতারাতি বড় মানুষ হবার জন্তে এক রাতে লাখোটিয়ার ঘর থেকে সব সরিয়ে ফেললাম। কি করব, স্বামীর আদেশ।’

হঠাৎ আবার সেই বিচিত্র ধরনের হাসি, এক বাঁক মুনিয়া পাখি হঠাৎ ডেকে উঠে থেমে গেল যেন। হাসি থামবার পরে আবার সেই ঘুমিয়ে পড়া। ঘুমিয়ে পড়ে জড়িয়ে জড়িয়ে বলতে লাগলেন—‘হ্যাঁ, সে দেখা কবে’ছিল আমার সঙ্গে। তার নাকি ভয়ানক অনুতাপ হয়েছিল আমার মত সতী-সাধ্বী স্ত্রীকে ঠকাবার দরুণ। আমি একটা প্রায়শ্চিত্তের ব্যবস্থা করে দিয়েছিলাম। মতিলাল লাখোটিয়ার হাতে তুলে দিয়েছিলাম তাকে। ওরা ওষুধ গিলিয়ে বেহুঁশ করে রাজস্থানে নিয়ে গিয়েছিল গুণেন চাটুঘোকে। সেখান থেকে যখন ফিরে এল তখন একম পাগল হয়ে গেছে। প্রায়শ্চিত্তটা বোল আনা সুসম্পূর্ণ হয়েছে।’

শ্রীমতী ঘোষ ঢুলে পড়লো বিছানায়। ছুটে গেল উমা, শ্রীমতীকে ধরে বাঁকি দিতে দিতে বলে উঠল—‘জয়া এই জয়া, শুনছিস? কি হল তোর?’

বিমলবাবু ততক্ষণে খাড়া হয়ে দাঁড়িয়ে পড়েছেন। ব্যাগারটা তিনি বুঝতেই পারছেন না, কি একটা বলতে গিয়ে হাঁ করে আছেন। ডাক দিলাম আমি উমাকে—‘কিছুই হয়নি ওঁর। ঐ কলিং বেলটা টেপ। হোটেলের লোক আসবে। তাকে একটু ওষুধ আনতে বলব। খাওয়ালেই উনি সুস্থ হয়ে উঠবেন।’

তাই হল, হোটেলের লোকটি আসতে তাকে বলে দিলাম মেমসাহেব যা খাচ্ছেন তাই একটু আনবার জন্তে। তিন মিনিটের মধ্যে একটা গ্লাসে ছটাক খানেক তরল পদার্থ নিয়ে এল সে। বাকী কাজটা আমাকেই করতে হল। টেনে তুলে বসালাম, গেলাসটা ঠোঁটের ফাঁকে লাগিয়ে অল্প একটু ঢেলে দিলাম। ঘুম ভাঙতে লাগল। আস্তে আস্তে সবটুকু গিলে চোখ মেলে তাকালেন শ্রীমতী ঘোষ। তাকিয়ে একটু হকচকিয়ে গেলেন।

জিজ্ঞাসা করলাম—‘এই রকম নেশা কবেন, জেলে থাকেন কি করে? সেখানে এ সমস্ত জোটে কি ভাবে?’

ষাড় নেড়ে জবাব দিলেন—‘মোটাই জোটে না। তা ছাড়া নেশা তো করি না আমি, কোথায় পাব যে খাব। বসন্তর এক বন্ধু আছে ম্যারীন্ এন্জিনিয়ার। সে এনে দিয়েছে একটা বোতল পোল্যাণ্ডের ভোদকা। আজ খাচ্ছি একটু একটু। ভয়ঙ্কর জিনিস, চড়াক করে মাথায় উঠে যায়।’

বিমলবাবু বললেন—‘আবার তো সেই জিনিসই খেলেন, খেয়ে সুস্থ হয়ে উঠলেন, বেশি খেলে শেষ পর্যন্ত আর সেল ফিনবে না।’

‘তা নয়, এ জিনিসের একদম উপ্টো ফল। পেগ চাবেক পেটে পুরতে পারলে আগুন জ্বলে ওঠে শবীবের মধ্যে। নেশা তো হয়ই না, দিন চাব পাঁচ একদম না ঘুমিয়ে কাটে।’ বলে শ্রীমতী ঘোষ উঠে পড়লেন। উমাব দিকে তাকিয়ে বললেন—‘ঘুমিয়ে পড়িনি আমি, কি রকম একটা আচ্ছন্ন ভাব, সবই শুনছি বুঝতে পারছি, কিন্তু নড়তে পারছি না, চোখ মেলেতে পারছি না, কথা বলতে পারছি না। যেন স্বপ্ন দেখছি। স্বপ্নে শুনলাম কে আমাকে জয়া বলে ডাকল। জয়া অনেকদিন আগে নিরুদ্দেশ হয়ে গেছে। বিশ্বাস না হয় জিজ্ঞাসা কর ঐ লেখক মশাইকে। জয়াকে জাহুবী বানিয়ে উনি নিরুদ্দেশে পাঠিয়ে ছেড়েছেন। আপদের শাস্তি হোয়ে গেছে।’

ঠোঁট দুখানি নড়তে লাগল উমার, কথা বলতে পাবল না। দুটি চোখ জলে ভরে উঠল।

ইঠাং জয়া খুড়ি স্রীমতী বেলা ঘোষ ব্যস্ত হোয়ে উঠলেন—‘কট্টা বাজল?’

বিমলবাবু ঘড়ি দেখে বললেন—‘আটটা বেজে গেছে। আচ্ছা, আবার দেখা হবে। সাবধানে থাকুন। জামিনে আছেন তো। ছুতো পেলেই জামিন নাকচ করে দেবে! তবে মামলা আমরা লড়বই। ঐ বসন্ত ঘোষকে বিষ খাইয়ে মাঝবার বদনামটা নিয়ে এবার আপনি বুটমুট জেলে যেতে পাবেন না।’

ঝগড়া মিটে গেল। প্রমাণ কবে চাড়লে উমা যে সত্যিই আমি একটা লেখাও ভাল কবে শেষ করতে পাবি নি। জাহ্নবীকে নিকদ্দেশে পাঠিয়ে আমি ফাঁকি দিয়েছিলাম। ফাঁকিটা আমার চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিল সে।

ইটওয়ালার সঙ্গে লেখকের তফাতটা কোথায় স্পষ্ট বুঝতে পাবলাম। ইটওয়ালার জানে যে তার ইট দিয়ে ইমারত খাড়া হয়ে গেছে। সেই ইমারতটা মন্দির না মসজিদ না গির্জা তা নিয়ে তার মাথা ঘামাবার দরকার কি! কোন পাজার ইট দিয়ে কলংইখানা বানানো হল, কোন পাজার ইট দিয়ে বেঙ্গালয় তৈরী হল, তাতে ইটওয়ালার কি আসে যায়।

লেখকের বরাত খারাপ। যে চরিত্রটিকে আদর্শ ব্রহ্মচারী বানিয়ে গল্প শেষ করলাম ভবিষ্যতে সে হয়তো ধরাধরি করে এক-খানি রেশনের দোকানের লাইসেন্স বাগিয়ে ধর্মপথে থেকে চাল-গমে পবিত্র পাথরকুচি মিশিয়ে গুছিয়ে নিতে লাগল। যাকে বানালাম দারুণ কড়া মেজাজের অধিকারী এক দাবোঙ্গা, চাকরি করতে করতে সংপথে থেকে যৎসামান্য কিছু উপার্জন কবে, সেই চরিত্র, লাখ পাঁচেক টাকা খরচা করে খুলে দিলে এক অনাথা বিধবাদের আশ্রম। একুশ

বছর বয়সে বিধবা হয়ে যে মেয়ে সাতচল্লিশ বছর পর্যন্ত থান পরলেন নিরামিষ খেলেন একাদশীতে জল পর্যন্ত মুখে দিলেন না তাঁকে নিয়ে গল্প শুক করেও নিশ্চিন্ত হবার উপায় নেই। যেখানে শেষ করলাম গল্প সেখান থেকেই আবার শুক করে দিলেন তিনি। দশ বছর পরে আর চেনবার উপায় নেই। ভোট লড়ে উপমন্ত্রী হয়ে গেলেন, ফলে ভি. আই. পি. মহারাজদের সঙ্গে আস্ত আস্ত মুরগী সহযোগে ডিনার খেতে খেতে বেহুদা মোটা হয়ে বসলেন।

কথাটা হচ্ছে, লেখকের কাববার মানুষ নিয়ে, ইট নিয়ে নয়। বালি সিমেন্ট দিয়ে ইট গেঁথে ফেলা যায়, মানুষ গাঁথবার মশলা আজও আবিস্কৃত হয়নি। চলমান জীবন, কবি ভাবী মজার গান গেয়েছেন, এ কূল ভাঙে ওকূল গড়ে এই তো নদীর খেলা। জীবন নদীতে বাঁধ দেবে! হরদম তাব এ কূল ভাঙছে ও কূল গড়ে উঠছে।

ঝগড়াটে উমা আবাব যেদিন এল আমার সঙ্গে ঝগড়া কবতে সেদিন ওকে জীবন সম্বন্ধে ছুটো দানী কথা বলতে গেলাম— ‘ব্যাপারটা কি জান, তুমি আমি তোমার আমার মত অনেক মানুষ খুঁটি আঁকড়ে ধবে বেঁচে আছে, জীবন-নদীর উদ্ভাল তরঙ্গে ভেসে যাচ্ছে না। কিন্তু ওবা মানে ঐ জয়াবা থেমে থাকতে জানে না, ওরা ভেসে চলেছে। বড় গ্রাম বড় নগর বিস্তার আকাশ ওবা দেখবে। তাবপর একদিন সাগরে গিয়ে পড়বে। সত্যিকারের কথাটা হচ্ছে, ওদেব জন্নই সার্থক। আমাদের মত একটা খুঁটিতে বেঁধে গিয়ে ওরা পচে মরছে না। চোখের জল যদি খবচা করতে হয় আমাদের মত অভাগা-অভাগীদের জন্তে করা উচিত। ওদের জন্তে চোখের জল ফেললে সেটা না হোক বাজে খবচা হবে।’

গম্ভীর ভাবে উমা বলল—‘ঐ কথাটা জয়াও বললে। কোর্টে গিয়েছিলাম, আজ ওর মামলার বায় বেরল। তিনদিন ধরে মাথা কুটেছি পায়ে, তবে রাজী হয়েছেন উনি। নামজাদা উকিলের স্ত্রী

আমি, একটা খুনে মেয়েমানুষের সঙ্গে দেখা করতে যাচ্ছি আদালতে, স্বামীর মান-সম্মান জাহান্নমে যাবে। শেষ পর্যন্ত রাজী হলেন। জয়ার সঙ্গে আমার কি সম্বন্ধ সবই বলতে হল। বায় দেবার আগে জজসাহেব দেখা করতে দিলেন। একটি কথাও হল না, জয়া শুধু ঐ কথাটাই বললে—আমার জন্তে চোখের জল ফেলিস নে ভাই, আমি বেঁচে গেলাম, বাকি জীবনটা শান্তিতে কাটাতে পারব।’

‘বাকি জীবনটা!’ আঁতকে উঠলাম আমি—‘বাকি জীবনটা মানে কি?’

‘গাবজীবন কারাদণ্ড হল কি না। মরবার আগে সেই ব্যবস্থাই করে গেছেন ওব সেই বাচ্চা স্বামীটি। ঘুমোচ্ছিল বেচারা হাঁ করে, জয়া তার মুখের মধ্যে অ্যাসিড ঢেলে দিয়েছিল।’

‘কি বললে! কোথায় পেল আবার তাকে জয়া?’

‘লুকিয়ে লুকিয়ে তিনি জয়ার কাছে আসতেন। ওধারে জেলের বাপ-ভেলে,ক বিষ খাইয়ে মারতে চেষ্টা করার দরুণ মামলা জুড়েছেন। সেই যে বলেছিল জয়া, কয়েকটা জরুরী কাজ আছে তার, তাই সে জামিনে খালাস থাকতে চায়। সেই জরুরী কাজটা হোল ঐ। স্বামীটিকে পাশে শুইয়ে ঘুম পাড়ানো। তারপর তার মুখে অ্যাসিড ঢেলে দেওয়া। কাজটি শেষ কবে খুব খুলী হয়ে জেলে গিয়ে ঢুকে পড়ল। বাকী জীবনটা শান্তিতে কাটাবে।’

‘সেই ছোকরাটা কি ভূতের বাচ্চা নাকি? কেন সে লুকিয়ে লুকিয়ে যেত জয়ার কাছে?’

উমা জয়ার কথাটাই আবার আঙড়াল—‘পিপড়ের ডানা গজালে আঙুনে এসে ঝাঁপ দেবেই।’

গল্পটা কি শেষ হল।

খুবই ইচ্ছে হল জিজ্ঞাসা করতে উমাকে, গল্পটা তার মনের মত হয়ে শেষ হল কিনা। খুবই অস্থায় করেছিলাম আমি জাহ্নবীকে

নিকদ্ধেশে পাঠিয়ে । উমা বলেছিল, লেখক হলে যে মানুষ নিজেকেই সব চেয়ে বেশী ঠিকায়—এটা সে জানত না ।

হ্যাঁ, ঠিকিয়েছিলাম বইকি নিজেকে । আমার মনগড়া চরিত্র ছিল জাহ্নবী, জয়া তো মনগড়া চরিত্র নয় । জয়া রক্তে-মাংসে-গড়া আস্ত একটি নারী, যে নাবী তার নারীত্বের সঙ্গে চব্বম ছশমনি করলে ।

কেন করলে ?

এ প্রশ্নের জবাব কে দেবে ।

ছনিঘাটা লেখকের মর্জি মার্কিন ঘুপপাক খাচ্ছে না । অন্তরীক্ষে বসে এক ছ্যাবলা বেদিয়া ছুনিয়া সুদ্ধ সুগ্রীবের বংশধরদের কোমবে দড়ি খিঁচে নাচাচ্ছে । নাচাতে নাচাতে মারলে এক হেঁচকা টান, খেল খতম হয়ে গেল । লেখকের কাজও শেষ, রক্তে-মাংসে গড়া জীবদের নিয়ে লেখকের কাববান নয় । বাঁশ খড় দড়ি দিয়ে প্রতিমার কাঠামো বানিয়ে তাব ৬পন মাটি চাপিয়ে যে কপ গড়ে তোলে কুস্তকার সেই কপটি জন্মায় তার মন থেকে । বাঁশ দড়ি খড়ের কাঠামো আর রক্তে-মাংসে-গড়া জীব দুইই সমান । লেখক রক্তে-মাংসে-গড়া কাঠামোর গায়ে যাঁ চাপিয়ে বঙ ফলায় সেই জিনিসটিও তার মনের মধ্যে জন্মায় । ইচ্ছে হয়, বল তাকে মনের মাটি, ঠাণ্ডা নবম মাটি, ঐ মাটিকেই বোধ হয় বিজ্ঞ জনে মনের মাধুবী বলে থাকে ।

জয়ার দরকাব পড়েছিল প্রতিশোধ নেবার । নিজের নারীত্বের ওপর প্রতিশোধ নিলে সে ।

কেন ?

মাস ছ'য়েক পরে কেন-ব জবাবটি পেয়ে গেল উমা । চিঠিখানা হাতে কবে স্বামী সহ আমার কাছে এল । জেল থেকে তার প্রাণের বান্ধবী জয়া চিঠিখানি তাকে লিখেছে । মাত্র পাঁচটি লাইন, যার প্রথম কথা হোল, লেখককে বিশ্বাস করবিনা । লোকটা আস্ত কঁদুকিবাজ, জীবনকে পাশ কাটিয়ে বাঁচতে চায় । বীরেশ্বর তাকে

ঠকাতে পারেনি, ঠকিয়েছে ঐ লেখক। তখন অবশ্য লোকটা লেখক হয়নি, সিনেমার টিকিট বেচত। কিন্তু ভবিষ্যতে যে লেখক হবে তাই কাকি দেওয়া কর্মটি তার ধাতস্থ ছিল। তাই সে জীবনকে পাশ কাটিয়ে পালিয়ে বাঁচল। লেখককে কিছুতেই বিশ্বাস করবি না, জয়ার চিঠির শেষ কথাটাও ঐ।

বিমলবাবু জানতে চাইলেন কি হয়েছিল।

জবাব দিতে পারলাম না।

‘গান শোনার নেশা আছে?’ জিজ্ঞাসা করলেন বিমলবাবু।

মাথা নাড়লাম, অর্থাৎ নেই।

‘চলুন আমার সঙ্গে আপনাকে ভাল গান শুনিয়ে আনিগে। টপ্পা শুনবেন, ঠুংরি শুনবেন, টপ্পা ঠুংরি শুনে মেজাজ শরীফ করে ফিরে আসবেন।’

‘হঠাৎ টপ্পা ঠুংরি শুনতে যাব কেন?’

‘ঐ চালেই তো আপনারা মানে লেখকরা চলেন। হালকা চালের গান টপ্পা ঠুংবি, তাই বলছিলাম—’

উমা এক ধমক দিয়ে স্বামীকে থামাল—‘চুপ কর তো, কাটা ঘায়ে স্থনের ছিটে দিতে হবে না।’

খেই হারিয়ে গেল।

জয়াকে আর খুঁজ পাবার উপায় নেই, জাহ্নবীকেও নয়। খেই হারিয়ে গেল।

এই ভাবেই আমার সব গল্পের খেই হারিয়ে যায়। লেখক জীবনের ঐ খেই হারানোই হচ্ছে সব থেকে মারাত্মক বিড়ম্বনা।

রাত এখন অনেক। ঘুমে জড়িয়ে আসছে চোখের পাতা। পাশের বাড়িতে একটি বউ চাপা গলায় গাইছে—

স্বপন না ভাঙে যদি শিয়রে জাগিয়া রব।

‘পন কথাটি মম নয়ন সলিলে কব ॥

হিমালী আর সিধু ক্ষেত্র চাটুজ্যেব পাল্লায় পড়ল কেমন করে !
জেনে আমার লাভটা কি হবে !

ঋবজ্যোতি সারকে মনে পড়ছে, বাববার সাবধান করে দিতেন,
খবরদার গৌজামিল দিসনে, গৌজামিল দেবাব চেষ্টা কবেছিস কি
মবেছিস । হিসেব মিললেও প্রবলেম সলুত হবে না ।

গৌজামিল দিতে নিষেধ কবেছিল আব একজনও । সে
সানুদি । শ্রীকুন্দন কিষণজীর জীব ওজন একশ' পঞ্চাশ কিলো
আব সানুদিব ওজন ছিল মোটে চল্লিশ । ছুটোকে মেলাতে
গেলে একটা বড় রকমেব গৌজামিল দিতে হয় । অতোটা
গৌজামিল কি দেওয়া সম্ভব !

নিশিকাস্তদা খুনী না নিজেই খুন হয়েছেন ! যদি খুন না
হয়ে থাকেন তবে বিলিতি খববেব কাগজে যে খবরটা বেবিয়েছিল
তাব সঙ্গে কোন সম্পর্ক আছে নাকি তাব ! বাবিষ্টাব মিসেস মিত্র
তাব খোগীগুরুব পায়েব কাছে বসে আছেন এমন একটা ছোট
ছবিও ছাপা হয়েছিল কাগজে । তাহলে সেই ছবিটাকে আমি
ঠিক চিনে উঠতে পাবলাম না কেন ?

চিনু লাহিড়ী তাব আয়জীবনী লেখাবার জন্য আমাবই কাছে
এল কেন ? আব এলোই যদি তাহলে শেষ পর্যন্ত ঝিঝিব কি হল
সেটুকু চাপা দেবাব চেষ্টা কবল কেন ?

আমার অনুবোধে বজত্যাতিকে একটা বচ দিতে বাজী
হয়েছিলাম । সে বচ আব দেওয়া হল না ।

নাযক মান্না আব হিমালী ওদেব বিবাহ-বার্ষিকীতে নেমতন্ন
কবেছে আমাকে । বক্তৃতা দিতে হবে । বক্তৃতাটা গুহিয়ে লিখে
নিয়ে গেলে কেমন হয় !

ঘুমের অবশেষে আবাব গানে মন দিলাম । বউটি গাইছে—

যদি আনমনে চলে যাও মোব গান নাহি গাও

বেদনা লুকায়ে বাখি বচিব দীপালী নব ॥

ফুল হয়ে ছিছু যবে নিলে না চয়ন করি-

ও চরণ পাব বলে মলিন হইয়া ঝরি ॥

ঠিক । লুকিয়ে রাখতে হবে বেদনা । লুকিয়ে রাখতে না পারলে
বেদনার মাধুর্যটুকু নষ্ট হয়ে যাবে ।

মলিন হয়ে ঝরে যাচ্ছে ফুল, অভিমানে মলিন হয়ে ঝবে পড়ছে !
কেউ চয়ন করে নিচ্ছে না বলে তার অভিমান ।

ঝবে পড়ছে কিন্তু মস্ত বড় একটা আশা নিয়ে । সেই আশাটি
হল, যে তাকে চয়ন কবে নিলে না সে তাকে মাড়িয়ে চলে যাবে ।
তোফা তোফা—

তোমার আকাশ মাঝে চাঁদ হতে চাহি না যে

শুকতারা আমি আজ— দিগন্তে ঠাই লব ॥

স্বপন না ভাঙে যদি---

ঘুমিয়ে পড়লাম ।